



উত্তরবঙ্গ সংবাদ



সেনসেন্স : ৭৯,২১২.৫৩
নিফটি : ২৪,০৩৯.৩৫
(-৫৮৮.৯০) (-২০৭.৩৫)

রিভিউ পিটিনশন অনিশ্চিত
প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিলের রায়ের
ওপরি সরকার ও এসএসসির রিভিউ পিটিনশনের আর্জি শুক্রবারও
অনিশ্চিত হয়ে রইল।

আজকের সন্ধ্যা তাপমাত্রা
শিলিগুড়ি ৩৬° সর্বোচ্চ ২৩°
সর্বনিম্ন ১০°
জলপাইগুড়ি ৩৬° সর্বোচ্চ ২৩°
সর্বনিম্ন ১০°
কোচবিহার ৩৫° সর্বোচ্চ ২২°
সর্বনিম্ন ১১°
আলিপুরদুয়ার ৩৫° সর্বোচ্চ ২২°
সর্বনিম্ন ১১°

সম্মানস্বায়ী রুখতে
ঐক্যের বাতা
রাহুলের মুখে

কাশ্মীরি কলমে

আবার
আমরা
পেছনের
দিকে চলে
গেলাম

জাভেদ রাঠোর
বারানুজ্জামান বাসিন্দা

পহলগামের
ঘটনা আমাদের
কাশ্মীরিদের
বুকে
আঘাত
করেছে।
ঘটনার পর থেকে
আমি
ঠিকমতো
খেতে পর্যন্ত পারছি না। যা ঘটনা
ঘটেছে, সেটা নিন্দা করার
ভাষা
নেই। আমি এখানে দিনে প্রায় ৫০
হাজার টাকার ব্যবসা করি। রাষ্ট্র যদি
বলে তাহলে ব্যবসা ছেড়ে বন্দুক
নিয়ে সীমান্তে চলে যাব।
আমাদের সর্বনাশকারীদের
বিরুদ্ধে লড়াই করার জন্য।
আসলে একটা পক্ষ
কোনওদিনই চায় না, কাশ্মীরের
অর্থনীতির উন্নতি হোক। ৩৭০ ধারা
ওঠার আগে কাশ্মীরে জঙ্গিদের
প্রভাব অনেকটাই ছিল। আমি
নিজের বাড়ির বাইরে পর্যন্ত অটো
বের হতাম না। সেই ধারা ওঠার
পর আমরা স্বাধীন হয়েছিলাম।
শিলিগুড়িতে এসে আড়তে বন্ধুর
সঙ্গে অংশীদারিত্বে ব্যবসা করছি।
'বেকার' কথাটা আমাদের কাশ্মীরি
খেকে চলে গিয়েছিল। একটা
কথা এখানে বোঝানো প্রয়োজন,
আমাদের ওখানে অর্থনীতির ২০
শতাংশ নিরর্থন করে ফেল ও শুকনো
খাবারের ব্যবসার ওপর। বাকি ৮০
শতাংশই নির্ভর করে পর্যটনের
ওপর।

গত তিন বছরে পর্যটনকারী
মন
খুলে আসায়, আমাদের ওখানে
কেউ বেকার ছিলাম না। কোথাও
জায়গা খালি না থাকায় বাড়িতে
পর্যন্ত আমাদের পর্যটকদের অনেককে
জায়গা দিয়েছি। এই কারণে এবারের
জঙ্গি আক্রমণ এতটা আমাদের কষ্ট
দিয়েছে। এই ঘটনার পর আমাদের
ওখানে আর পর্যটকরা যাবেন না।
ফের বেকারত্ব বাড়লে তরুণ প্রজন্ম
ভুল পথে যাওয়ার সম্ভাবনা থাকবে।
কী থেকে কী হয়ে গেল, এখনও
বুঝে উঠতে পারছি না। আবার
আমরা পেছনের দিকে চলে গেলাম।
আর এসবের মধ্যে গোট্টা
দেশবাসীর কাছে আমরারই খারাপ
হচ্ছে। আমরা সব দিক দিয়েই
যেন খারাপ। কাশ্মীরি যেন এখন
গোট্টা দেশের কাছে কলঙ্ক হয়ে
দাঁড়িয়েছে। পহলগামকে আমরা
'মিনি সুইজারল্যান্ড' বলে থাকি।
ওই জঙ্গিরা তে সীমান্ত পেরিয়েই
এসেছে। সীমান্তরক্ষীদের আরও
সতর্ক থাকা প্রয়োজন ছিল। যে
জায়গায় ওই আক্রমণ হয়েছে,
সেটা অনেকটাই উঁচু জায়গা।
সেখানকার ঢেক পর্যন্ত অনেকটা
দূরে। উদাহরণ হিসেবে বলা যেতে
পারে, শিলিগুড়ি জঙ্গি আক্রমণের
ওই জায়গা হল, দুধিয়া হল ঢেক
পর্যন্ত। জঙ্গিরা জঙ্গলের মধ্যে দিয়ে
এসে হামলা করেছে।
ঘটনার পর থেকে হিন্দু-মুসলিম
নিয়ে যে তর্জা শুরু হয়েছে, সেটা
আরও বেদনাযাগক।

এরপর দশের পাতায়

নজরে উত্তর-পূর্ব ভারত

পহলগাম হামলার বদলায়
পাকিস্তান সীমান্তে ভারতীয় সেনা
তৎপরতা বাড়তেই উত্তর-পূর্ব
ভারতে নাশকতার ছক জঙ্গিদের

সেনাকে ব্যতিব্যস্ত রাখতেই উত্তর-
পূর্ব ভারতে নাশকতা হতে পারে
বলে আশঙ্কা

ভারতীয় সেনা ছাড়াও বিএসএফ,
এসএসবি, আসাম রাইফেলস,
সিআরপিএফ সহ সমস্ত আধাসামরিক
বাহিনীকে অতিসতর্ক থাকতে নির্দেশ
কেন্দ্রের, জারি লাল সতর্কতা

অসম, মণিপুর, মেঘালয় এবং
অরুণাচলপ্রদেশের 'অতিস্পর্শকাতর'
প্রায় ৮০টি এলাকায় তল্লাশি শুরু

উত্তরবঙ্গের বাংলাদেশ
সীমান্তে নজরদারিত হতে গতি হলে
বিএসএফের বিশেষ দল

সক্রিয় করা হয়েছে
সেনার চারটি ড্রোন
স্কোয়াড্রনকে। পাহাড়ে
যুদ্ধে সক্ষম সেনার
বিশেষ দলের মহড়া শুরু
সিকিমে

লাল সতর্কতা



কী আশঙ্কা

উত্তর-পূর্বে নাশকতায় হাকানি
গ্রুপের নেটওয়ার্ক ব্যবহার করতে
পারে ভারতবিরোধী শক্তিগুলি।
লস্কর-ই-তেবা, জইশ-ই-মুহাম্মদ
এবং আল-কায়েদা (ভারতীয়
উপমহাদেশ)-র সঙ্গে হাত
মিলিয়ে নাশকতা হতে পারে

মায়ানমার এবং বাংলাদেশ
হয়ে মণিপুরের বেশ কিছু
জঙ্গিগোষ্ঠিতে আল-কায়েদা এবং
হাকানি গ্রুপের সহযোগী সংগঠনের
সদস্যরা আশ্রয় নিতে পারে



উদ্ধার বোমা-বারুদ

গত ৪৮ ঘণ্টায় সেনা এবং পুলিশের
অভিযানে উত্তর-পূর্ব ভারতের
বিভিন্ন অংশ থেকে গ্রেপ্তার ২৮
জঙ্গি, উদ্ধার আইইডি, হ্যান্ড
গ্রেনেড, একে সিরিজের
বহু রাইফেল, রেডিও
ওয়্যারলেস, স্মোক শেল সহ
প্রচুর অস্ত্র এবং গোলাবারুদ

গত ২৪ ঘণ্টায় ইন্দো-
মায়ানমার সীমান্তে উদ্ধার ৫৬টি
চোরাই গাড়ি। নাশকতার কাজে ওই
গাড়িগুলো ব্যবহারের আশঙ্কা



খুলিয়ায় পহলগাম হামলায় জড়িত আসিফ শেখের বাড়ি। শ্রীনগরে শুক্রবার। -এএফপি

হত লক্ষের কমান্ডার বিস্ফোরণে নিশ্চিহ্ন দুই জঙ্গির বাড়ি

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি,
২৫ এপ্রিল : পহলগাম হামলার পর
কেন্দ্রের কড়া পদক্ষেপ। একদিকে
হামলাকারীদের খোঁজে কাশ্মীরজুড়ে
জোরপূর্ব তল্লাশি অভিযান শুরু
হয়েছে। অন্যদিকে, ভারতে থাকা
পাকিস্তানি নাগরিকদের দেশে ফেরত
পাঠাতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত
শা রাজ্যগুলিকে নির্দেশ দিলেন।
শুক্রবার তিনি প্রায় ৪০ মিনিট ধরে
সবকিছু রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে
কথা বলেন। তাঁর স্পষ্ট নির্দেশ,
রাজ্যগুলিতে থাকা পাকিস্তানি
নাগরিকদের খুঁজে বার করে অবিলম্বে
দেশে ফেরত পাঠাতে হবে। এক্ষেত্রে
সীমান্তবর্তী তিন রাজ্য পশ্চিমবঙ্গ,
পঞ্জাব ও রাজস্থানে বিশেষ নজর
দেওয়া হয়েছে।

কেন্দ্রের সিদ্ধান্ত অনুযায়ী,
পাক নাগরিকদের জন্য জারি করা
১৭ ধরনের ভিসা বাতিল করে
দেওয়া হয়েছে। শুধু চিকিৎসার
কারণে ভারতে আসা পাকিস্তানিদের
দেশেই ভিসা ২৯ এপ্রিল পর্যন্ত বৈধ
থাকবে। তবে নির্দেশিকায় স্পষ্ট করা
হয়েছে, পাকিস্তান থেকে আসা হিন্দু
শরণার্থীদের মধ্যে যাদের দীর্ঘমেয়াদি
ভিসা রয়েছে, তাদের বিরুদ্ধে কোনও
ব্যবস্থা নেওয়া হবে না। তাঁদের
ভিসা বৈধ থাকবে। এই পদক্ষেপ
কার্যকর করতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব
গোবিন্দমোহন শুক্রবারই সমস্ত

রাজ্যের মুখ্যসচিবদের সঙ্গে ভিডিও
কনফারেন্সে বৈঠক করেছেন।
এদিকে, ভারতের চাপের মুখে
পাকিস্তান আক্রমণাত্মক মনোভাব
বজায় রাখার চেষ্টা চালিয়ে যাচ্ছে।

পাক-কথায় বিতর্ক

পহলগামে পর্যটকদের
হত্যাকারীদের 'স্বাধীনতা
সংগ্রামী' হিসেবে উল্লেখ
পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী
মহম্মদ ইশাক দার

২৭ জুনকে হত্যার
নেপথ্যে ইসলামাবাদের
কোনও ভূমিকার কথা ইশাক
দার স্বীকার করেননি

পাকিস্তানের সেনার নির্দিষ্ট
কয়েকটি ইউনিটকে সক্রিয়
হওয়ার বাতা দিয়েছেন
পাক সেনাপ্রধান জেনারেল
আসিম মুনির

আন্তর্জাতিক সীমান্ত ও নিয়ন্ত্রণের
দুই জায়গাতেই পাক সেনাবাহিনী
মোতায়েন শুরু করেছে। যুদ্ধবিরতি
চুক্তি ভেঙে সীমান্ত পার থেকে
ধারাবাহিক গোলাবর্ষণ চলছে। পাক
সেনা ও রেঞ্জার শুক্রবার গভীর রাত

থেকে পৃষ্ঠ সেক্টরে ভারী মর্টার থেকে
গোলা ছুড়তে শুরু করে। দিনভর
তা চলছে। ভারতীয় বাহিনী পালটা
জবাব দিয়েছে। তবে দু'পক্ষে কোনও
হতাহতের খবর নেই। বিএসএফ
শুজরাট, রাজস্থান ও পঞ্জাব সীমান্তে
নজরদারি বাড়িয়েছে। রাজস্থানের
মরু এলাকায় ভারতীয় সেনার
সামরিক গতিবিধি নজরে এসেছে।
কাশ্মীরেও যৌথ বাহিনীর অভিযানের
তীব্রতা বেড়েছে। বারানুজ্জামান
ও বালিগোয়ার সেনা-জঙ্গি সংঘর্ষ
শুরু হয়েছে। বালিগোয়ার জঙ্গলে
নিরাপত্তাবাহিনীর সঙ্গে সংঘর্ষ
লক্ষণের শীর্ষস্থানীয় কমান্ডার
আলতাফ লাহির মৃত্যু হয়েছে।
জঙ্গিদের গুলিতে দুই পুলিশকর্মী
আহত হয়েছেন। ওই এলাকায় আরও
জঙ্গি লুকিয়ে রয়েছে বলে সন্দেহ
করা হচ্ছে। সেনা-পুলিশের যৌথ
বাহিনী এদিন রাতের তিনটে ফোন
তল্লাশি অভিযান চালাচ্ছে। সেনাপ্রধান
জেনারেল উপেন্দ্র দ্বিবেন্দী শুক্রবার
কাশ্মীরে পৌঁছেছেন। নিরাপত্তা ব্যবস্থা
নিয়ে শীর্ষ সেনাকর্তাদের সঙ্গে তিনি
বৈঠক করেন।
গোয়েন্দা সূত্রে খবর, সম্মানস্বায়ী
সংগঠন লস্কর-ই-তেবার জঙ্গিরাই
হামলার জন্য দায়ী বলে পহলগাম
হামলার প্রাথমিক তদন্তে ইঙ্গিত
মিলেছে। ঘটনার পিছনে লস্কর
এরপর দশের পাতায়

ভারতকে সাঁড়াশি চাপে ফেলতে চায় জঙ্গিরা

শুভঙ্কর চক্রবর্তী

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : পহলগামের পর এবার
চিকেন নেককে টার্গেট করে উত্তর-পূর্ব ভারতে নাশকতার
ছক জঙ্গিদের। পহলগাম হামলার বদলায় পাকিস্তান
সীমান্তে সেনা তৎপরতা বাড়তেই ভারতকে চাপে রাখতে
চিকেন নেককে টার্গেট করে ছক কষা হচ্ছে বলেই মনে
করছেন গবেষকরা। তাদের মতে, ভারতীয় সেনাকে
সাঁড়াশি চাপে ফেলতেই দেশবিরোধী শক্তিগুলি তৎপর
হয়েছে। তাই চিকেন নেক সহ উত্তর-পূর্ব ভারতের
নিরাপত্তায় জারি করা হয়েছে লাল সতর্কতা। ভারতীয়
সেনা ছাড়াও বিএসএফ, এসএসবি, আসাম রাইফেলস,
সিআরপিএফ সহ সমস্ত আধাসামরিক বাহিনীকে অতি
সতর্ক থাকতে নির্দেশ দিয়েছে দিল্লি।

দিল্লির নির্দেশ পাওয়ার পর উত্তর-পূর্ব ভারতের
'অতিস্পর্শকাতর' প্রায় ৮০টি এলাকা চিহ্নিত করে তল্লাশি
শুরু করেছে সেনা ও আধাসামরিক বাহিনী। তাতেই গত
৪৮ ঘণ্টায় গ্রেপ্তার হয়েছে ২৮ জন জঙ্গি। উদ্ধার করা
হয়েছে আইইডি, হ্যান্ড গ্রেনেড, একে সিরিজের বহু
রাইফেল, রেডিও ওয়্যারলেস, স্মোক শেল সহ প্রচুর অস্ত্র
ও গোলাবারুদ। গত ২৪ ঘণ্টায় ইন্দো-মায়ানমার সীমান্তে
উদ্ধার হয়েছে ৫৬টি চোরাই গাড়ি। নাশকতার কাজে ওই

নিজের পরিবার
সম্পূর্ণ করুন...
IVF • IUI • ICSI
নিউলাইফ
ফার্টিলিটি সেন্টার
৭৪০ 740 0333 / 0444
শিলিগুড়ি
মালদা
কোচবিহার

গাড়িগুলো ব্যবহারের আশঙ্কা করছেন সেনা গবেষকরা।
বৃহস্পতিবার পূর্ব ইন্দুপুত্র থেকে অস্ত্র সহ এক জঙ্গিকে
গ্রেপ্তার করে মণিপুর পুলিশের বিশেষ দল। তাকে
জিজ্ঞাসাবাদ করে চাক্ষুষকর তথ্য পান সেনা গবেষকরা।
জানা যায়, উত্তর-পূর্বে নাশকতায় হাকানি গ্রুপের
নেটওয়ার্ক ব্যবহার করার ছক কষছে ভারতবিরোধী
শক্তিগুলি। লস্কর-ই-তেবা, জইশ-ই-মুহাম্মদ এবং আল-
কায়েদা (ভারতীয় উপমহাদেশ) এর সঙ্গে পরিকল্পনা করে
নাশকতা হতে পারে। সেই পরিকল্পনাতে মায়ানমার
এবং বাংলাদেশ হয়ে মণিপুরের বেশ কিছু জঙ্গিগোষ্ঠিতে
এরপর দশের পাতায়

গুণমতি ভাঙা নিয়ে তুমুল উত্তেজনা বর্ধমান রোডে

রাহুল মজুমদার

শিলিগুড়ি, ২৫ এপ্রিল :
বর্ধমান রোডের সন্তোষীনাগর মোড়
সংলগ্ন এলাকায় রাস্তার ধারে থাকা
গুণমতি গুণমতি দোকান ভাঙতে গিয়ে
রীতিমতো বেগ পেতে হল শিলিগুড়ি
পুরনিগমকে। দিনভর হুজুতির পর
শেষে বলপ্রয়োগ করে ভাঙা হয়েছে
অবৈধ নির্মাণ। বলপ্রয়োগ করে
ব্যবসায়ী এবং তাঁদের পরিজনদের
গুণমতি থেকে সরিয়ে দেওয়া
ব্যাপক উত্তেজনা ছড়ায়। এলাকায়
থাকা একটি বেসরকারি ব্যাংক
লাগাতার টিল ছুড়তে থাকে
উত্তেজিত জনতা। পুলিশ এলাকায়
লাঠিচার্জ করে। বেশ কয়েকজনকে
আটক করে নিয়ে যায়। এরপরেও
এলাকায় উত্তেজনা ছিল। ফের
কয়েকজন এলাকাবাসী পুলিশের
সঙ্গে বচসায় জড়িয়ে পড়লে
পুলিশ তাঁদের মধ্যে একজনকে
টেনেহিচড়ে, চ্যাংদোলা করে
গাড়িতে তুলে নিয়ে যায়। এরপর
স্থানীয়দের এলাকা থেকে সরিয়ে
দিলে পরিস্থিতি স্বাভাবিক হয়।
শিলিগুড়ির মেয়র গৌতম
দেবের বক্তব্য, 'গরিব মানুষ, তাই
তাঁদের সঙ্গে আমি আগামীকাল কথা
বলতে চেয়েছিলাম। কিন্তু দুঃখজনক
ওঁরা কোনও কথাই শোনেনি।'
পুলিশের অসযোগিতার বিষয়টি
এখনও আমাকে জানানো হয়নি।'
শুক্রবার শিলিগুড়ি পুরনিগম
এবং ট্রাফিক পুলিশ শহরের বেশ
কয়েকটি এলাকায় অবৈধ নির্মাণ,
রাস্তা এবং ফুটপাথ দখলদারের
বিরুদ্ধে পদক্ষেপ শুরু করে।
মহাবীরস্থান, ধানা মোড় এলাকায়
ট্রাফিক পুলিশ রাস্তা এবং ফুটপাথ
দখলকারীদের সতর্ক করে এবং
সামগ্রী সরিয়ে দেয়। অন্যদিকে,
বাংকর মোড় সংলগ্ন এলাকা থেকে
রাস্তা দখল করে অবৈধ গুণমতির
এরপর দশের পাতায়

PICK & SAVE
SUPERMART
INDIA'S
#1
MOST TRUSTED
FINANCIAL SERVICES
BRAND 2025*
Muthoot Finance
গোল্ড লোন
প্রতিটি শুল্কহীন আপনজনদের মত ভরসা
2.5 লাখেরও+
গ্ৰাহকদের পরিষেবা
প্রদান করছে প্রতিদিন*
24 Ct সোনা
পান প্রতিটি
ট্রাঞ্জাকশনের উপর*
₹75 লক্ষ+
পর্বত পিক্‌ট ডাউটার
আর জিভুন সোনার মূর্তি*
অবিলম্বে লোন
7,000+
ব্রাঞ্চ*
7টি স্তরের সুরক্ষা
অনলাইন পেমেণ্ট
-এর সুবিধা
1800 313 1212
muthootfinance.com
Muthoot Family - 800 years of Business Legacy

বালাসনের চরে অবৈধ বসতি

রঞ্জিত ঘোষ

শিলিগুড়ি, ২৫ এপ্রিল :
রানানগর থেকে শুরু করে
পতিরামজোত পর্যন্ত বালাসন নদীর
বঁধ বরাবর প্রায় দেড় কিলোমিটার
এলাকায় নদীর চর প্রষ্টিং করে
বিক্রি হয়ে যাচ্ছে। গোট্টা এলাকায়
ভাঙাচোরা বঁধ থেকে নদী পর্যন্ত
চরজুড়ে প্রষ্টিং এবং নতুন ঘরবাড়ি
তৈরি হচ্ছে। এই ঘটনায়
মাটিগাড়ার তুমুল কংগ্রেস নেতাদের
একাংশ এবং জনপ্রতিনিধিদের
মিলিত সিঁড়িকেটের হাত রয়েছে
বলে অভিযোগ।
নদীর চর যে বিক্রি হচ্ছে তা
স্বীকার করে নিচ্ছেন মাটিগাড়া
গ্রাম পঞ্চায়তের প্রধান দীপালি
ঘোষদাস। তিনি বলেন, 'বালাসনের
চর এভাবে বিক্রি হয়ে যাওয়ার
ঘটনার প্রতিবাদে রানানগর, পতিরাম
এলাকার বাসিন্দারা আমার কাছে
মাস পিটিনশন দিয়েছিলেন। আমি

সেটা বিডিওর কাছে পাঠিয়ে ব্যবস্থা
নেওয়ার আবেদন জানিয়েছি।'
মাটিগাড়ার বিডিও বিশ্বজিৎ দাস
বলেন, 'আমরা রুক ভূমি ও ভূমি
সংস্কার দপ্তরকে এলাকার পরিস্থিতি
খতিয়ে দেখে ব্যবস্থা নিতে বলেছি।'
মাটিগাড়ার রুক ভূমি ও ভূমি সংস্কার
আধিকারিক ক্রিসেন্ট সি ভূটিয়া ফোন
না ধরায় তাঁর বক্তব্য পাওয়া যায়নি।
মাটিগাড়া হাসপাতাল সংলগ্ন
রেলস্টেট থেকে যে সরু রাস্তাটি
বদিকে নেমে গেল সেই রাস্তায়

লাখ লাখ টাকায় জমি বিক্রি



রানানগরে নদীর চরে তৈরি হয়েছে ঘরবাড়ি। -সংবাদচিত্র

শুঁটকি গুদামকে পিছনে ফেলে
সোজা এগিয়ে গেলেই বালাসন
নদীর বঁধ। এই বঁধে উঠে বদিকের
এগোলেই রানানগর। ডানদিকে নদী
এবং বাঁকের মাঝের বালিমাটিতে
নতুন নতুন বাড়ি, ঘর তৈরি হচ্ছে।
অনেক জায়গায় খুঁটি পোঁতা,
অনেক জায়গা আবার কংক্রিটের
ফাউন্ডেশন করে জমি চিহ্নিত করা
রয়েছে। এভাবে বঁধ ধরে রানানগর
পেরিয়ে পতিরামজোত পর্যন্ত প্রায়
দেড় কিলোমিটার এলাকাজুড়ে এক
চিত্র। মাঝে এক জায়গায় দেখা গেল
বাঁধ থেকে নদীর মাঝের জায়গায়
'সরকারি জমি' বলে রাজ্য সরকারের
বোর্ড বসানো রয়েছে। সেই বোর্ডও
প্রায় বছর আগেই প্রষ্টিং করা
হচ্ছে।
এখানে জমি কিনেছেন এমন
কয়েকজনের সঙ্গে কথা বলে জানা
গেল, তারা মাটিগাড়া, নকশালবাড়ির
বিভিন্ন এলাকা থেকে এখানে
এসেছেন। এরপর দশের পাতায়

সাদা কথায়

কীসের স্বস্তি!
যোগ্য তকমায়
শুধু অসম্মান,
অনিশ্চয়তা

গৌতম সরকার



এ এক দুঃসহ
অসহায়তা! কী
ভীষণ নিরুপায়!
চাকরিটা থাকবে
না জেনেও স্থলে
যেতে শুরু করলেন
শিক্ষকরা। বলা যায়, বাধ্য হলেন
যেতে। পহলগামে ধর্মীয় পরিচয়
জেনে নাকি কোতল করা হয়েছে
পর্যটকদের। বাংলায় যোগ্য শিক্ষক
পরিচয় যাদের, তাঁদের ঘাড়ের
ওপর চাকরি খতমের ফতোয়া
ঝুলছে। মেধার প্রতি কতটা অসম্মান
থাকলে ওই ফতোয়া দিয়ে স্থলে
যেতে বাধ্য করা যায়! যোগ্য বলে
'চিহ্নিত'দের চাকরি খতম হয়ে যাবে
৩১ ডিসেম্বর।

কীসের 'যোগ্যতা' তাহলে?
যোগ্যই যদি হবেন, তাহলে চাকরি
আর দশ মাস কেন? মেধার জোরে
নিযুক্ত শিক্ষকদের এই অসম্মান
করার অধিকার কে দিয়েছে? এরপর
রূপে ছাত্রদের সামনে দাঁড়ানোর
মনোবল থাকবে ওঁদের? যে ছাত্ররা
জানেন, তাদের ওই শিক্ষকের স্থলে
আমু আর মাত্র কয়েক মাস। যাদের
মেধাকে চ্যালেঞ্জ করা হয়েছে
আইনের ফাঁকি ফাকির গলে। যেহেতু
অযোগ্যদের চিহ্নিত করা যায়নি,
তাই যোগ্যরাও বাদ।
অভূত যুক্তি! চরম অপদার্থতা!
শুল্ক সার্ভিস কমিশন, মধ্যশিক্ষা
পর্ষদ, শিক্ষা দপ্তর জানেনই না কে
অযোগ্য, কে যোগ্য। তাই তালিকা
দিতে পারেনি আদালতে। পারেনি,
না দেয়নি- প্রশ্নটা উঠবেই। তালিকা
দিলে দুর্নীতির গোড়া ধরে টান
পড়তে পারে। তাই এত চাকচাক্য,
গুডেগুড। আদালতের এজলাসের
হাড়ুড়িটা আইনের জালে বাঁধা।
সেই সুযোগে যোগ্য-অযোগ্য মিশিয়ে
মুড়িমুড়িক একদর হয়ে গেল
আদালতের নিপত্তে।
এরপর দশের পাতায়

Quotation Notice Following Quotation Notice is hereby invited by the Office of the District Information & Cultural Officer, Cooch Behar (Dept. of I&CA) for sale of Unserviceable goods...

কাটিহার ডিভিশনের অধীনে ইঞ্জিনিয়ারিং কাজ ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং: কেআইআর/ইএনটিসি/২০২৫/২৬ তারিখ: ২০২৫/০৪/২৬

ইয়াড় উন্নয়নের কাজের সাথে যুক্ত টিআরডি কাজ টেন্ডার বিজ্ঞপ্তি নং: ইএল-এমএলটিসি-ই-টেন্ডার-০২-২০২৫-২৬ তারিখ: ২০২৫/০৪/২৬

পূর্ব রেলওয়ে সিনিয়র ডিইই (সি)/পূর্ব রেলওয়ে, মালদা, পোস্ট: কলকাতা, জেলা-মালদা, পিন-৭৩২১০২

Quotation Notice Following Quotation Notice is hereby invited by the Office of the Sub Divisional Information & Cultural Officer, Mathabanga (Dept. of I&CA) for sale of Unserviceable goods...

Quotation Notice Following Quotation Notice is hereby invited by the Office of the Sub Divisional Information & Cultural Officer, Mekhliganj (Dept. of I&CA) for sale of Unserviceable goods...

পূর্ব রেলওয়ে সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা, অফিস: বিডিই, পো-কলকাতা, জেলা-মালদা, পিন-৭৩২১০২

খাদি শিল্পে নতুন রেকর্ড নিউজ ব্যুরো

২৫ এপ্রিল: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে নতুন রেকর্ড গড়ল খাদি ও গ্রামোদ্যোগ কমিশন। স্বাধীন ভারতবর্ষে এই প্রথমবার খাদি ও গ্রামোদ্যোগের কোর্ট টাকা ছাড়িয়েছে।

কিশোরী জাতিয় স্তরের খেলোয়াড় বীথিকা রায় বলেন, 'আমি আজ খেলোয়াড়ি যতটা সাফল্য অর্জন করেছি, তার সব অবদান আমার প্রশিক্ষক কিশোরীদার। আমাদের এই প্রত্যয় এলাকায় কিশোরীদার মতো মানসিকতার মানুষ খুঁজে পাওয়া মুশকিল।'

কিশোরী জানান, এলাকার ছেলোমেদের খেলোয়াড় উৎসাহ জোগানোর জন্য তিনি ২০১৫ সালের সেপ্টেম্বরে কামাখ্যাগুড়ি হাইস্কুলের মাঠে বিনামূল্যে প্রশিক্ষণ দেওয়া শুরু করেন।

তার সংযোজন, 'কামাখ্যাগুড়ির অনেক ছেলোমেয়ে রাজ্য ও জাতীয় স্তরে হ্যাডবল খেলে এসেছে। কিন্তু এখানে হ্যাডবল প্রশিক্ষণের উপযুক্ত পরিকাঠামো নেই। সেই সুবিধা পেলে তাঁরা শুধু রাজ্য বা জাতীয় স্তরের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না, আন্তর্জাতিক স্তরেও জাতীয় দলের হয়ে খেলতে পারবে। সরকার সেব্যাপারে নজর দিলে ভালো হয়।'

কর্মখালি Leads Overseas Pvt. Ltd. পশ্চিমবঙ্গের অন্যতম বৃহৎ ক্রিকেট চিমনি ম্যানুফ্যাকচারিং কোম্পানিতে 'সার্ভিস ইঞ্জিনিয়ার' প্রয়োজন।

NOTICE INVITING TENDER Name of the work: Construction of C. Road under Tufanganj Municipality are MIT No. TUFANGANJ/02/2025-26.

পূর্ব রেলওয়ে সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা, অফিস: বিডিই, পো-কলকাতা, জেলা-মালদা, পিন-৭৩২১০২

পূর্ব রেলওয়ে সিনিয়র ডিইই (সি)/পূর্ব রেলওয়ে, মালদা, পোস্ট: কলকাতা, জেলা-মালদা, পিন-৭৩২১০২

পূর্ব রেলওয়ে সিনিয়র ডিইই (সি)/পূর্ব রেলওয়ে, মালদা, পোস্ট: কলকাতা, জেলা-মালদা, পিন-৭৩২১০২

রেলনৌর -এর অনুপস্থিতিতে রেলওয়ে স্ট্যাটিক ক্যাটারিং ইউনিটগুলিতে সরবরাহের জন্য প্যাকেজভিত্তিক পানীয় জলের সংক্ষিপ্ত তালিকার জন্য এপ্রেন্সেস অফ ইন্টারেস্টের আবেদন বিজ্ঞপ্তি

আজ টিভিতে কোনানিকে মোড় নেবে তিত্তির-অরুণের সম্পর্ক? চ্যাটার্জী বাড়ির মেয়েরা সোম থেকে শনি সন্ধ্যা ৭.০০ আকাশ আট

সিনেমা কার্লস বাংলা সিনেমা: সকাল ৭.০০ বকুল প্রিয়া, সকাল ১০.০০ সিন্দুরের অধিকার, দুপুর ১.০০ বিকাশ, বিকেল ৪.১৫ মিনিষ্টার ফ্যাশনকেই, সন্ধ্যা ৭.১৫ অম্বদাতা, রাত ১০.১৫ কতব্য

Quotation Notice Following Quotation Notice is hereby invited by the Office of the Sub Divisional Information & Cultural Officer, Mathabanga (Dept. of I&CA) for sale of Unserviceable goods...

Quotation Notice Following Quotation Notice is hereby invited by the Office of the Sub Divisional Information & Cultural Officer, Mekhliganj (Dept. of I&CA) for sale of Unserviceable goods...

পূর্ব রেলওয়ে সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা, অফিস: বিডিই, পো-কলকাতা, জেলা-মালদা, পিন-৭৩২১০২

ubstorchbearer@gmail.com উপরে উল্লিখিত শর্ত না মেনে ই-মেল করলে আবেদনপত্র গ্রাহ্য করা হবে না।

ভারতীয় সেনা বাহিনী JOIN INDIAN ARMY AS AN OFFICER www.joinindianarmy.nic.in দাপ্তরিক প্রবেশ প্রযুক্তিক স্নাতক কার্যধারা (টিজিসি-১৪২) (২০২৬ সালের জানুয়ারি মাসে নির্ধারিত) এর হেতু অনলাইনে আবেদন করার আহ্বান জানানো হচ্ছে।

আজকের দিনটি শ্রীদেবার্চা ৯৪৩৪৩১৭৩৯১ মেঘ: বাবার পরামর্শে ব্যবসায়িক জটিলতা কাটতে পারে। পুরোনো সম্পর্ক ফিরে আসবে। বৃষ: আপনদের দুলভতার সুযোগ নিয়ে ব্যবসায় কিছু গোলমাল হতে পারে।

দিনপঞ্জি শ্রীমদনগুপ্তের ফুলপঞ্জিকা মতে ২৬ বৈশাখ, ১৪৩২, ভাগ ৬ বৈশাখ, ২৬ এপ্রিল, ২০২৫, ১২ বহাগ, ১২ ১৩/১৪ বৈশাখ বদি, ২৭ শ্রাবণ।



পাঠকের লেঙ্গে ৪৫৯৭২৫৬৭৭ picforubs@gmail.com

সেতু নির্মাণ বন্ধ, বর্ষায় ভোগান্তির শঙ্কা

ইসলামপুর, ২৫ এপ্রিল : প্রত্যেক বর্ষায় শেরওয়ানী নদীতে জল বাড়ার সঙ্গে সঙ্গে কালভার্ট জলের তলায় চলে যেত। হিউমপাইপ দিয়ে তৈরি ওই কালভার্টের মাঝের অংশ ভেঙে কয়েক ফুট নীচে বসে গিয়েছিল। সেই সময় যুবপথে যাতায়াত করতে হত গাইসাল-২ গ্রাম পঞ্চায়েতের রামপুর এলাকার বাসিন্দাদের। এখানে পাকা সেতু নির্মাণের দাবি জানিয়ে আসছিলেন তাঁরা। শেষমেশ দাবি মেনে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের অর্থনৈতিক ১ কোটি ৩ লক্ষ টাকা ব্যয়ে পাকা সেতু নির্মাণ শুরু হয়। কিন্তু বর্তমানে প্রায় ২০ দিন ধরে কাজ বন্ধ রয়েছে বলে অভিযোগ স্থানীয় পঞ্চায়েত সদস্য এবং বাসিন্দাদের। ফলে বর্ষায় আগে আলী কাজ শেষ হবে কি না, তা নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে।

এ ব্যাপারে ইসলামপুর রক্তের বিডিও দীপাঙ্কিতা বর্মনের বক্তব্য, 'গ্রাম পঞ্চায়েত থেকে আমরা বিষয়টি জানানো করেছি। সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ করা জানতে পেরেছি, সামনের মাসের শুরুর দিকে কাজ চালু হয়ে যাবে।' বিডিও আশাস দিয়েছেন টিকই, কিন্তু বাসিন্দাদের দৃষ্টিচ্যুত দূর হচ্ছে না। এদিকে, টিকই কী কারণে ২০ দিন ধরে কাজ বন্ধ, তা নিয়ে ধোঁয়াশা রয়েছে। তবে, টিকাদার সংস্থা সত্বরে খবর, কর্মী ছুটিতে থাকায় কাজ বন্ধ রয়েছে। বর্ষায় আগে কাজ শেষ না হলে সমস্যা হবে। তাই আমি রক্ত প্রশাসনকে জানিয়েছি।

রামপুরের বাসিন্দা মুখতার আলম বলছিলেন, 'নির্মায়মাগ সেতুর পাশে যাতায়াতের জন্য যে বিকল্প মাটির রাস্তাটি তৈরি করা হয়েছে, সেটার বিপজ্জনক অবস্থা। সেই রাস্তায় ইদানীং বেশ কয়েকটি টোটো উলটে গিয়েছে।' তাঁর মতো সকলেই বর্ষায় আগে কাজ শেষ করার দাবি জানিয়েছেন।

বিদ্যাবাড়ি গ্রাম পঞ্চায়েতে অচলাবস্থা

আস্থা ভাঙে হার, অপসারিত উপপ্রধান

খড়িবাড়ি, ২৫ এপ্রিল : বিদ্যাবাড়ি গ্রাম পঞ্চায়েতে অচলাবস্থা অব্যাহত। প্রধানের পর এবার আস্থা ভাঙে হারলেন তৃণমুলের উপপ্রধানও। প্রধান এবং উপপ্রধানের বিরুদ্ধে অনাস্থা এনেছিল তৃণমুলেরই আট বিধির পঞ্চায়েত সদস্য। শুক্রবার ছিল উপপ্রধানের প্রতি আস্থা প্রকাশের তালি সভায়। সভায় ১৩ জন পঞ্চায়েত সদস্যই উপস্থিত ছিলেন। ৮-৫ ভোটে অপসারিত হন উপপ্রধান। তাৎপর্যপূর্ণ বিষয়, এদিন বিজেপির দুই সদস্য তৃণমুলের বিদায় উপপ্রধানের পক্ষে ভোট দিয়েছেন।

গত ১৬ এপ্রিল আস্থা প্রকাশের তালি সভায় ৮-০ ভোটে হেরে যান বিদায়প্রার্থী আলোকসু লাকড়া। এবার উপপ্রধান প্রমোদ প্রসাদও গদিচ্যুত হলেন। বিধির মধ্যে বিকাশ বর্মনের দাবি, 'আলাকসু বিজেপির প্রধান ছিলেন। উপপ্রধান তৃণমুলের হলেও তিনি বিজেপির প্রধানের সঙ্গে যোগাযোগ করে পঞ্চায়েতের সমস্ত কাজ করতে চেয়েছিলেন। ওঁরা লুটেপুটে খাওয়ার জন্য আমাদের চাপ দিচ্ছে। টাকা চাইছেন। ওঁরা দলের নির্দেশ আমানা করেন।' এদিকে, এখনও পর্যন্ত কাউকে প্রধানের দায়িত্ব না দেওয়ায় অচলাবস্থা সৃষ্টি হয়েছে গ্রাম পঞ্চায়েতে।

খড়িবাড়ি রক্ত নিবর্চন আধিকারিক তথা বিডিও দীপ্তি সাউয়ের প্রতিক্রিয়া, 'ক্রম পঞ্চায়েতের একজন প্রবীণ সদস্যকে প্রধানের দায়িত্ব দেওয়া হবে।' জেলা নিবর্চন আধিকারিকের নির্দেশ পেলে প্রধান ও উপপ্রধান নিবর্চনের দিন স্থির করা হবে বলেও জানান বিডিও। এদিনও বিধির পঞ্চায়েত সদস্যদের সঙ্গে তৃণমুলের অঞ্চল কমিটির নেতাদের উপস্থিত থাকতে দেখা যায়।

ব্যবসায়ীদের বাধার জের

জিএসটি'র নথি খতিয়ে দেখা হচ্ছে

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : অভিযানে গেলই ঘেরাও করা নিয়ে ক্ষুব্ধ জিএসটি কর্তারা। আগামীতে এধরনের ঘটনা ঘটলে আইনি পদক্ষেপের ইশ্টিয়ারি দিয়েছেন তারা।

বৃহস্পতিবার শিলিগুড়ির চার্চ রোডে এক ব্যবসায়ীর দোকানে অভিযান চালিয়েছিল স্টেট জিএসটির দল। সেখান থেকে একাধিক নথি বাজেয়াপ্ত করে আনা হয়। নিজেদের কাজ শেষ করে লেনদেন সংক্রান্ত যাবতীয় নথি নিয়ে আধিকারিকরা বের হন এলাকা থেকে। নথিপত্রগুলো খতিয়ে দেখা শুরু হয়েছে।

বেশ কিছু অনিয়ম সামনে আসার পর ওই ব্যবসায়ীর দোকান এবং গুদামে অভিযান চালানো হয়। বাজেয়াপ্ত করা নথি খতিয়ে দেখে সাতদিনের মধ্যে গোটা বিষয়টি অফিশিয়ালি জানানো হবে, জানিয়েছেন কর্তারা। জিএসটির শিলিগুড়ি ইউনিটের কমিশনার সোনম ওয়াদি ভূট্টায়ার বক্তব্য, 'আমরা নির্দিষ্ট তথ্য পেয়ে রেকর্ড করে তারপর অভিযানে যাই। ব্যবসায়ীদের কিছু ভুল মনে হলে তো অনেক জায়গায় অবদানের সুযোগ রয়েছে। এভাবে আধিকারিকদের ঘেরাও করা ঠিক নয়।'

চার্চ রোড এলাকায় অভিযান চালানতে গেলেন আধিকারিকদের প্রথমে বাধা দেন ব্যবসায়ীরা। যদিও তাঁরা স্পষ্ট জানিয়ে দেন, তন্মাত্রি চালানো হবে। এগরপর ব্যবসায়ীর গুদাম এবং দোকানে দুটো দল তন্মাত্রি শুরু করে। কিন্তু বেলা যত

দেবীডাঙ্গা, ২৫ এপ্রিল :

সদা ব্যস্ত রাস্তার দু'ধারে বিশাল বাজার। অখচ অধিকাংশ দোকান পরিধি বাড়িয়ে দখল করছে ফুটপাথ। এমনকি ব্যবসায়ী সমিতির সম্পাদকের দোকানটিও ফুটপাথের ওপর উঠে এসেছে। ছবিটা দেবীডাঙ্গা বাজারের। ফলে যানবাহনের পাশাপাশি হেঁটেচলতেও ভরসা পিচের রাস্তাটি। মাঝেমাঝে ওই পথে ছোটখাটো দুর্ঘটনা ঘটেছে, অভিযোগ স্থানীয়দের। এদিকে, ব্যবসায়ীরা ফুটপাথ ছাড়তে নারাজ। ব্যবসায়ী সমিতির সম্পাদক সুষান্ত সাহা স্পষ্ট জানিয়ে দিয়েছেন, ভবিষ্যতে রাস্তা চওড়া হলে সবাই সরে যাবেন।

প্রশ্ন ওঠে, দিনের পর দিন ধরে দখলদারি চললেও প্রশাসন কড়া ব্যবস্থা নিচ্ছে না কেন? চম্পাসারি গ্রাম পঞ্চায়েতের প্রধান জনক সাহার যুক্তি, 'আমরা একাধিকবার নোটিশ জারি করে ব্যবসায়ীদের ফুটপাথ ছাড়তে বলেছি। মাছ, মাংসের দোকানগুলোকে একটি জায়গায় সরে যেতে বলা হয়। তবে কেউ কথা শুনছেন না। ব্যবসায়ী সমিতির সম্পাদকের দোকানটা গিয়ে দেখুন।'

গত ১০ বছরে দেবীডাঙ্গার আমল বদল হয়েছে। লোকসংখ্যা বেড়েছে। একের পর এক বহুতল মাথা তুলেছে। চম্পাসারি থেকে মিলন মোড় পর্যন্ত যাওয়া রাস্তাটিকে কেন্দ্র করে সেখানে স্থানই হয়েছে বসতি আর বাজার। সকাল থেকে রাত অবধি ওই বাজার জমজমাট থাকে। তথ্য যে জায়গায় দোকানগুলো বসেছে, সেটা পূর্ত দপ্তরের। এগরপর ওই দপ্তরের উত্তরবঙ্গ নির্মাণ বিভাগের এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার সুরজিৎ কুন্ডুর মন্তব্য, 'পরিস্থিতি খতিয়ে

দেবীডাঙ্গা বাজারে ভোগান্তি জনতার



দেবীডাঙ্গা বাজারের অধিকাংশ দোকানের পরিধি বেড়ে ফুটপাথে চলে এসেছে।

নিরুপায় প্রশাসন

দেবীডাঙ্গায় রাস্তার দু'পাশে পূর্ত দপ্তরের জমি দখল করে বসানো হয়েছে বাজার। অধিকাংশ দোকান ফুটপাথের ওপর উঠে এসেছে বলে অভিযোগ। প্রশাসনের দাবি, একাধিকবার নোটিশ দিলেও আমল দেননি ব্যবসায়ীরা। জেলা শাসককে রিপোর্ট দেওয়ার ইশ্টিয়ারি প্রধানের।

দেখি প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। বর্তমানে সেখানে বড় দোকানের সংখ্যা প্রায় ৩০০। প্রত্যেকটা সরকারি জমি দখল করতে করতে কার্যত মূল রাস্তার ওপর উঠে এসেছে। দোকানের সইনবোর্ড, সামগ্রী রাখা হচ্ছে

সামনে। ছোট-বড় যানবাহন, টোটো, অটো, ভ্যান যাতায়াত কিংবা হাটতে ব্যাপক সমস্যা হয়। কখনও পথচারীর গা ঘেঁষে বেরিয়ে যাচ্ছে টোটো, আবার কখনও বড় গাড়ির সঙ্গে ধাক্কা লাগছে অটোর। স্থানীয় ব্যবসায়ীদের একাংশের সঙ্গে কথা বলে জানা গেল, আগে প্রতিটি দোকান মূল রাস্তা থেকে অন্তত ৭-৮ ফুট দূরত্বে ছিল। তাছপর সবাই একটু একটু করে এগিয়েছেন। একজনের দেখাদেখি বাকিরা দখলে উৎসাহ পেয়েছেন। বিশেষ করে মাছ, মাংসের দোকানগুলো রাস্তার ওপর খোলা অবস্থায় চলছে। মাংস কেটে বুলিয়ে রাখা হচ্ছে। সেদিকে নজরদারি বলাই নেই।

দেবীডাঙ্গা বাজার কল্যাণ ব্যবসায়ী সমিতির সম্পাদক অব্যাহতুলনা টেনে বিষয়টিকে হালকা করতে চাইলেন, 'শুধু আমাদের বাজার কেন, চম্পাসারি থেকে মিলনমোড় অবধি গোটা পথের এক অবস্থা। রাস্তা চওড়া হলে ব্যবসায়ীরা জায়গা ছেড়ে পেছেন সরে যাবেন।' অর্থাৎ চলাচলে দুর্ভোগ যে সহজে মেটার নয়, তা জলের মতোই স্পষ্ট।

গ্রেপ্তার চার

ফাঁসিদেওয়া, ২৫ এপ্রিল : ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়া চার ব্যক্তিকে গ্রেপ্তার করল ফাঁসিদেওয়া থানার পুলিশ। বৃহস্পতিবার গভীর রাতে গোয়াটুলি এলাকায় ছয়জন জড়ো হয়। গোপন সূত্রে খবর পেয়ে এলাকায় অভিযান চালিয়ে চারজনকে পাকড়াও করে পুলিশ। ধৃতদের মধ্যে মহম্মদ আজিজুল এবং মহম্মদ সাহিদ আলি পশ্চিম ধনতলার বাসিন্দা। মহম্মদ মফিজুদ্দিনের বাড়ি গোয়াটুলিতে। ধামনাগাছের বাসিন্দা মহম্মদ কাঞ্জিবুল। বাকি দুজন পালিয়ে যেতে সক্ষম হয়। ধৃতদের কাছ থেকে অস্ত্র উদ্ধার করা হয়েছে। পুলিশের দাবি, এই চক্রটি দীর্ঘদিন ধরে গোরু চুরির কারবারে জড়িত। ধৃতদের বিরুদ্ধে ডাকাতির মামলা রুজু করা

যান্ত্রিক গোলযোগে ছিটকে জঙ্গলে

টয়ট্রেনের ইঞ্জিন লাইনচ্যুত

রাহুল মজুমদার শিলিগুড়ি, ২৫ এপ্রিল : নিউ জলপাইগুড়ি থেকে কার্সিয়াং যাওয়ার পথে মাঝরাস্তায় উলটে গেল টয়ট্রেনের ইঞ্জিন। লাইনচ্যুত হয়ে পাশের জঙ্গলে গিয়ে পড়ে ইঞ্জিনটি। চালক এবং সহকারী চালক জখম হয়েছেন। শুক্রবার সকালে ঘটনাটি ঘটে সুকনা ও রটংয়ের কাছে মহানন্দার জঙ্গল সংলগ্ন এলাকায়। দুর্ঘটনার জেরে এদিনের জন্য দার্জিলিং থেকে নিউ জলপাইগুড়িগামী (এনজেপি) ট্রেন চলাচল বাতিল করে দেওয়া হয়েছে।



সুকনা ও রটংয়ের কাছে মহানন্দার জঙ্গলে লাইনচ্যুত ইঞ্জিন। সূত্রধর

আমরা পাহাড়ে নিয়ে যাচ্ছিলাম। যাত্রীরা ভয়ে ভয়ে ওঠার পথে বিপত্তি ঘটে। মাঝপথে হঠাৎ লাইনচ্যুত হয়ে পড়ে যায়। সঙ্গে একটাও কোচ ছিল না। তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। পাহাড়ে জয়রাইডের চাহিদা ক্রমাধিকার বাড়ছে। যাত্রীদের চাপ সামলাতে তাই একাধিক ইঞ্জিন সমতল থেকে নিয়ে যাওয়া হচ্ছে পাড়াতে। মাঝেমাঝে লরিভে চাপিয়েও নিয়ে যাওয়া হয়। এদিন একটি ইঞ্জিন কার্সিয়াংয়ে নিয়ে

যাওয়া হচ্ছে। সুকনা পার করে রটংয়ের দিকে ওঠার পথে বিপত্তি ঘটে। মাঝপথে হঠাৎ লাইনচ্যুত হয়ে পড়ে যায়। বিকট শব্দে লাইন থেকে দুইগে ছিটকে যায়। বড় বিপদ এড়াতে চালক ও সহকারী চালক ইঞ্জিন থেকে লাফ দেন। আহত হন দুজনেই। পথচারীরা ওই দৃশ্য দেখে এগিয়ে যান। তাঁরাই উদ্ধার করেন চালক, সহকারী চালককে। ঘটনার খবর যায় সুকনা স্টেশনে। সেখান থেকে

মেটেলি বাগানে ভালুক, আতঙ্কে শ্রমিকরা



মেটেলি চা বাগানের মূর্তি ভিংশিনে আলুকের খোঁজে বনকর্মীরা।

এক গৃহস্থের ছাগল তুলে নিয়ে যায় চিতাবাঘ। সব মিলিয়ে বুনোদের লোকলগ্নে চলে আসার ঘটনায় নাজেহাল ডুয়ার্সের বাসিন্দারা। বন দপ্তরের বন্যপ্রাণি শাখার উত্তরবঙ্গের মুখ্য বনপাল ভাস্কর (জেডি বলেন, 'মেটেলি বাগানে বনকর্মীরা নিরন্তর নজর রেখে চলেছেন। কার্সিয়াংয়ের জঙ্গল থেকে ভালুকটি এসে থাকতে

পারে বলে আমাদের অনুমান।' বছরদুয়েক আগে ডুয়ার্সের একাধিক চা বাগানে ভালুক দেখা গিয়েছিল। কয়েকটিতে তো খাঁচাবন্দ ও করা হয়। মেটেলি চা বাগানেই ২০২৩ সালের নভেম্বর মাসে ভালুকের হামলায় মারা যায় এক স্কুল পড়ুয়া। ডুয়ার্সে পাহাড়ি এলাকা থেকে ভালুকদের নেমে আসার সময়

ছিল শীতকাল। এবার কী কারণে এবং কোথা থেকে ভালুক এল, কৌতূহল তৈরি হয়েছে তা নিয়েও। এদিন যে শ্রেণিদের বাড়িতে ভালুক চোকে এসেছিল তাহালি বলেন, 'উঠানে কাজ করছিলাম। হঠাৎ দেখি পাশের ৫ নম্বর সেকশনের চা বাগান থেকে একটি ভালুক বাড়িতে ঢুকতে পড়ে। চিংকার শুরু করলে সেটি ছোটখাটু করতে থাকে। কিছুক্ষণ পর ফের বাগানে ঢুকতে পড়ে।' খুনিয়া স্কোয়ারের রেঞ্জ অফিসার সঞ্জলকুমার এতে বলেন, 'খবর পেয়ে এলাকায় এসে তন্মাত্রি করা হয়। পায়ের ছাপ দেখে মনে হচ্ছে ভালুকই। এলাকার চাশাই রয়েছে শিবুর জঙ্গল। চা বাগান থেকে ওই জঙ্গলেও ভালুকটি চলে আসতে পারে বলে ধারণা করা হচ্ছে।' ভালুকের খবর পেয়েই মেটেলি চা বাগানে নেওড়া সাইড রেঞ্জ ও চালসা রেঞ্জের কর্মীরাও চলে আসেন। এদিন শুক্রবার সাতসকালে ধূপগুড়ি রক্তের কুর্মাচারি ও ময়নাগুড়ি রক্তের নাটকানিবাড়ির

দখলদারি ধকল ঠুঁটে জগন্নাথ পূর্ত দপ্তর

খোকন সাহা বাগডোগরা, ২৫ এপ্রিল : কদমা মোড় এবং পানিঘাটার মাঝে পূর্ত দপ্তরের রাস্তার জমি দখল শুরু হয়েছে। স্থানীয় একাংশ বাসিন্দাই হোটেল-রেস্তোরাঁ বানানোর জন্য জমি দখল করে রাখছেন বলে অভিযোগ। ইতিমধ্যে পানিঘাটা চা বাগানের ৪ নম্বর সেকশন মোড়ের ওই জায়গায় বাঁশের খুঁটি পুঁতে জমি দখল চললেও কারও হেলদোল নেই।

চা বাগানের ৪ নম্বর সেকশন মোড় থেকে চেষ্টাধামে যাতায়াত চলে। এই মোড়ে চা বাগানের ফাঁকা জায়গায় প্রতি বৃথবার ছোট বাজার বসে। স্থানীয় বাসিন্দা রাজেন রাই বলেন, 'কিছু লোক ওই জমি দখল করে রেস্তোরাঁ-হোটেল খুলতে চাইছে।' আসলে ব্যস্ত এই রাস্তায় দোকান করলে ব্যাপক উপার্জন হবে, এই আশাতেই জমি দখল চলেছে বলে অভিযোগ স্থানীয়দের। বিষয়টি মেনেও নিয়েছেন জমি দখল করা জনাকয়েক বাসিন্দা।

বিহার, খড়িবাড়ি, নকশালবাড়ি, প্রতিবেশী দেশ নেপাল সহ বিস্তীর্ণ এলাকার মানুষ দার্জিলিং এবং মিরিক যাতায়াত করতে কদমা মোড়-পানিঘাটা-মুখিয়া হয়ে যাতায়াত করতেন। এছাড়াও বাগডোগরা বিমানবন্দরের যাত্রীরাও এই পথে যাতায়াত করায় অত্যন্ত ব্যস্ত সড়কে পরিণত হয়েছে এটি। কদমা মোড় একটি মাত্র রেস্তোরাঁ বহু আগে থেকে রয়েছে। পরে অল্প কিছু সময়ের মধ্যে বেশ কয়েকটি রেস্তোরাঁ গড়িয়ে ওঠে।

অভিযোগ, সবগুলিতে অবৈধ মদের কারবার চলছে। ইচ্ছে হলেই কদমা মোড়ে চলে যান শিলিগুড়ি, মাটিগাড়া, শিবমন্দির, বাগডোগরা, নকশালবাড়ি সহ বিভিন্ন এলাকার মাদক আসবাব। কদমা মোড়ে যে বড় রেস্তোরাঁ রয়েছে, সেখানে দামি থেকে কদমাদামি সব ধরনের মদ মেলে। সঙ্গে মাংস খাবারের ইচ্ছে হলে সেখানে খাটার রাখা জীবন্ত মুরগি দেখে পছন্দ করে অর্ডার দিলেই হবে। সেটাই কেটে রামা করে পাতে পরিবেশিত হবে।

দাম পড়বে ৮০০ টাকা। অনেকেই মদ-মাংসের স্বাদ নিতে বাইক, ছোট গাড়ি নিয়ে চলে যান সেখানে। বাড়ি ফেরার সময় টালমাটাল অবস্থায় দুর্ঘটনায় পড়ার ঘটনাও ঘটে প্রায়শই।

ওই রেস্তোরাঁর বসে চা খেতে খেতে দেখা গেল, অনেক যুগল এলো। রেস্তোরাঁর পিছনে চেষ্টা নদীর বাঁশের ওপরে বসার জায়গা করা হয়েছে। সামনে নদী, চা বাগানের নৈসর্গিক দৃশ্য উপভোগ করতে করতে পানীয়ের গ্লাসে চুমুক দিয়েছেন তাঁরা। এখানে পুলিশ আসে না? প্রশ্ন তুলতেই এক কর্মীর জবাব, 'আসে, তবে মাসের টাকা নিয়ে চলে যায়।' ওই রাস্তায় এ

ফন্দি

- কদমা মোড়ে একটি মাত্র রেস্তোরাঁ বহু আগে থেকে রয়েছে।
- পরে অল্প কিছু সময়ের মধ্যে বেশ কয়েকটি রেস্তোরাঁ গড়িয়ে ওঠে।
- অভিযোগ, সবগুলিতে অবৈধ মদের কারবার চলছে।
- বাঁশের পাশের জমি দখল করে সেখানেও ব্যবসার ফন্দি আঁচছেন অনেকে।

ধরনেরই রেস্তোরাঁ বানানোর তাগিদে জমি দখল করা হচ্ছে বলে স্থানীয় অনেকেই বক্তব্য।

পূর্ত সড়কের পাশের জমি দখল করা নিয়ে দপ্তরের এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার অনিরুদ্ধ বারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি তাঁর এলাকা নয় বলে এড়িয়ে যান। এবং আরেকজনের কাছে রেকর্ড করে দেন। এবিষয়ে দার্জিলিংয়ের পুলিশ সুপার প্রবীণ প্রকাশকে ফোন করা হলেও তিনি সাড়া দেননি। তবে পূর্ত বিভাগের সহকারী ইঞ্জিনিয়ার সাহেল ইসলাম বলেন, 'বিষয়টি আমাদের নজরে এসেছে। আমরা পুলিশকে বলেছি ব্যবস্থা নিতে।'

কর্মশালায় এআই, কোডিং

নকশালবাড়ি, ২৫ এপ্রিল : কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), কোডিং এবং ডেটা সায়েন্সের মতো বিষয়গুলি নিয়ে পড়াশোনার দিকে ঝুঁকছে তরুণ প্রজন্ম। এতে চাকরির সুযোগও বেশি। এই সমস্ত কিছু মাথায় রেখে নকশালবাড়ির বিরসা মুন্ডা কলেজে বিশেষ কর্মশালা (কেবিরায়র কাউন্সেলিং) অনুষ্ঠিত হল শুক্রবার।

কলেজের কনফারেন্স হলে শতাধিক পড়ুয়াকে নিয়ে কর্মশালা হয়। 'লার্নিং টুডে, লিভিং টুমোর' শীর্ষক আলোচনায় বক্তব্য রাখেন অধ্যাপক সুমন ভট্টাচার্য। তিনি পড়ুয়াদের উদ্দেশ্যে বলেন, 'সময়ের পরিবর্তনশীল প্রেক্ষাপটে শিক্ষা ব্যবস্থাকেও আধুনিক হতে হবে। প্রয়োজন অনুযায়ী বলাতে হবে নিজেদের।' তিনি এমন একটি পাঠ্যক্রমের পক্ষে মত দেন, যেখানে কৃত্রিম বুদ্ধিমত্তা, কোডিং এবং ডেটা সায়েন্সের মতো বিষয়গুলি অন্তর্ভুক্ত হবে। তাঁর মতে, 'আমাদের লক্ষ্য হওয়া উচিত প্রতিযোগিতার এই বিশ্বে পড়ুয়াদের আরও দক্ষ করে তোলা।' পড়ুয়াদের পাশাপাশি শিক্ষকরাও উপস্থিত ছিলেন এদিন।

শিক্ষা-ভ্রমণ

বাগডোগরা, ২৫ এপ্রিল : হাতেকলমে প্রকৃতিক্রমে চেনানোর লক্ষ্যে শুক্রবার বাগডোগরা রিসার্চ জলপ্রপাতের পড়ুয়াদের মনোহর অভ্যারণের নিয়োগ করা হয়। ৫২ জন ছাত্রছাত্রী এবং ১৫ জন শিক্ষিকা এদিনের কর্মসূচিতে শামিল হয়েছিলেন। সুকনার বন্যপ্রাণী বিভাগের কর্মীরা সবাইকে অরণ্য দর্শন করান। প্রচুর সংখ্যায় ময়ূর দেখে সবাই খুব খুশি। বন দপ্তরের মিউজিয়াম দেখানোর পাশাপাশি সবাইকে সুকনার রেলের মিউজিয়ামে নিয়ে যাওয়া হয়েছিল। যাতায়াতে কদমতলা বিএসএফের তরফে বাসের ব্যবস্থা করা হয়েছিল।

স্কুলে জলপ্রকল্প

নকশালবাড়ি, ২৫ এপ্রিল : শুক্রবার নকশালবাড়ি রক্তের মণিরাম গ্রাম পঞ্চায়েতের বেসামলিজোত প্রাথমিক বিদ্যালয়ে পানীয় জলপ্রকল্পের উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন মণিরাম গ্রাম পঞ্চায়েতের প্রধান গৌতম শেখ। মণিরাম গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে পঞ্চদশ অর্থ কমিশনের ৫ লক্ষ ২২ হাজার টাকা ব্যয়ে পানীয় জলপ্রকল্পটি করা হয়। এই পানীয় জলপ্রকল্পে খুশি স্কুলের ১২৫ জন পড়ুয়া।



শুভ্র মান। বালুরঘাটে মাজিদুর সরদারের তোলা ছবি।

পড়ুয়া উদ্ধার

চাকুলিয়া, ২৫ এপ্রিল : নির্ধোঁজ মাদ্রাসা পড়ুয়াকে উদ্ধার করল পুলিশ। শুক্রবার চাকুলিয়া থানার জনতা হাট থেকে তাকে উদ্ধার করা হয়। বছর তেরোর ওই পড়ুয়া গোয়ালপাথর থানার সাহাপুর এলাকার বাসিন্দা। সে পাঞ্জিপাড়ার এক মাদ্রাসার ছাত্র। মঙ্গলবার মাদ্রাসা থেকে বেরিয়ে সে আর বাড়ি ফেরেনি। মাদ্রাসা কর্তৃপক্ষ গোয়ালপাথর থানায় অভিযোগ দায়ের করে। পুলিশ জানিয়েছে, পাঞ্জিপাড়ার ভয়ে সে পালিয়ে গিয়েছিল। কিশোরের কথায়, সে দুই রাত মসজিদে কাটা। উদ্ধারের পর পুলিশ তাকে পরিবারের হাতে তুলে দেয়।

শিশুকন্যাকে ধর্ষণের চেষ্টা

মিঠুন ভট্টাচার্য

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : চার বছরের এক শিশুকন্যাকে ধর্ষণের চেষ্টা ও যৌন নিষেধের অভিযোগে উঠল ১৫ বছর বয়সি এক নাবালকের বিরুদ্ধে। ঘটনাকে কেন্দ্র করে শোরশোল পড়েছে শিলিগুড়ি সংলগ্ন ইস্টার্ন বাইপাস এলাকায়। বর্তমানে একটি সরকারি হাসপাতালে চিকিৎসা চলছে শিশুটির। অপরদিকে শিশুর বাবার অভিযোগের ভিত্তিতে শুক্রবার দুপুরে নাবালককে আটক করে পুলিশ। নাবালকের বিরুদ্ধে 'চিলড্রেন ইন কনফ্লিক্ট উইথ ল' (আইন লঙ্ঘনকারী শিশু) আইনে মামলা রুজু করা হয়। এরপর এদিনই নাবালককে জলপাইগুড়ি জুডেনাইল আদালতে পেশ করে পুলিশ। বিচারকের নির্দেশে অভিযুক্তকে একটি সরকারি হোমে পাঠানো হয়েছে বলে জানিয়েছে পুলিশ। শিলিগুড়ি পুলিশের এক আধিকারিক বলেন, 'অভিযোগের ভিত্তিতে ব্যবস্থা নেওয়া হয়েছে। ছেলের বয়স একেবারেই কম। আমরা চাই, ছেলের বয়স সূত্র মানসিকতা নিয়ে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে।'



নাবালকের 'কীর্তি'

- চার বছর বয়সি শিশুকন্যার মা-বাবা তাকে ঠাকুমার কাছে রেখে কাজে চলে যান
ঠাকুমাও কিছুক্ষণ পর কাজে যান এক প্রতিবেশীর বাড়িতে রেখে
অভিযুক্ত নাবালক এসে খেলার নাম করে নিজের বাড়িতে নিয়ে যায় শিশুটিকে
সেখানে শিশুটিকে ধর্ষণের চেষ্টা করলে এক প্রতিবেশী দেখে ফেলেন

হাইমাস্ট বাতি

চোপড়া, ২৫ এপ্রিল : চোপড়া পঞ্চায়েত সমিতির উদ্যোগে শুক্রবার সন্ধ্যায় চোপড়া থানা চত্বরে একটি হাইমাস্ট বাতি উদ্বোধন করা হয়। হাইমাস্টটির জন্য ৫ লক্ষ ১৪ হাজার টাকা বরাদ্দ হয়। উপস্থিত ছিলেন চোপড়ার বিভিন্ন সমীর মণ্ডল, আইসি সুরজ খাণ্ডা। চোপড়া গ্রাম পঞ্চায়েত প্রধান জিয়াবুল রহমান বলেন, থানা চত্বরের সীমানা যথেষ্ট ভেতরে বাতি বসানো হলেও পাশের রাস্তা ও মাঠ থাকার জন্য উভয় পাশেই সুবিধা হবে।

ইস্তফা

চোপড়া, ২৫ এপ্রিল : চোপড়া গার্লস হাইস্কুলের পরিচালন কমিটির সভাপতি লতিকা সিংহ রায়চৌধুরী শুক্রবার জেলা স্কুল পরিদর্শকের কাছে ইস্তফাপত্র পঠিয়েছেন বলে জানান। চোপড়া গার্লস হাইস্কুলের সহকারী প্রধান শিক্ষিকা মিলি সান্যাল বলেন, 'এ ব্যাপারে আমার জ্ঞান নেই। তবে গত মাসে কমিটির সন্ধ্যায় শেষ হয়েছে। নতুন কমিটি না হওয়া পর্যন্ত দায়িত্ব ছিলো। নতুন কমিটি গঠনের ব্যাপারে রেস্তোরাঁ শুরু হচ্ছে।'

মিছিল

চোপড়া, ২৫ এপ্রিল : পহলগামে জঙ্গি হামলার ঘটনায় শুক্রবার দাসপাড়া শহিদদের প্রতি শ্রদ্ধা জানানোর পাশাপাশি ঘটনার প্রতিবাদে মিছিল বের করা হয়। স্থানীয়দের একাংশের উদ্যোগে মিছিলটি দাসপাড়া ফুটবল মাঠ থেকে স্থানীয় লালবাজার হয়ে দাসপাড়ার মাঠে শেষ হয়।



ঘোষপুকুর সংলগ্ন চন্দন ডিভিশনে উদ্ধার হওয়া চিতাবাঘের মৃতদেহ।

চিতাবাঘের মৃতদেহ উদ্ধার

ফার্সিদিগুয়া, ২৫ এপ্রিল : এবার মতিধর চা বাগানে চিতাবাঘের মৃতদেহ উদ্ধার হল। শুক্রবার ফার্সিদিগুয়া রকের ঘোষপুকুর সংলগ্ন চন্দন ডিভিশনের ১৩ নম্বর সেকশনে ওই প্রাণীটিকে মৃত অবস্থায় পড়ে থাকতে দেখা যায়। প্রাণীটির মুখে একটি অশেষ পলন ধরে গিয়েছিল। খবর দেওয়া হয় কার্সিয়ায় বন বিভাগে। ঘোষপুকুর রেঞ্জের বনকর্মীরা সেখানে পৌঁছান। অবশেষে সন্ধ্যা নাগাদ তার দেহ উদ্ধার করা হয়।

প্রমিত লাল, রেঞ্জ অফিসার ঘোষপুকুর

প্রমিত লালের কথায়, 'প্রাণীটি যেখানে পড়ে ছিল, সেখানে যাওয়ার রাস্তা ছিল না। বাগান প্রাণীটি যেখানে পড়ে ছিল, সেখানে যাওয়ার রাস্তা ছিল না। বাগান কর্তৃপক্ষ যথেষ্ট সহযোগিতা করেছে উদ্ধারকাজে। বয়সজনিত কারণে মৃত্যু হয়েছে বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে। ময়নাতদন্তের রিপোর্ট এলে সঠিক কারণ জানা যাবে।'

দুটি চুরি

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : দুটি পৃথক মামলায় শুক্রবার চারজনকে জলপাইগুড়ি আদালতে তোলা হয়। বিচারক প্রত্যেককে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন। গত ২৩ মার্চ ফুলবাড়ির আমাইদিঘার একটি বেসরকারি প্রতিষ্ঠান থেকে বেশকিছু লোহার সামগ্রী এবং গত ১৫ এপ্রিল শিলিগুড়ি পুরনিগমের ৩৪ নম্বর ওয়ার্ডের উজ্জলগরের একটি বাড়িতে নগদ ৮০ হাজার সহ সোনো ও রূপায়ের গয়না চুরি হয়। তদন্তে নেমে গত মঙ্গলবার গভীর রাতে জটিলকালীর বাড়িদার মহম্মদ সন্নীরকে গ্রেপ্তার করে পুলিশ। সন্নীরকে জিজ্ঞাসাবাদ করে মহম্মদ রফিকুল নামের এক ব্যক্তির হদিস পায় তারা।

অপরদিকে, একটি বাড়িতে চুরির ঘটনায় তদন্তে নেমে গত মঙ্গলবার রাতে এনজেলি রাজাওলির বাড়িদার মহম্মদ সাদ্দামকে গ্রেপ্তার করে পুলিশ। তাকে জেরা করে মাটিগাড়ার বাসিন্দা অর্জুন মণ্ডলের খেঁজ পায় পুলিশ।

বিক্ষোভ

চোপড়া, ২৫ এপ্রিল : চোপড়া রকে মারিয়ার্লি গ্রাম পঞ্চায়েতের বিক্ষাসটোলি গ্রামে স্থানীয় রায়শ ডিলারকে ঘিরে বাসিন্দারা বিক্ষোভ দেখালেন। শুক্রবারের ঘটনা। গ্রামবাসীদের একাংশের অভিযোগ, রেশমি পারভিন নামের ওই রায়শ ডিলার বহিরাগত। ওই রায়শ ডিলারকে আটকে রাখা হয় বলে অভিযোগ। পরে চোপড়া থানার পুলিশ গিয়ে পরিস্থিতি সামাল দেয়। খালা দপ্তরের ইসলামপুর মহকুমা আধিকারিক মহম্মদ মুসির আহমেদ বলেন, 'রায়শ সামগ্রী বস্তু নিয়ে একটি সমস্যা কথা জানতে পেরেছি। সমস্যা মেটাতে খেঁজ নিয়ে পদক্ষেপ করা হবে।' এলাকাবাসী মমতাজ আলম বলেন, 'অন্য রকের একজন কীভাবে দায়িত্ব পেলেন এটা বুঝতে পারছি না।' রেশমি বলেন, 'এই এলাকায় আমার নিজস্ব জমি ও গোড়াউন রয়েছে। নিয়ম মেনেই আমি ডিলারের দায়িত্ব পেয়েছি।'

বুধবার রাতে ডাবগ্রাম-২ গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে নয় অনুপ্রবেশকারী বাংলাদেশিকে গ্রেপ্তার করা হয়। এতদিন ধরে তারা সেখানে বসবাস করলেও আগে কেন খরা হল না, উঠছে প্রশ্ন।

অচেনা মুখে বাড়ছে সন্দেহ

কাঁচাতার পেরিয়ে

রাহুল মজুমদার

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : কথায় রয়েছে চোর পালালে বুদ্ধি বাড়ি। ঠিক একই পরিস্থিতি ডাবগ্রাম-২ গ্রাম পঞ্চায়েত এলাকায়। ৯ জন অনুপ্রবেশকারী বাংলাদেশি গ্রেপ্তার হওয়ার পর বাড়ি বাড়ি ঘুরে সতর্ক করলেন পঞ্চায়েত সদস্য। অন্যদিকে, নিজের এলাকার সমস্ত পঞ্চায়েত সদস্যকে বিষয়টি নিয়ে সতর্ক করার জন্য সাধারণ সভা ডাকলেন গ্রাম পঞ্চায়েত প্রধান। তবে, এতজন বাংলাদেশি একসঙ্গে এতদিন ধরে এলাকা থাকলেও কেন স্থানীয় পঞ্চায়েত সদস্য বা প্রধান কেউ টের পেলেন না, তা নিয়ে প্রশ্ন উঠছে।



ধৃত বাংলাদেশি অনুপ্রবেশকারীরা। -ফাইল চিত্র

হাতিয়াডাঙ্গা, ফকদইবাড়ি সহ ইস্টার্ন বাইপাসের বিস্তীর্ণ এলাকায় আরও বাংলাদেশি অনুপ্রবেশকারী থাকতে পারে বলে আশঙ্কা পুলিশের গোয়েন্দাদের। মূলত হাতিয়াডাঙ্গার নীচপাড়া এলাকায় গত কয়েক বছরে বহিরাগতদের সংখ্যা অনেকটাই বেড়েছে। ওই এলাকায় অনেক বহিরাগত বাড়িভাড়া নিয়েছে বা জমি কিনে বাড়ি করেছে বলে স্থানীয়রাই জানাচ্ছেন। ফকদইবাড়ি এলাকার পঞ্চায়েত সদস্য চুমকি শীলার বক্তব্য, 'আজ থেকেই এলাকায় ঘুরে ঘুরে প্রতিটি বাড়ির মালিককে সতর্ক করছি। কেউ ভাড়া দিলে আগে আধার কার্ড দেখতে হবে। আমাদের জানানোর কথাও বলা হয়েছে।' পঞ্চায়েত প্রধান মিতালি

মালাকারের বক্তব্য, 'শীঘ্রই জেনারেল মিটিং ডেকে সব পঞ্চায়েত সদস্যকে সতর্ক করা হবে। বহিরাগত দেখলেই যাতে পুলিশকে জানানো হয় সেই বিষয়ে সচেতন করা হবে।' বুধবার শিলিগুড়ির ফকদইবাড়ি এলাকা থেকে ছয়জন বাংলাদেশিকে গ্রেপ্তার করে ডব্লিঙ্গনগর থানার আশিধার ফাঁড়ির পুলিশ। উদ্ধার হয় তিন নাবালক বাংলাদেশি পুলিশ ওই বাংলাদেশিদের কাউকে

বেলাগাম ভাড়া

- স্থানীয়রা জানতেনই না তাঁদের এলাকায় বিদেশিরা রয়েছে
ধৃতদের ছাড়া গ্রামে আরও বহিরাগত থাকার অনুমান
নীচপাড়া গত কয়েক মাসে শতাধিক নতুন মুখ দেখা গিয়েছে বলে জানান এলাকাবাসী
বাংলাদেশে অশান্তির পর বহিরাগতদের আগমন বেড়েছে

হেপাজতে নেয়নি। তাই ডব্লিঙ্গনগর থানার আধিকারিকদের তদন্ত নিয়েই প্রশ্ন দেখা দিয়েছে। শিলিগুড়ি পুলিশের ডেপুটি কমিশনার (জোন-২) রাসকে সিং জানিয়েছেন, ঘটনার তদন্ত চলেছে। শুক্রবার ফকদইবাড়ি, হাতিয়াডাঙ্গা এলাকায় সকলের মুখে মুখে বাংলাদেশিদের কথাই ঘুরছিল। কেউ বলছিলেন, ঘূষণারও টের পাইনি এলাকায় বিদেশিরা রয়েছে। আবার কারও

ধারণা, গ্রামে আরও নাকি বহিরাগত রয়েছে। হাতিয়াডাঙ্গা নীচপাড়ার দিকে যেতে এই কানামুখে আরও বেড়েছে। ওই এলাকায় গত কয়েক মাসে নাকি শতাধিক নতুন মুখ দেখা গিয়েছে। মূলত বাংলাদেশি অশান্তির পর থেকেই এই এলাকায় বহিরাগতদের বেশি দেখা যাচ্ছে। মাসখানেক আগেই শিলিগুড়ির ফুলবাড়িতে বাংলাদেশ সীমান্তের কাছে এক ব্যক্তির বাড়ি থেকে বেশ কয়েকজন বাংলাদেশি অনুপ্রবেশকারীকে গ্রেপ্তার করেছিল এনজেলি থানার পুলিশ। ওই বাড়িতেও তাদের ভাড়া দেওয়া হয়েছিল। বছর তিনেক আগে আশিধার ফাঁড়ি থেকে একটি ক্যাফে থেকে নকল আধার কার্ড উদ্ধার করেছিল শিলিগুড়ি পুলিশের গোয়েন্দা বিভাগ।

ওই সূত্র ধরেই শিলিগুড়ির বাঘা যতীন পার্ক সংলগ্ন একটি সাইবার ক্যাফেতে অভিযান চলে। সেখানেও নকল আধার কার্ড মিলেছিল। জানা গিয়েছিল, আশিধার ফাঁড়ি এলাকায় থাকা বাংলাদেশিদের জন্যে ওই নকল কার্ডগুলি তৈরি করা হয়েছিল। তাই অবিলম্বে ডাবগ্রাম-২ গ্রাম পঞ্চায়েত এলাকায় নজরদারির দাবি উঠেছে।

প্রতিবাদ

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : চা বাগানের জমি থেকে গাছ তুলে ফেলে সেখানে টি ট্রায়জম প্রকল্পের বিরোধিতায় সরব হল দার্জিলিং জেলা চিয়া কামান মজদুর ইউনিয়ন। শুক্রবার শিলিগুড়ির মহকুমা শাসকের অফিস অভিযানে গিয়ে খেলার নাম করে নিজের বাড়িতে নিয়ে যায় শিশুটিকে



নকশালবাড়ির এই রাস্তার পাশে বসছে দোকান। -সংবাদচিত্র

এদিন তরায়ের বেশ কিছু চা বাগানের শ্রমিকদের শিলিগুড়িতে এনে মহকুমা শাসকের অফিস অভিযানের ডাক দিয়েছিল দার্জিলিং জেলা চিয়া কামান মজদুর ইউনিয়ন। এয়ারভিউ মোড়ের মহানন্দা নদীর ঘাট থেকে মিছিল করে মালাগুড়িতে মহকুমা শাসকের অফিস গিয়ে সেখানে বিক্ষোভ দেখানো হয়। সংগঠনের সম্পাদক গৌতম ঘোষ বলেন, 'তরায়ের বিভিন্ন চা বাগানে টি ট্রায়জম প্রকল্পের নামে রাস্তারটি চায়ের গাছ তুলে ফেলে দিয়ে সেখানে বহুতল তৈরি হয়ে যাচ্ছে।' তিনি অভিযোগ করেন, মোহরগাঁও গুলমা চা বাগানে তুমুল কংগ্রেস নেতা বিশাল রিসর্ট বানিয়ে রেখেছেন। তাঁর বক্তব্য, 'চা বাগানের ৩০ শতাংশ জমিতে টি ট্রায়জম প্রকল্পের সিদ্ধান্তও শ্রমিকবিরোধী। এই সিদ্ধান্ত অবিলম্বে বাতিল করতে হবে। দ্রুত ন্যূনতম মজুরি নির্ধারণ করা সহ শ্রমিকদের অন্যান্য দাবিগুলিও জানানো হয়েছে।' এদিনের কর্মসূচিতে সিপিএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সমন পাঠক, মোহন পান্ডা সহ অন্যান্য উপস্থিত ছিলেন।

মহম্মদ হাসিম

নকশালবাড়ি, ২৫ এপ্রিল : শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাপতি অক্ষয় ঘোষ একসময় ঘোষণা করেছিলেন, রাস্তা সম্প্রসারণ হবে। সেই প্রতিশ্রুতি অবশ্য বাস্তবের মুখ দেখেনি। পথের দুই ধার দখল করে বহালতরিতে ব্যবসা চালিয়ে যাচ্ছেন দোকানদাররা। এদিকে, রাস্তা প্রশস্ত সর্বাধিক হতে হতে যানবাহন চলাচলে ব্যাপক সমস্যা দেখা দিতে শুরু করেছে। নতুন করে যেন আর জায়গা দখল না হয়, সেজন্য শিলিগুড়ি বিধায়কের পূর্ত দপ্তরের সচিব হুমুয়েক আসে পূর্ত দপ্তরে। নকশালবাড়ি থানায় অভিযোগ দায়ের করা হয়। একইসঙ্গে বলে দেওয়া হয়েছে, ফের অবৈধ নির্মাণ হলে যেন আইনি পদক্ষেপ করা হয়। কথা হচ্ছে নকশালবাড়ি পানিঘাটা মোড় থেকে রথখোলা পর্যন্ত রাস্তাটির ব্যাপারে। পথের দু'ধারে প্রায় দুশোর ওপরে দোকানপাট এবং বাড়িঘর রয়েছে। এর অধিকাংশই গড়ে উঠেছে পূর্ত দপ্তরের জমিতে। রাস্তা চওড়া করলে সেগুলো ভাঙতে হবে। অভিযোগ, ভোটব্যাংকের কথা ভেবে নাকি জনপ্রতিনিধিরা এ নিয়ে তেমন মাথা ঘামান না। দখলদারি নিয়ে নকশালবাড়িতে রাস্তা চওড়ার কাজ শুরু হবে। দু'দিকেই হবে ফুটপাথ।

চওড়া রাস্তা চাই

- নকশালবাড়ির পানিঘাটা মোড় থেকে রথখোলা পর্যন্ত রাস্তার দু'পাশে দখলদারি
মহকুমা পরিষদের সভাপতি অক্ষয় ঘোষ বলেছেন, 'নকশালবাড়ি রাস্তা চওড়া করার আশ্বাস দিলেও তা কিংবা ও ভুলে
অভিযোগ, ভোটব্যাংকের স্বার্থে উচ্ছেদে অনীহা
ব্যবসায়ী সমিতির কূটার দাবি, পথ আটকে যাত্রী তোলে গাড়ি
অর্কশের যুক্তি, ব্যবসায়ীদের সুবিধা অনুযায়ী রাস্তার কাজ শুরু হবে দ্রুত

সানিউল ইসলামের সঙ্গে কথা হচ্ছিল। তাঁর যুক্তি, 'থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। খুব তাড়াতাড়ি নকশালবাড়িতে রাস্তা চওড়ার কাজ শুরু হবে। দু'দিকেই হবে ফুটপাথ।'

কমলকুমারকে সিএমএ'র পুরস্কার নিউজ ব্যুরো

২৫ এপ্রিল : 'বিজনেস লিডারশিপ অ্যাওয়ার্ড ২০২৫' পুরস্কার দিয়ে কমলকুমার মিতালকে সম্মানিত করতে পেরে গর্বিত দ্য ক্যালকাটা ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন (সিএমএ)। কমলকুমার পিসিএম গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ-এর ম্যানেজিং ডিরেক্টর। পুরস্কার প্রদান উপলক্ষে একটি জাঁকজমকপূর্ণ অনুষ্ঠান আয়োজিত হয়েছিল কলকাতার বিলাসবহুল হোটেলের। সিএমএ ম্যানেজমেন্ট এক্সেলেন্স অ্যাওয়ার্ড ২০২৫-এর মাধ্যমে সাংগঠন বিভাগে বেছে নেওয়া হয়েছে সেরাদের। এর মধ্যে রয়েছে ব্যাবসায়িক নেতৃত্ব, কর্পোরেট নেতৃত্ব, উন্নতি নেতা,



জনপরিষেবা, প্রতিষ্ঠানিক উৎকর্ষ, আজীবন সম্মাননা এবং ম্যানেজমেন্ট হল অফ ফেম। এই পুরস্কার প্রদানের উদ্যোগ চলগতভাবে কাজ, পরিশ্রম ও নৈতিক নেতৃত্বের স্বীকৃতি। আর্থিক উন্নয়ন ও বাণিজ্যে উজ্জ্বলী ভাবনায় কমলকুমারের তাৎপর্যপূর্ণ ভূমিকা সংশ্লিষ্ট ক্ষেত্রে ভীষণ গুরুত্বপূর্ণ।

বালিবোঝাই ট্রাক্টর বাজেয়াপ্ত

শিলিগুড়ি ও চোপড়া, ২৫ এপ্রিল : ফের বালি-পাথরবোঝাই ট্রাক্টর বাজেয়াপ্ত করল পুলিশ। বৃহস্পতিবার রাতে ডব্লিঙ্গনগর থানার পুলিশ শালুগাড়ার বেদগাড়া এলাকা থেকে ওই ট্রাক্টরটি বাজেয়াপ্ত করে। গ্রেপ্তার করা হয় চালক মহম্মদ মুরারককে। ধৃতকে শুক্রবার জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হল জেল হেপাজতের নির্দেশে পেশ করা হবে। অন্যদিকে, চোপড়ার হাতিয়াগাছ গ্রাম পঞ্চায়েতের চিতলঘাটায় শুক্রবার মহানন্দা নদীতে অবৈধ বালি খাদনে অভিযান চালায় চোপড়া থানার পুলিশ। বাজেয়াপ্ত করা হয়েছে বালি তোলায় বেশ কয়েকটি সরঞ্জাম এবং দুটি ট্রাক্টর। এদিন বিকেলে আইসি সুরজ খাণ্ডা নেতৃত্বে অভিযানটি চলে।

থানায় বিক্ষোভ

নকশালবাড়ি, ২৫ এপ্রিল : নাবালককে গণধর্ষণের ঘটনার দোষীদের চরম শাস্তি ও নিষেধিতার পরিবারের সুরক্ষার দাবিতে শুক্রবার নকশালবাড়ি থানায় বিক্ষোভ দেখাল সিটি অনুমোদিত দার্জিলিং জেলা চিয়া কামান মজদুর ইউনিয়ন। গত ২০ এপ্রিল রাতে নকশালবাড়ির একটি চা বাগানে ১৮ বছরের নাবালককে ধর্ষণ করে চার তরুণ। বর্তমানে ওই নাবালিকা উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন। অভিযোগের ভিত্তিতে পুলিশ ইতিমধ্যেই তিনজনকে গ্রেপ্তার করেছে।

জখম ২

ফার্সিদিগুয়া, ২৫ এপ্রিল : শুক্রবার বিধাননগরে ২৭ নম্বর জাতীয় সড়কে নিয়ন্ত্রণ হারিয়ে ডিভাইডারে ধাক্কা মেরে লোহার খাতিবোঝাই একটি ট্রাক্টর চালক এবং শাপিলা গুরুতরভাবে জখম হন। স্থানীয়রা গাড়ির ভিতর থেকে তাঁদের উদ্ধার করে বিধাননগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যান।

ডিম-মুড়িতে স্বনির্ভর গ্রামের মহিলারা

তমালিকা দে



সৃষ্টিশীল সামনে স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা।

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : ফেরকারি মাসে নিয়ে এসেছিলেন দেশি মুরগির ১৫-২০টি ডিম। এপ্রিলে সংখ্যাটা বাড়িয়েছে ৫০-৬০। তাও সবার চাহিদা পূরণ করতে পারছেন না। ফেরকারি মাস থেকে মহকুমা পরিষদের পাশের সরকারি বিপননকেন্দ্রে সৃষ্টিশীতে দেশি মুরগির ডিম এবং মুড়ি বিক্রি করে লাভের মুখ দেখছেন ফার্সিদিগুয়া, নকশালবাড়ির বিভিন্ন এলাকার মহিলারা। হাতিয়াঘার বাসিন্দা লাবণী কর্মকার স্থানীয় একটি স্বনির্ভর গোষ্ঠীর সঙ্গে যুক্ত। তাঁর কথায়, 'শহরের মানুষের সতেজ অর্গানিক সবজি বেশ পছন্দ করছেন। দেশি মুরগির ডিমেরও খুব চাহিদা। এখানে জোড়া ডিম কুড়ি টাকা এবং ৫০০ গ্রাম মুড়ি ৫০ টাকায় বিক্রি হচ্ছে। এত ডিম নিয়ে আসছি।'

সহযোগিতায় স্বনির্ভর হয়ে উঠছেন গ্রামের মহিলারা। তাঁদের হাতে তৈরি জিনিস বিক্রির জায়গা করে দেওয়ার পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সহযোগিতায় স্বনির্ভর হয়ে উঠছেন গ্রামের মহিলারা। তাঁদের হাতে তৈরি জিনিস বিক্রির জায়গা করে দেওয়ার

জন্য সৃষ্টিশীকে বেছে নিয়েছে সংশ্লিষ্ট দপ্তর। হস্তশিল্পের পাশাপাশি সেখানে বিক্রি হচ্ছে অর্গানিক শাকসবজি, মুড়ি, দেশি মুরগির ডিম। সংশ্লিষ্ট দপ্তরের দার্জিলিং জেলার মার্কেটিং অধিকর্তা রুশ্মি সিনহা বলেন, 'প্রাথমিক এলাকায় মহিলারা আর্থিক শাকসবজি উৎপাদন করার পাশাপাশি মুরগি পালন করছেন। তবে উৎপাদিত জিনিস বিক্রির জন্য এতদিন সঠিক জায়গা পাচ্ছিলেন না তারা। এই সমস্যার কথা শুনে সৃষ্টিশীতে বোকােকনার জায়গা করে দেওয়া হয়েছে।'

গতবছর স্বনির্ভর গোষ্ঠীর তৈরি জিনিস যাতে আরও বেশি মানুষের কাছে পৌঁছায়, সেজন্য দপ্তরের তরফে অনলাইনের সাহায্য নেওয়া হয়েছিল। তবে সেখানে এখনও খুব একটা সাড়া মেলেনি। অন্যদিকে, গ্রাম

মহিলাদের উৎপাদিত জিনিস বিক্রির সঠিক জায়গা দপ্তরের তরফে খোঁজা হচ্ছিল অনেকদিন ধরে। শিলিগুড়ি শহরে এই অর্গানিক জিনিসের বাজার রয়েছে দেখে মহকুমা পরিষদের পাশে সৃষ্টিশীতে জায়গা দেওয়া হয়। একেকদিন একেকজন স্বনির্ভর গোষ্ঠীর মহিলা এই স্টলে বসেন। শিলিগুড়িতে স্টল দেওয়ার পর যে এভাবে বিক্রিবাটা বেড়ে যাবে, ভাবতে পারেননি নকশালবাড়ির বাসিন্দা ভারতী ছেত্রী। তিনি বলেন, 'ডিম এবং ঘরে তৈরি মুড়ির চাহিদা দিন-দিন বাড়ছে। তাই এখন বেশি করে এই জিনিসগুলো নিয়ে আসছি।' তাঁর স্ববোধ্য, 'আগে মাসে দুই হাজার টাকা বিক্রি করতাম। এখন বেশি মুখের হতা এখন ক্রেতাদের থেকে আগাম অর্ডার পাচ্ছি।' হাসিমুখে একই কথা বলেন আরেক বিক্রেতা বিষ্ণু লামা।

মাছি তাড়াচ্ছে হোটেল, টাটুগাড়ি

বিশ্বজিৎ সাহা

শ্রীনগর, ২৫ এপ্রিল : পহলগাম কাণ্ডের পর ভূমিগর্ভস্থ বৃহস্পতিবার থেকে স্বাভাবিক ছন্দে ফিরতে শুরু করেছে। তবে পর্যটকদের সংখ্যা বেশ খানিকটা কমে যাওয়ায় হোটেল মালিক, ট্যাভেল এজেন্সি, শিকারচালক, টাটুগাড়ি, অটোচালক ও ট্যাক্সিচালকদের পাশাপাশি মাথায় হাত পোশাক, জুতো, উপহার সামগ্রী ও খাবারের দোকানগুলির। কবে স্বাভাবিক ছন্দে ফিরবে উপত্যকা তা নিয়ে সন্দেহান সর্কলেই। ইতিমধ্যে পহলগামের ঘটনার জেরে দেশের বিভিন্ন স্থানে পড়তে যাওয়া কাশ্মীরি ছাত্র-ছাত্রীদের হুমকির মুখে পড়তে হচ্ছে খবর ছড়িয়ে পড়ায় উৎকণ্ঠা ছড়িয়েছে উপত্যকায়।



শ্রীনগরের সবচেয়ে বড় বাজারের নাম গনিখান মার্কেট। স্থানীয় ব্যবসায়ী ইতিমধ্যেই শেখ জানান, স্থানীয় ক্রেতাদের পাশাপাশি সারা বছরই পর্যটকদের ভিড় থাকে বাজারটিতে। তবে পহলগামের ঘটনার পর থেকে স্থানীয় ক্রেতাদের ওপরই নির্ভর করতে হচ্ছে ব্যবসায়ীদের।

পশ্চিমবঙ্গে ৭টায় সূর্য যখন অস্তচলে চলে যায় তখনও সূর্যের আলোয় বালমলে উপত্যকা। শ্রীনগরের মক্কা মার্কেটে ফুটপাতে না বলেও আশাবাদী ফারুক। গনিখান মার্কেটের পোশাক ব্যবসায়ী আলতাফ বাটের সমস্ত রাগ দিয়ে পড়েছে সমাজমাধ্যমের ওপর। তাঁর কথায়, পহলগামের ঘটনা করতে পারছি না। তবে পহলগামের ঘটনার পর কাশ্মীরের পরিস্থিতি নিয়ে সমাজমাধ্যমে যেভাবে অসত্য তথ্য প্রচারিত হচ্ছে, তাতে দেশজুড়ে সাধারণ মানুষ এবং কাশ্মীরে ঘুরতে আসা পর্যটকদের মধ্যে ভয়ের বাতাবরণ সৃষ্টি করেছে।

অন্যান্য বছর এপ্রিলের শেষে পর্যটকদের ভরা মরশুমে এই সময়ে পর্যটকদের ভিড়ে শ্রীনগরের হোটেলগুলিতে 'ঠাই নাই ঠাই নাই' পরিস্থিতির মুখে পড়তে হত পর্যটকদের। শুক্রবার শ্রীনগরের অধিকাংশ হোটেলের পর্যটকদের সংখ্যা হাতেগোনা। শ্রীনগরের ডাল লেকের সামনে অবস্থিত হোটেলগুলি

বরাবরই পর্যটকদের প্রথম পছন্দের। ডাল লেক সংলগ্ন একটি তিনতারা হোটেলের ম্যানেজার আসিফ শেখ বৃহস্পতিবার জানান, 'পহলগামের ঘটনার পর থেকে পর্যটকদের বুকিং ক্যানসেল হতে শুরু করায় শুধু আমাদের হোটেল নয়, অধিকাংশ হোটেলের পর্যটকদের সংখ্যা কমে গিয়েছে।'

প্রতিবছর কাশ্মীরের শাল নিয়ে পশ্চিমবঙ্গে ব্যবসা করতে আসেন শ্রীনগরের বাসিন্দা মহম্মদ সফি। বৃহস্পতিবার দুপুরে দুই মেয়ে মাদিহা, বরিন ও ছেলে আমিনকে সঙ্গে নিয়ে শ্রীনগরের হযরতবাল মসজিদে নমাজ পড়তে গিয়েছিলেন। অষ্টম শ্রেণির পড়ুয়া মাদিহা ও বরিনের কথায়, 'পহলগামের ঘটনায় যারা জড়িত তাদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক, আমরাও চাই। কিন্তু এজন্য কাশ্মীরি ছাত্র-ছাত্রীদের যেভাবে টার্গেট করা হচ্ছে, তা কখনও কাম্য নয়।'

পহলগামের ঘটনার পর থেকে শ্রীনগর শহরজুড়ে সেনা, আধাসেনা এবং জম্মু ও কাশ্মীর পুলিশের টহলদারী ভীষণরকম বেড়েছে। রাস্তার গুরুত্বপূর্ণ মোড়গুলিতে যেমন সিআরপিএফ এবং বিএসএফ মোতায়েন রয়েছে, তেমনই অত্যাধুনিক অস্ত্রসজ্জা সহ টহলদারি ভ্যান গোট শহর চক্কর দিচ্ছে।

সাভারকর মন্তব্যে কোর্টে ভরসিত রাহুল

নয়াদিল্লি, ২৫ এপ্রিল : বিপ্লবী স্বাধীনতা সংগ্রামী বিনয়ক দামোদর সাভারকর সম্পর্কে 'উসকানিমূলক' ও 'দায়িত্বজ্ঞানহীন' মন্তব্য করার কংগ্রেস নেতা রাহুল গান্ধিকে কড়া ভরসনা করল সুপ্রিম কোর্ট। বৃহস্পতিবার বিচারপতিরা জানিয়ে দেন, স্বাধীনতা সংগ্রামীদের নিয়ে এমন মন্তব্য বরদাস্ত করা হবে না। ভবিষ্যতে এমন ঘটলে আদালত স্বতঃপ্রণোদিতভাবে ব্যবস্থা নেবে।

সাভারকর সংক্রান্ত মামলায় এলাহাবাদ হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ করে বৃহস্পতি সুপ্রিম কোর্টে আবেদন করেন রাহুল। তার চব্বিশ ঘণ্টার মধ্যেই শীর্ষ আদালতের রায় চলে এল। এর আগে রাহুলের বিরুদ্ধে জারি হওয়া সমন খারিজ করতে এলাহাবাদ হাইকোর্ট অস্বীকার করেছিল।

২০২২ সালের ১৭ নভেম্বর মহারাষ্ট্রের আকোলা জেলায় 'ভারত জোড়ো যাত্রা'র সময় কংগ্রেস সাংসদ তথা লোকসভার বিরোধী দলনেতা মন্তব্য করেন, সাভারকর ছিলেন 'ব্রিটিশ সরকারের সেবক'। শুধু তাই নয়, তিনি পেনশনও পেতেন

ওপনিবেশিক সরকারের কাছ থেকে। এই মন্তব্যকে কেন্দ্র করেই মানহানির মামলা হয়। সুপ্রিম কোর্টের বিচারপতি দীপঙ্কর দত্ত এবং বিচারপতি মনমোহনের ডিভিশন বেঞ্চে এই মামলার শুনানি হয়। রাহুলের আইনজীবী অভিযুক্ত মনু সিংভি দাবি করেন, কারও বিরুদ্ধে বিদেহ ছড়ানো তাঁর মন্তব্যের উদ্দেশ্য ছিল না। তবে আদালত এই যুক্তি মানেনি। বিচারপতিরা বলেন, 'আপনার মন্তব্যে কি জানেন মহাশয় গান্ধিও 'ইয়োর ফেইথফুল সার্ভেন্ট' (আপনার একান্ত সেবক) শব্দবন্ধ ব্যবহার করতেন? তাহলে কি তাঁকেও ব্রিটিশ সরকারের 'দাস' বলা যাবে? তিনি কি জানেন তাঁর দাদিও (ইন্দিরা গান্ধি) সাভারকরকে চিঠি লিখে প্রশংসা করেছিলেন?'

বিচারপতিরা বলেন, 'ইতিহাস না জেনে এমন মন্তব্য করা কীভাবে দায়িত্বপূর্ণ আচরণ হতে পারে?'

আদালত রাহুলকে সতর্ক করে বলেছে, 'আপনি একজন রাজনৈতিক নেতা। তাহলে এমন উক্তি করবেন কেন? যদি উত্তেজনা


ছড়ানো উদ্দেশ্য না-ও হয়, এমন কথা বলার দরকারই বা কী?'

আপাতত আদালত মামলার কার্যক্রমে স্থগিতাদেশ দিলেও সাফ জানিয়ে দিয়েছে, ভবিষ্যতে এই ধরনের অবাঞ্ছিত মন্তব্য করা হলে আদালত নিজে থেকেই ব্যবস্থা নেবে। আদালতের কথায়, 'আর কোনও মন্তব্য করলে আমরা নিজেরাই ব্যবস্থা নেব। স্বাধীনতা সংগ্রামীদের নিয়ে এমন মন্তব্য বরদাস্ত করা হবে না।' আদালত আরও জানিয়েছে, রাহুল গান্ধি এই মন্তব্য করেছিলেন মহারাষ্ট্রের আকোলায়, যেখানে সাভারকর অত্যন্ত সম্মানের সঙ্গে স্মরণীয়।


রাহুলের বিরুদ্ধে এই মামলাটি দায়ের করেছিলেন আইনজীবী নুপেন্দ্র পাণ্ডে। কংগ্রেস নেতার বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ১৫৩এ (বিদেহ ছড়ানো) ও ৫০৫ (প্রচারের মাধ্যমে জনমনে বিভ্রান্তি ছড়ানো) ধারায় মামলা শুরু হয়। পাণ্ডের অভিযোগ, সাভারকরকে ইচ্ছাকৃতভাবে অপমান করে রাহুল সুপারিকলিতভাবে তাঁর ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা করেছেন।

প্রয়াত মুন মিশনের পথিকৃৎ কস্তুরীরঙ্গন

বেঙ্গালুরু, ২৫ এপ্রিল : জীবনাবসান হল পদ্মশ্রী সম্মানে ভূষিত ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)-র প্রাক্তন চেয়ারম্যান কে কস্তুরীরঙ্গন। শুক্রবার তাঁর বেঙ্গালুরুর বাসভবনে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ইসরোর বিবৃতি অনুযায়ী, শুক্রবার সকাল ১০টা ৪৩ মিনিটে তাঁর মৃত্যু হয়। রবিবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত বেঙ্গালুরুর রমন রিসার্চ ইনস্টিটিউটে তাঁর দেহ সর্বসাধারণের শ্রদ্ধার জন্য রাখা হবে।



কেরলের এনাকুলামে ১৯৪০ সালের ২৪ অক্টোবর জন্মগ্রহণ করেন কস্তুরীরঙ্গন। দীর্ঘ ৯ বছর ধরে ইসরো, স্পেস কমিশন ও স্পেস দপ্তরের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন তিনি। তিনি ২০০৩ সালের ২৭ অগাস্ট ওই পদ থেকে অবসর নেন। পৃথিবীর কক্ষপথের বাইরে ইসরোর যাত্রা শুরু কস্তুরীরঙ্গনের হাত ধরেই। ১৯৯৯ সালের ১১ মে জাতীয় প্রযুক্তি দিবসে কস্তুরীরঙ্গন প্রথম চন্দ্রাভিযানের ধারণা তুলে ধরেন। সেই পরিকল্পনার বাস্তব রূপ হিসেবে ২০০৮ সালে সফলভাবে উৎক্ষেপণ করা হয় চন্দ্রযান-১। এই মিশনেই প্রথম চাঁদের পিঠে জলের অণুর উপস্থিতি চিহ্নিত হয়, যা চাঁদের ভৌগোলিক ইতিহাসে এক নতুন অধ্যায় যোগ করে। চন্দ্রাভিযানের যৌক্তিকতা নিয়ে প্রশ্ন করা হলে কস্তুরীরঙ্গন সেই সময় বলেছিলেন, 'চাঁদে যাওয়ার সামর্থ্য আমাদের আছে কি না, সেটা প্রশ্ন নয়। প্রশ্নটা হল, আমরা এটা উপেক্ষা করার ঝুঁকি নিতে পারি কি না?' তাঁর এই



যুব ক্ষমতায়নের নতুন ঢেউয়ের দ্বারা বিকশিত ভারতের পরিচয়ের রূপায়ণ করছে

দেশব্যাপী ৪৭টি স্থানে সরকারি চাকরির জন্য নিবাচিত ৫১,০০০ জনেরও বেশি প্রার্থীকে নিয়োগপত্র বিতরণ করা হচ্ছে।

রোজগার মেলা

প্রধানমন্ত্রী


নরেন্দ্র মোদীর

দ্বারা

২৬শে এপ্রিল, ২০২৫ সন্ধ্যা ১১ঃ০০ (ভিডিও সম্মেলনের মাধ্যমে)


- কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকারের সহিত সহযোগের দ্বারা লক্ষ নতুন কর্মের সুযোগ তৈরি করেছে।
- প্রশ্নপত্র ফাঁসের বিরুদ্ধে কড়া আইনি ব্যবস্থার দ্বারা যুব সমাজের ভবিষ্যৎকে সুরক্ষিত করে তুলছে।
- অনলাইন পদ্ধতির মাধ্যমে ক্রমাগত খালি পদগুলি এবং নিযুক্তিকরণ প্রক্রিয়ার উপর পর্যবেক্ষণ করা।
- নিযুক্তিকরণ পরীক্ষায় ১৩টি আঞ্চলিক ভাষা ব্যবহারের বিধানের দ্বারা সমান সুযোগ নিশ্চিত করা।

- উচ্চ আকাঙ্ক্ষাময় জেলাগুলির মহিলা, মানুষ যাদের প্রতিবন্ধকতা রয়েছে তাদের জন্য বিশেষ সুবিধা।
- খ্যাতি সম্পন্ন সংস্থা যেমন - ইউপিএসসি, এসএসসি, রেল নিযুক্তিকরণ বোর্ড এবং আইবিপিএসের দ্বারা নিযুক্তিকরণ।
- আই গোট কর্মযোগী পোর্টাল প্রায় ২২০০ এর বেশি কার্যধারা উপলব্ধ সঙ্গে 'কর্মযোগী প্রারম্ভ' মডিউলে নিবাচিত প্রার্থীদের জন্য প্রশিক্ষণ উপলব্ধ।
- সরকারি চাকরিতে লক্ষ নিযুক্তিকরণের দ্বারা ভারতবাসীদের পরিষেবায় এক গুরুত্বপূর্ণ উন্নতি সাধন।



এই অনুষ্ঠানটির লাইভ সম্প্রচারটি দেখুন ডিডি নিউজে

প্রশিক্ষণ সংক্রান্ত আরও তথ্যের জন্য কর্মযোগী মডিউল ওয়েবসাইটে পরিদর্শন করুন।
<https://igotkarmayogi.gov.in/> কিউআর কোডটি স্ক্যান করুন



পোপের শেষকৃত্যে রোমে দ্রৌপদী



রোমে পৌঁছানোর পর রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্ধুকে অভ্যর্থনা।

রোম, ২৫ এপ্রিল : প্রয়াত পোপ ফ্রান্সিসের শেষকৃত্যে যোগ দিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্ধু শুক্রবার রোমে পৌঁছেছেন। সেখান থেকে তিনি যাবেন ভ্যাটিকান সিটিতে। রাষ্ট্রপতির সঙ্গে রয়েছেন কেন্দ্রীয় সংসদীয় ও সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু, সংখ্যালঘু বিষয়ক ও মৎস্য, পশুপালন ও দুগ্ধ উৎপাদন দপ্তরের প্রতিমন্ত্রী জর্জ কুরিয়ান এবং গোয়া বিধানসভার উপাধ্যক্ষ জোশ্বা ডি সূজা। রাষ্ট্রপতির দপ্তর এক্স-এ জানিয়েছে, তিনি দু'দিনের সফরে ভ্যাটিকান সিটিতে থাকবেন এবং ভারতের সরকার ও জনগণের পক্ষ থেকে পোপ ফ্রান্সিসের প্রতি শ্রদ্ধা জানাবেন। শুক্রবার প্রেসিডেন্টের সচিবালয় জানিয়েছে, 'রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্ধু ভ্যাটিকান সিটিতে 'হিজ হোলিনেস' পোপ ফ্রান্সিসের রাজকীয় শেষকৃত্যে অংশ নিতে

রওনা হয়েছেন।' শনিবার তাবড় রাষ্ট্রনেতাদের উপস্থিতিতে প্রয়াত পোপের অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন হবে। সেন্ট মেরি মেজর বাসিলিকার একটি কক্ষে সমাধিস্থ করা হবে আর্জেন্টিনীয় ধর্মগুরুকে। তার আগে ভ্যাটিকান সিটির কাসা সাত্তা মাতার চ্যায়েলে রাখা হয়েছে পোপ ফ্রান্সিসের কবিন। মঙ্গলবার থেকেই প্রয়াত ধর্মীয় নেতাকে শেষশ্রদ্ধা জানাতে ভক্তদের ঢল নামে। তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে গত তিনদিনের মতো শুক্রবারেও সারা দিন মানুষ ভিড় করেন ভ্যাটিকান সিটিতে। প্রতিদিন এতটাই ভিড় হয় যে, ভ্যাটিকান কর্তৃপক্ষ দর্শনার্থীদের সুবিধার্থে দর্শনের সময় বাড়তে বাধ্য হন। প্রয়াত পোপের অন্ত্যেষ্টিক্রিয়ায় প্রায় আড়াই লক্ষ মানুষ উপস্থিত হতে পারেন বলে মনে করা হচ্ছে।

ঐক্যের বার্তা রাছলের, ধর্মযুদ্ধ আখ্যা ভাগবতের



পহলগাম হামলার পর শুক্রবার শ্রীনগরে পৌঁছে স্থানীয় মানুষের সঙ্গে কথা বললেন রাছল গান্ধি।

শ্রীনগর, ২৫ এপ্রিল : কংগ্রেস এবং আরএসএস মতাদর্শগতভাবে ভিন্ন মেরুর হলেও সন্ত্রাসবাদের মোকাবিলায় একই সুর শোনা গেল বিরোধী দলনেতা রাছল গান্ধি এবং সরসংখ্যালক মোহন ভাগবতের কথায়। দুজনেই সাফ জানিয়েছেন, সন্ত্রাসবাদের মোকাবিলায় একাবদ্ধ থাকতে হবে দেশবাসীকে। রাছলের শক্তিতেই সন্ত্রাসবাদকে চিরতরে পরাজিত করা সম্ভব। অপরদিকে পহলগামের ঘটনাকে ধর্ম বনাম অধর্মের যুদ্ধ বলে আখ্যা দিয়ে ভাগবত বলেছেন, ‘আমরা যদি একাবদ্ধ থাকি তাহলে আমাদের দিকে কেউ অসং উদ্দেশ্য নিয়ে তাকাতে পারবে না। যদি কেউ সেটা করেও তাহলে তাদের চোখ উপড়ে নেওয়া হবে।’

শুক্রবার সকালে শ্রীনগরে আসেন রাছল গান্ধি। সেখান থেকে সেনাবাহিনীর বাদামিবাগ ক্যান্টনমেন্টে ৯২ বেস হাসপাতালে

যান। পহলগামে জঙ্গি হানায় এক আহতের সঙ্গে দেখা করেন তাঁর আরোগ্য কামনাও করেন

বিভাজন নয়, ঐক্যের শক্তিতেই সন্ত্রাসবাদকে চিরতরে পরাজিত করা সম্ভব। যেটা ঘটেছে তার উদ্দেশ্য ছিল সমাজকে বিভাজিত করা, তাইকে ভাইয়ের সঙ্গে লড়িয়ে দেওয়া। এই পরিস্থিতিতে প্রতিটি ভারতীয়র কাঁধে কাঁধ মিলিয়ে একতরফী কাঁধে কাঁধ মিলিয়ে একাবদ্ধ থাকটা গুরুত্বপূর্ণ।

রাছল গান্ধি

তিনি। পরে জম্মু ও কাশ্মীরের উপরাজ্যপাল মনোজ সিনহা এবং মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহর সঙ্গেও দেখা করে পরিস্থিতির খোঁজখবর

নেন রাখল। কংগ্রেসের পক্ষ থেকে তাঁদের পাশে থাকার আশ্বাসও দেন তিনি। পহলগামের ঘটনাকে ভয়াবহ ট্রাজেডি বলে আখ্যা দেন রাছল। তিনি বলেন, ‘এখানকার পরিস্থিতি কেমন তা জানতে আমি এসেছি। জম্মু ও কাশ্মীরের সমস্ত মানুষ ওই ভয়াবহ ঘটনার নিন্দা করেছে।’

তার কথায়, ‘যেটা ঘটেছে তার উদ্দেশ্য ছিল সমাজকে বিভাজিত করা, তাইকে ভাইয়ের সঙ্গে লড়িয়ে দেওয়া। এই পরিস্থিতিতে প্রতিটি ভারতীয়র কাঁধে কাঁধ মিলিয়ে একাবদ্ধ থাকটা গুরুত্বপূর্ণ। কিছু লোক জম্মু ও কাশ্মীর এবং দেশের বাকি প্রান্তে আমাদের ভাই-বোনদের যোগাযোগ হামলা করেছে। সেটা দেখে খাপসাপ লাগছে। এই জখন্যাকার বিরুদ্ধে লড়াই করতে এবং সন্ত্রাসবাদকে চিরতরে পরাজিত করতে আমাদের একাবদ্ধ হওয়াটা জরুরি।’ বৃহস্পতিবার সন্ধ্যায় বৈঠকে পহলগামের ঘটনায় কেন্দ্রীয় সরকারের সমস্ত পদক্ষেপকে পূর্ণ

সমর্থনের বার্তা দিয়েছিল বিরোধীরা। শুক্রবার কাশ্মীরে দাঁড়িয়েও সেই বার্তা দিয়েছেন রাছল গান্ধি।

এই লড়াই ধর্ম বনাম অধর্মের। আমাদের হৃদয়ে যন্ত্রণা রয়েছে। আমরা ক্রুদ্ধ। কিন্তু শত্রুকে ধ্বংস করতে হলে শক্তি প্রদর্শন করা দরকার। রাবণ নিজের মন পরিবর্তন করতে পারেননি। রামচন্দ্র তাঁকে শোধরানোর একটি সুযোগ দেওয়ার পর মেরেছিলেন।

মোহন ভাগবত

রায়বেরেলির সাংসদ বলেন, ‘বিরোধীরা একাবদ্ধভাবে পহলগাম হামলার নিন্দা করেছে এবং সরকার এই ঘটনায় যে পদক্ষেপ করবে তাকে

পূর্ণ সমর্থন করার সিদ্ধান্ত নিয়েছে।’ অন্যদিকে পহলগাম ঘটনায় প্রথমবার মুখ খুলে ভাগবত বলেন, ‘জঙ্গিরা মানুষের ধর্মীয় পরিচয় জিজ্ঞেস করে তারপর হত্যা করেছে। হিন্দুরা কখনও এমন কাজ করতে পারেন না। আমরা এই ঘটনায় একটি কঠোর প্রত্যাখ্যাতের আশা করি।’

সংঘ প্রধান বলেন, ‘এই লড়াই ধর্ম বনাম অধর্মের। আমাদের হৃদয়ে যন্ত্রণা রয়েছে। আমরা ক্রুদ্ধ। কিন্তু শত্রুকে ধ্বংস করতে হলে শক্তি প্রদর্শন করা দরকার। রাবণ নিজের মন পরিবর্তন করতে পারেননি। রামচন্দ্র তাঁকে শোধরানোর একটি সুযোগ দেওয়ার পর মেরেছিলেন।’ ভাগবত বলেন, ‘আমাদের চিত্তে ঘৃণা এবং শত্রুতা নেই। মুখ বৃদ্ধ কৃতি সন্ত্যে করাও আমাদের মধ্যে নেই। একজন সত্যিকারের অহিংস মানুষকেও শক্তিশালী হতে হবে।’ পাকিস্তানকে যে কড়া জবাব দিতে হবে সেই কথাও এদিন বুঝিয়ে দিয়েছেন ভাগবত।

তিন দশক সন্ত্রাসবাদে মদত, প্রতিরক্ষামন্ত্রীর স্বীকারোক্তি আততায়ীরা ‘স্বাধীনতা সংগ্রামী’

ইসলামাবাদ, ২৫ এপ্রিল : মুখ আর মুম্বাশের তফাত কি ক্রমশ ঘুচে যাচ্ছে?

জম্মু-কাশ্মীরের পহলগামে জঙ্গিরা নিরীহ পর্যটকদের বেছে বেছে খুন করার পন্থা পাকিস্তানের প্রতিক্রিয়া থেকে সেই ইঙ্গিত স্পষ্ট। হামলার পর বিশ্বের বিভিন্ন দেশের মতো পাকিস্তানও পহলগাম হামলার নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছিল। তবে মঙ্গলবারের জঙ্গি হামলাকে বিদ্রোহীদের হামলা বলে বর্ণনা করেছিল পাক সরকার। শুক্রবার একথাপ এগিয়ে পহলগাম কাণ্ডকে ‘স্বাধীনতা সংগ্রামী’দের কাজ বলে ব্যাখ্যা করলেন পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী তথা বিশেষমন্ত্রী ইসক দার সাহাব।

দার বলেন, ‘গত ২২ এপ্রিল জম্মু ও কাশ্মীরের পহলগামে যে হামলা হয়েছে হতে পারে সেটা স্বাধীনতা সংগ্রামীদের কাজ।’ নিরীহ পর্যটকদের ধর্মীয় পরিচয় জেনে খুন করা ‘স্বাধীনতা সংগ্রামী’দের পিছনে যে পাকিস্তানের



২২ এপ্রিল জম্মু ও কাশ্মীরের পহলগামে যে হামলা হয়েছে হতে পারে সেটা স্বাধীনতা সংগ্রামীদের কাজ।

ইসক দার উপপ্রধানমন্ত্রী, পাকিস্তান



আমেরিকা, ব্রিটেন আর পশ্চিমী বিশ্বের জন্য গত ৩ দশক ধরে আমরা এই নোংরা কাজটা করে যাচ্ছি।

খোয়াজা আসিফ প্রতিরক্ষামন্ত্রী, পাকিস্তান

সমর্থন করেছে তাও পরোক্ষ স্বীকার করে নিয়েছেন তিনি। ঘটনাচক্রে এদিনই পাকিস্তান যে জঙ্গিদের আতুড়ঘর তা প্রকাশ্যে স্বীকার করে নিয়েছেন পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খোয়াজা আসিফ। তবে এপ্রসঙ্গে ব্রিটিশ সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে তিনি অভিযোগ করেন, জঙ্গিদের আশ্রয় দিয়েছে

পাকিস্তান। কিন্তু সেটা নিজেদের গরজে নয়, আমেরিকার জন্য করতে হচ্ছে। একাধিক পাক জঙ্গি স্ক্রিপ্ট প্রকাশ করা হয়েছে। তারপরেও পাকিস্তানে লক্ষ্যের অস্তিত্ব স্বীকার করেছেন দার। মন্ত্রীর বক্তব্য, ‘আমাদের দেশে লক্ষ্য-ই-তেয়াব বলে কোনও সংগঠন নেই। ওরা এখন অতীত।’

ব্রিটেন আর পশ্চিমী বিশ্বের জন্য গত ৩ দশক ধরে আমরা এই নোংরা কাজটা করে যাচ্ছি। এটা আমাদের ভুল পদক্ষেপ ছিল। গোটা বিশ্বের মধ্যে সন্ত্রাসবাদের কারণে সবচেয়ে বেশি ভোগেছে পাকিস্তান। আমরা যদি সেটা ভুলেই ইউনিয়নের বিরুদ্ধে সক্রিয় না হতাম তাহলে আজ পাকিস্তান একটা অন্য উচ্চতায় থাকত।’

পহলগাম হত্যার দায় স্বীকার করে বিবৃতি দিয়েছে পাক জঙ্গি সংগঠন লক্ষ্য-ই-তেয়াবর শাখা দ্য রেজিস্ট্রার ফ্রন্ট। প্রাথমিক তদন্তে ইঙ্গিত হামলাকারীদের বেশিরভাগ পাকিস্তান থেকে এসেছিল। হামলা চলাকালীন রিয়েল টাইমে সীমান্তের ওপার থেকে তাদের নির্দেশ দেওয়া হচ্ছিল। একাধিক পাক জঙ্গি স্ক্রিপ্ট প্রকাশ করা হয়েছে। তারপরেও পাকিস্তানে লক্ষ্যের অস্তিত্ব স্বীকার করেছেন দার। মন্ত্রীর বক্তব্য, ‘আমাদের দেশে লক্ষ্য-ই-তেয়াব বলে কোনও সংগঠন নেই। ওরা এখন অতীত।’

যুদ্ধের শঙ্কায় পড়ল ভারতের শেয়ার বাজার

মুম্বই, ২৫ এপ্রিল : কাশ্মীরে পর্যটক খুনের জেরে ভারত-পাক দ্বিপাক্ষিক সম্পর্কের ফাটল আরও গভীর হয়েছে। টানা পাঁচদিনের প্রচণ্ড পড়েছে দু-দেশের শেয়ার বাজারে। নেমেছে বম্বে স্টক এক্সচেঞ্জের শেয়ার সূচক বিএসই সেনসেজ ও নিফটি। বিপরীতে নাভিস্থাস উঠেছে পাক শেয়ার সূচক কেএসই-১০০।

শুক্রবার বাজার খোলার সঙ্গে সঙ্গে নামতে শুরু করে বিএসই সেনসেজ। একসময় সূচক ১,২০০ পয়েন্টের বেশি পড়ে যায়। তবে বেলা বাড়ার সঙ্গে সঙ্গে পড়ন্ত বাজারে শেয়ার কিনতে থাকেন বিনিয়োগকারীরা। যার জেরে ফের চড়তে থাকে সূচক। দিনের শেষে সেনসেজ দাঁড়িয়ে রয়েছে ৭৯,২১২ পয়েন্টে। বৃহস্পতিবারের চেয়ে যা ৫৮৮ পয়েন্ট কম। নিফটিও ২০৭ পয়েন্টে নেমে ২৪,০৩৯ পয়েন্টে স্থিতিশীল হয়েছে।

এদিকে গত দু’দিন ধরে টানা ধসের কবলে পড়েছে পাকিস্তানের শেয়ার বাজার। শুক্রবার প্রায় আড়াই হাজার পয়েন্ট নেমেছে করাচি স্টক এক্সচেঞ্জের সূচক কেএসই। দুপুরের পর থেকে বন্ধ হয়ে গিয়েছে এক্সচেঞ্জের ওয়েবসাইট। সেখানে লেখা ‘উই উইল বি ব্যাক সুন। পিএসএক্স ওয়েবসাইট ইজ আন্ডার মেন্টেন্যান্স টিল ফারদার নোটিশ।’ অর্থাৎ, আমরা তাড়াতাড়ি ফিরব। পরবর্তী বিজ্ঞপ্তি জারি না হওয়া পর্যন্ত সংস্কারের কাজ চলবে। এদিন পাকিস্তানের বেসরকারি সূচক কেএসই ২,৪৮২ পয়েন্ট পড়ে ১,১৪,৭৪০ পয়েন্টে স্থিতিশীল হয়েছে। পতনের হার ২.১২ শতাংশ।

চালকলে আশুন, মৃত ৫

বাহরাইচ, ২৫ এপ্রিল : ভয়াবহ দুর্ঘটনা উত্তরপ্রদেশের বাহরাইচের একটি চালকলে। শুক্রবার সকালে কারখানার ডায়ার মেশিনের একটি অংশ ছিটকে ধানের গোলার ওপর পড়ে। মুহূর্তে আশুন ধরে ঘুরে যায়। শ্বাসকেন্দ্রজনিত কারণে অসুস্থ হয়ে পড়েন শ্রমিকরা। দ্রুত হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা ৫ জনকে মৃত ঘোষণা করেন। তাঁদের কয়েকজন পরিবারী। মৃতরা হলেন, কনোজের গফফর আলি (৪০), বাবুলু (২৮), রাজেন্দ্র কুমার (৩৫), সিরসিয়ার জাহার (৫০) এবং বিহারের শ্রাবন্তী ও বিটু শাহ (৩০)। চিকিৎসাধীন ৩ জন।



ভয়ের চিহ্ন নেই তাঁদের মধ্যে। কাশ্মীর এখনও ঘুরে দেখছেন পর্যটকরা। শুক্রবার।

ওয়াকফ স্থগিতাদেশ মানতে নারাজ কেন্দ্র

নয়াদিল্লি, ২৫ এপ্রিল : কেন্দ্রীয় সরকার ওয়াকফ সংশোধনী আইনে যে কোনওপ্রকার স্থগিতাদেশের বিরোধিতা করবে বলে সুপ্রিম কোর্টে জানিয়ে দিল। শুক্রবার সবেচি আদালতকে কেন্দ্রের তরফে একটি হলফনামা দাখিল করা হয়েছে। ওয়াকফ সংশোধনী আইনের সাংবিধানিক বৈধতাকে চ্যালেঞ্জ জানিয়ে যে মামলাগুলি দায়ের হয়েছে, সেগুলি খারিজের আর্জি জানিয়েছে কেন্দ্র। সংখ্যাগুরু মন্ত্রকের মুখসচিব শেরশা সি শাইক মহিদ্দিন ওই হলফনামাটি দাখিল করেছেন। কেন্দ্রের বক্তব্য, ‘যে আইনগুলি তৈরি হয় তাতে সাংবিধানিকতার বিষয়টি জড়িত থাকে। ওই আইনে যদি কোনও অন্তর্ভুক্তি স্থগিতাদেশ জারি করা হয়, তাহলে সেটি ক্ষমতার অতিরিক্ত।’

২০,৯২, ০৭২. ৫৩৬ একর জমি যুক্ত হয়েছে। আইনের বিরোধিতা করে যাঁরা মামলা করেছেন তাঁদের সমালোচনাও করেছে কেন্দ্র। সরকার দাবি করেছে, নতুন ওয়াকফ আইনটি যৌথ সংসদীয়

যে ক্ষমতার ভারসাম্য রয়েছে, তা বিঘ্নিত হবে। নতুন ওয়াকফ আইন নিয়ে একগুচ্ছ মামলা দায়ের হয়েছে সুপ্রিম কোর্টে। ওয়াকফ বোর্ড ও কাউন্সিলে অমুসলিমদের রাখা নিয়ে প্রশ্ন তুলেছিল সবেচি আদালত।



নতুন ওয়াকফ আইনটি পুরোপুরি বৈধ। আইন প্রণয়নের যে ক্ষমতা তাদের হাতে রয়েছে সেটা মেনেই ওই আইনটি তৈরি করা হয়েছে। ওয়াকফের ভেদ ধরে কীভাবে সরকারি ও বেসরকারি জমি হাতানো হয়েছে তার একাধিক নজির কেন্দ্রের বক্তব্যে এদিন উঠে এসেছে।

কমিটির সুপারিশ মেনে তৈরি হয়েছে। সংসদের উভয়কক্ষেই আইনটি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। কেন্দ্র মনে করিয়ে দিয়েছে, আইনের সাংবিধানিকতা যাচাই করার এক্তিয়ার সন্দেহাতীতভাবে সুপ্রিম কোর্টের হাতে রয়েছে। প্রাক-মোেল জমানা এবং বিলাল আলসালাতা সেখানে ছিল। জৈশ প্রধান মাসুদ আজহারের ভাই তালহা সইফ, আসগার খান কাশ্মীরি এবং মাসুদ এবং বিলাল আলসালাতা সেখানে ছিল। জৈশ প্রধান মাসুদ আজহারের ভাই তালহা সইফ, আসগার খান কাশ্মীরি এবং মাসুদ

ওয়াকফের ভেদ ধরে কীভাবে সরকারি ও বেসরকারি জমি হাতানো হয়েছে তার একাধিক নজির কেন্দ্রের বক্তব্যে এদিন উঠে এসেছে। প্রাক-মোেল জমানা এবং বিলাল আলসালাতা সেখানে ছিল। জৈশ প্রধান মাসুদ আজহারের ভাই তালহা সইফ, আসগার খান কাশ্মীরি এবং মাসুদ এবং বিলাল আলসালাতা সেখানে ছিল। জৈশ প্রধান মাসুদ আজহারের ভাই তালহা সইফ, আসগার খান কাশ্মীরি এবং মাসুদ

ওয়াকফের ভেদ ধরে কীভাবে সরকারি ও বেসরকারি জমি হাতানো হয়েছে তার একাধিক নজির কেন্দ্রের বক্তব্যে এদিন উঠে এসেছে। প্রাক-মোেল জমানা এবং বিলাল আলসালাতা সেখানে ছিল। জৈশ প্রধান মাসুদ আজহারের ভাই তালহা সইফ, আসগার খান কাশ্মীরি এবং মাসুদ

গ্রেপ্তারের পর মুক্তি মেধা পাটকরের

নয়াদিল্লি, ২৫ এপ্রিল : ২০০০ সালের একটি মানহানির মামলায় দিল্লি পুলিশ শুক্রবার গ্রেপ্তার করল সমাজকর্মী মেধা পাটকরকে। ওই মামলায় সাজাপ্রাপ্ত মেধা গভবতের জামিনে মুক্তি পেয়েছিলেন। কিন্তু প্রবেশন বন্ড জমা না দেওয়ার জন্য বৃহবার আদালত তাঁর বিরুদ্ধে জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা (এনবিওআই) জারি করেছিল। তাইই জেরে শুক্রবার দিল্লি পুলিশের এই পদক্ষেপ।

তবে তাঁকে গ্রেপ্তারের কিছু সময়ের মধ্যে মুক্তির নির্দেশও দিয়েছে দিল্লি আদালত। এদিন আদালত প্রবেশন বন্ড প্রদান এবং এক লক্ষ টাকা জরিমানা দেওয়ার শর্তে মুক্তি দেয় তাঁকে। গুজরাটে



নর্মানা বাঁচাও আন্দোলনের অন্যতম মুখ মেধার বিরুদ্ধে ওই মানহানির মামলাটি করেছিলেন দিল্লির বর্তমান লেফটেন্যান্ট গভর্নর বিনয়কুমার সান্সানা। মেধার মিথ্যা দাবির জন্য সান্সানার সামাজিক সম্মানহানি হয়েছে বলে গভবতের জুলাই মাসে রায় দিয়েছিল আদালত। সেই কারণে তাঁর পাঁচ মাসের জেল এবং ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণের সাজা হয়েছিল। সেই সঙ্গে তাঁর জামিনও মঞ্জুর হয়েছিল।

কিন্তু অভিযোগ, মেধা জামিনের শর্ত মানেই। গত বৃহবার সাক্ষাত আদালতের অতিরিক্ত দায়ীরা জঙ্গ বিশাল সিং মেধার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করে জানিয়েছিলেন, পরবর্তী শুনানির দিনের মধ্যে আদালতের নির্দেশে উল্লিখিত শর্তাবলি পালন করা না হলে অবিলম্বে সাজা কার্যকর করা হবে।

আড়াই দশক আগে সান্সানা ‘নাশানাল কাউন্সিল অফ সিভিল লিবার্টিজ’ নামে একটি সংগঠনের সভাপতি ছিলেন। এই সংগঠনটি মেধাদের নর্মানা বাঁচাও আন্দোলনের বিরোধী ছিল।

বন্দি জওয়ানকে ঘিরে উৎকর্ষা

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি, ২৫ এপ্রিল : পাকিস্তান রেঞ্জার্সের হাতে বন্দি হওয়ার পর থেকে কেটে গিয়েছে ২৪ ঘণ্টা। এখনও বন্দি রয়েছেন বিএসএফ জওয়ান পূর্ণমকুমার সাউ। সূত্রের খবর অনুযায়ী, বিএসএফের ডাকা ম্ল্যাগ মিটিংয়ে এখনও পর্যন্ত কোনও সাড়া দেয়নি পাকিস্তান রেঞ্জার্স। এই পরিস্থিতিতে জটিলতা বাড়ছে এবং সময় যত গড়াবে ততই তীব্র হচ্ছে। সূত্রের খবর, বিএসএফের ডিজি ওই আটক জওয়ানের বিষয়ে ইতিমধ্যেই স্বরাষ্ট্রসচিবকে অবহিত করেছেন। ফলে সময় যত গড়াবে ততই ওই বিএসএফ জওয়ানকে ঘিরে উৎকর্ষার পারদ চড়ছে। বন্দি বিএসএফ জওয়ানের স্ত্রী রজনী সাউ সরকারের কাছে অবৈধন করেছেন তাঁর স্বামীর দ্রুত মুক্তির জন্য। তিনি বলেন, ‘আমার স্বামীকে কর্তব্যরত অবস্থায় পাকিস্তান অপহরণ করেছে। ওঁকে গ্রেপ্তার করা হয়েছে সেখানে। গত মঙ্গলবার শেখবার ওঁর সঙ্গে

আমার কথা হয়েছিল। আমি চাই উনি যেন দ্রুত মুক্তি পান।’ ওই বিএসএফ জওয়ানের ভাই রাজেশ্বর পাণ্ডে বলেন, ‘কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার ওঁকে ফেরানোর সব রকমের চেষ্টা করেছে। উনি নিরাপদে ফিরবেন বলে আশাবাদী।’ বৃহবার পাঞ্জাবের জালোক বড়ার আউটপোস্টের অধীনে ফিরোজপুরে ডিউটি পালন করছিলেন জওয়ান রিজভার বান্দিনা বিএসএফ কনস্টেবল পূর্ণমকুমার সাউ। রুটিন পেট্রোলিংয়ের সময় তিনি অসাধবানে আন্তর্জাতিক সীমানা পেরিয়ে পাকিস্তানি ভূখণ্ডে চলে যান এবং সেখানেই পাকিস্তান রেঞ্জার্স তাঁকে আটক করে। প্রথমবারের বৈঠকে সাড়া না পেয়ে বিএসএফ ইতিমধ্যেই পাকিস্তান রেঞ্জার্সের সঙ্গে দ্বিতীয়বার ম্ল্যাগ মিটিংয়ের আবেদন জানিয়েছে। পূর্ণমকুমার তাঁর সার্ভিস রাইফেল নিয়ে একটি কৃষকের সঙ্গে ছিলেন। বিশ্রামের জন্য ছায়ায় বসতে এগিয়ে গেলে

পাকিস্তানি সেনারা তাঁকে আটক করে। যদিও সীমান্ত অতিক্রমের এই ধরনের ঘটনা মাঝেমাঝে ঘটে। সাধারণত এসব বিষয় সামরিক প্রোটোকলের মাধ্যমে সমাধান করা হয়। আটক ব্যক্তিকে পরবর্তীতে দুই দেশের মধ্যে পতাকা বৈঠকের মাধ্যমে ফেরত পাঠানো হয়। তবে এই ঘটনার মধ্যে একটি নতুন মাত্রা যোগ করেছে কাশ্মীরের পহলগামে সাংপ্রতিক সন্ত্রাসী হামলা, যা ভারত-পাকিস্তান সম্পর্ককে আরও উত্তপ্ত করে তুলেছে। এই পরিস্থিতিতে যে কোনও সাধারণ সীমান্ত অতিক্রমের ঘটনার চেয়ে অনেক বেশি জটিলতার সৃষ্টি করেছে পূর্ণমের ঘটনাটি। দ্বিপাক্ষিক সম্পর্কের মধ্যে সৃষ্টি হওয়া উত্তেজনার কারণে এবার বিএসএফ জওয়ানের আটক হওয়ার ঘটনা গুণ্ড এবং একই সীমান্ত বিরোধের বিষয় নয়, বরং এটি একটি আন্তর্জাতিক কূটনৈতিক চ্যালেঞ্জ হিসেবে পরিগণিত হয়েছে।

পাকিস্তানকে এক ফোঁটা জল নয়

নয়াদিল্লি, ২৫ এপ্রিল : ভারত ও পাকিস্তানের মধ্যে ১৯৬০-এ স্বাক্ষরিত সিন্ধু জল চুক্তি বর্তমানে প্রবল উত্তেজনার কেন্দ্রবিন্দুতে। সম্প্রতি জম্মু ও কাশ্মীরের পহলগামে ভয়াবহ জঙ্গি হামলার পর ভারত এই চুক্তিকে ‘স্থগিত’ রাখার সিদ্ধান্ত নিয়েছে এবং পাকিস্তানকে এক ফোঁটা জলও না পাঠানোর পরিকল্পনা করেছে। এই সিদ্ধান্তের পর পাকিস্তানকে একবিদু জলও না দেওয়ার জন্য তিন দফা পরিকল্পনা তৈরি করেছে ভারত-স্বল্পমেরাদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি।

জলশক্তি মন্ত্রী সিআর পাটিল জানিয়েছেন, এই তিনটি পরিকল্পনা বাস্তবায়নে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। শুক্রবার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বাসভবনে সিন্ধু জল চুক্তি নিয়ে উচ্চপায়েই বৈঠক হয়। বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ক্যাবিনেট কমিটি অন সিকিউরিটি (সিসিএস) পাকিস্তানের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করার সিদ্ধান্ত নেয়।

দীর্ঘমেয়াদি পরিকল্পনার কী থাকছে? সরকারি সূত্রে জানা গিয়েছে, দীর্ঘমেয়াদি পরিকল্পনার রয়েছে— ড্রামে জমে থাকা পলি সরানো (ডি-সিলটিং), নদীর গতিপথ পরিবর্তনের সম্ভাবনা এবং নতুন ড্যাম নির্মাণ। এছাড়া পাকিস্তানের আপত্তি থাকায় যে জলবিদ্যুৎ প্রকল্পগুলি আটকে ছিল, সেগুলি দ্রুত গতিতে সম্পন্ন করার কথাও ভাববে ভারত।

জবাবে পাকিস্তান বলেছে, সিন্ধু জল চুক্তি একতরফাভাবে স্থগিত রাখা যায় না। ইসলামাবাদ নয়াদিল্লির পদক্ষেপকে ‘যুদ্ধ ঘোষণার সমান’ বলে হুঁশিয়ারি দিয়েছে। পাকিস্তানের জাতীয় নিরাপত্তা কমিটি জানিয়েছে, ভারতের জল আটকানোর চেষ্টা হলে তারা ‘জাতীয় শক্তির সবদিক থেকে’ জবাব দেবে।

১৯৬০ সালে ভারত ও পাকিস্তান সিন্ধু জল চুক্তি করেছিল। এই চুক্তিতে মতপূর্ণ জঙ্গি সংগঠন জৈশ-ই-তেয়াবের নেতারা জৈশ-ই-তেয়াব সংগঠিত হয়ে কাশ্মীরে হামলার ছক তৈরি করছে হামাস। গোয়েন্দা সূত্রে খবর, পহলগামে যে হামলা হয়েছে তার নেপথ্যে হামাসেরই নীল নকশা রয়েছে। পাক অধিকৃত কাশ্মীরে জৈশ ও লক্ষ্মের শিবিরে প্রশিক্ষণের বন্দোবস্ত করেছে হামাস। তাতে পূর্ণ মদত রয়েছে আইএসআইয়ের।

জানা গিয়েছে, যে চার জঙ্গি পহলগামের বেসমুখে হামলা চালিয়েছিল, তাদের ওই শিবিরগুলিতে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। ইজরায়লে যে হামাস নেতাদের মুক্তি দিয়েছিল তারা ফেফ্রুয়ারি মাসে পাকিস্তানে যায়। সেখান থেকে পাক অধিকৃত কাশ্মীরে গিয়ে লক্ষ্মর ও জৈশ অপারোটিভদের সঙ্গে সাক্ষাৎ করে তারা। রায়গালকাটে রীতিমতো সংঘর্ষনা দেওয়া হয় তাদের। ‘কাশ্মীর সলিডারিটি গুণ্ডার সংস্থা আইএসআই এবং তাদের মদতপূর্ণ জঙ্গি সংগঠন জৈশ-ই-তেয়াব এবং লক্ষ্মর-ই-তেয়াব সংগঠিত হয়ে কাশ্মীরে হামলার ছক তৈরি করছে হামাস। গোয়েন্দা সূত্রে খবর, পহলগামে যে হামলা হয়েছে তার নেপথ্যে হামাসেরই নীল নকশা রয়েছে। পাক অধিকৃত কাশ্মীরে জৈশ ও লক্ষ্মের শিবিরে প্রশিক্ষণের বন্দোবস্ত করেছে হামাস। তাতে পূর্ণ মদত রয়েছে আইএসআইয়ের।

কাশ্মীরে হামাসের তৎপরতা যেভাবে বাড়ছে তাতে উগ্ধে প্রকাশ করেছে ভারতে নিযুক্ত ইজরায়লের রাষ্ট্রদূত রুভেন আজার। পহলগামের ঘটনার সঙ্গে দু-বছর আগে ইজরায়লে হামাসের একটি হামলার সাদৃশ্য রয়েছে বলে দাবি করেছেন তিনি। আজার বলেন, সন্ত্রাসবাদীরা সর্বত্রই জোট বাঁধছে। পরম্পরকে নকল করছে। আমি নিশ্চিত, গোয়েন্দা সংস্থাগুলি তাদের পরামর্শ দিয়ে একযোগে কাজ করবে। তবে ভারতীয় গোয়েন্দাদের চিত্তায় ফেলেছেন হামাসের জাল বিস্তারের ছক দেখে। পাক অধিকৃত কাশ্মীরের পাশাপাশি তারা এবং বিলাল আলসালাতা সেখানে ছিল গটিছড়া বাঁধার চেষ্টা করছে।

এপ্রিল মাসের বিষয় : অকপট মুহূর্ত (স্ট্রিট ফোটোগ্রাফি)

সমাপতন (শিববাড়ি, গঙ্গারামপুর)

বৈপরীত্য (ঝালদা, পুরুলিয়া)



প্রথম : নীহাররঞ্জন ঘোষ
(গঙ্গারামপুর, দক্ষিণ দিনাজপুর) ক্যানন ইওএস আর৬



দ্বিতীয় : দুর্জয় রায়
(ধূপগুড়ি, জলপাইগুড়ি) ক্যানন ইওএস ৫ডি মার্ক ৪

সঙ্গী (বালুরঘাট)

চড়কমেলায় (গঙ্গারামপুর)

প্রার্থনা (হাপা-নাহারলাগুন স্পেশাল)



তৃতীয় : সৌগত মহন্ত
(বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর) ক্যানন ইওএস আরপি



চতুর্থ : সৌগত ঘোষ
(গঙ্গারামপুর, দক্ষিণ দিনাজপুর) সোনি এ৬০০০



পঞ্চম : অনুপম চৌধুরী
(ভোলারডাবরি, আলিপুরদুয়ার) ভিভো ভি২০

জীবন-যাত্রা (উত্তর কলকাতা)

বিকটকালীর পুজোয় (ত্রিমোহিনী)

জীবন যেমন (ফ্লোরেন্স, ইতালি)



ষষ্ঠ : জয়াশিস বণিক
(নাকতলা, কলকাতা-৪৭) নিকন ডি৭২০০



সপ্তম : ঋত্বিক সাহা
(বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর) সোনি এ৬৪০০



অষ্টম : শেখর বন্দ্যোপাধ্যায়
(মাটিগাড়া, শিলিগুড়ি) নিকন ডি৭০০০

ফ্রেমে কৃষ্ণ (কোচবিহার রাসমেলা)



নবম : সুমন চক্রবর্তী
(আনন্দপাড়া, জলপাইগুড়ি) ক্যানন ইওএস ৫৫০ডি



আলোকচিত্র
প্রতিযোগিতা

আরও যাঁরা ছবি পাঠিয়েছেন

দীপাঞ্জয় ঘোষ, বিভূতিভূষণ নন্দী, সর্বজিৎ সেন, অভিরূপ ভট্টাচার্য, অঙ্কুশ মজুমদার, অনীক সান্যাল, সুশোভন সাহা, শ্রীজিৎ দাস, রিপন সাহা, নির্মলচন্দ্র বর্মণ, রাজদীপ সাহা, কৌশিক মালাকার, সহিষ্ণু সাহা, পিয়ালি দাস, রাই ঘোষ, অঙ্কুর রায়, অমিতাভ সাহা, শুভ্রশংকর নাগ, প্রতীক গড়াই, শ্যামল চাকি, কুন্দন হেলা, উদিতা কার্জি, সাংগিক সূত্রধর, শৌভিক রায়, শান্তনু দেব, জয় মণ্ডল, কুন্দশুভ্র চক্রবর্তী, কিংসুক বণিক, সুমন চক্রবর্তী, পঙ্কজ মাহাতো, অভির্জিৎ দাস, অর্ধদীপ চক্রবর্তী, মানপ বর্মণ, দেবাদিত বোস, সাত্যকি চক্রবর্তী, অগ্নিভপ্রতিম বড়ুয়া, দীপক অধিকারী, মনীষা দাস, রোনক শুর রায়, গৌরব বিশ্বাস, ইন্দ্রজিৎ সরকার, কৌশিক দাম ও অয়ন সাহা।

দুরন্ত (বালুরঘাট)



দশম : শোভন রায়
(বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর) নিকন জেড৬

অস্ত্র নিয়ে জমায়েত, গ্রেপ্তার ১২

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : অপরাধমূলক কাজে জড়ো হওয়ার অভিযোগে বৃহস্পতিবার রাতে মোট বারোজন তরুণকে গ্রেপ্তার করল শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতদের মধ্যে আটজনকে প্রধাননগর থানার পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃতরা হল রাজু কুমার, কার্তিক রায়, মল্লু মুন্ডা, সূর্য ওয়ার্ড, বিবেক রায়, করণ ঠাকুর, দীপকুমার রায় ও মানব ঘোষ। বাকি চারজন শিলিগুড়ি থানার পুলিশের হাতে গ্রেপ্তার হয়। প্রধাননগর থানার পুলিশ সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে পুলিশের কাছে খবর আসে কুলিপাড়া এলাকায় কয়েকজন তরুণ ধারালো অস্ত্রশস্ত্র নিয়ে জড়ো হয়েছে। এরপর পুলিশ সেখানে অভিযান চালিয়ে আটজনকে গ্রেপ্তার করে।

ধৃতদের শুক্রবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে বিচারক সকলকে জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন। অন্যদিকে, গোপন সূত্রে অভিযোগের ভিত্তিতে শিলিগুড়ি থানার পুলিশ বৃহস্পতিবার রাতে পাইপলাইন এলাকায় অভিযান চালায়। সেখানে কয়েকজন তরুণ ধারালো অস্ত্রশস্ত্র নিয়ে জড়ো হয়েছিল। এরপর পুলিশ চারজনকে গ্রেপ্তার করে। ধৃতদের মধ্যে প্রদীপ দাস ও বিক্রি সাহানি টিকিয়াপাড়ার বাসিন্দা। সঞ্জীব বাগরাকোট ও মহম্মদ জামিল কয়লা ডিপার বাসিন্দা। তাদেরও এদিন শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে জেল হেপাজতের নির্দেশ দেওয়া হয়েছে।

৫১টি মোবাইল উদ্ধার করে ফেরত

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : গত কয়েক মাসে হারিয়ে যাওয়া ৫১টি মোবাইল উদ্ধার করল নিউ জলপাইগুড়ি (এনজিপি) থানার পুলিশ। শুক্রবার সেই মোবাইলগুলি প্রকৃত মালিকের হাতে ফিরিয়ে দেওয়া হয়। কেউ মোবাইল হারিয়েছিলেন, কারও মোবাইল ক্ষিভেই হয়ে গিয়েছিল। সব ক্ষেত্রেই ফিরে পাওয়ার আশা ছেড়ে দিয়েছিলেন মোবাইল মালিকরা। তবে বিপদ এড়াতে অপর্ণা বিশ্বাস, পশুপা ঘোষ, সঞ্জয় প্রসাদ, সুরজ সাহা সহ প্রত্যেকেই পুলিশের কাছে অভিযোগ জানিয়েছিলেন। শুক্রবার মোবাইলগুলি ফিরে পেয়ে খুশি হয়েছেন তারা। উপস্থিত ছিলেন শিলিগুড়ি পুলিশ কমিশনারের এসিপি (পূর্ব-২) সোমনাথ দাস, এনজিপি থানার আইসি সোমন লামা সহ অন্য পুলিশ অধিকারিকরা।

ইসলামপুরে যানজটে চুপ পুলিশ

ইসলামপুর, ২৫ এপ্রিল : রোজকার যানজটে সাধারণ মানুষ নাজেহাল। পুলিশি নিষ্ক্রিয়তায় তারা ক্ষুব্ধ। শহরের রাজ্য সড়ক থেকে ক্ষুদ্রিরামপল্লি ঢোকায় মুখে প্রতিদিন যানজট হচ্ছে। সবার ভোগান্তি বাড়ছে। ক্ষুদ্রিরামপল্লির বাসিন্দা শতদল দাসের ক্ষোভ, 'রাস্তা দখল করে অবেধভাবে পার্কিং করা হচ্ছে। দেখার কেউ নেই। প্রতিদিন যানজটে আটকে পড়ছি। দীর্ঘদিন ধরে এমনটা চললেও সমস্যা মেটাতে কেউ কোনও ব্যবস্থা নিচ্ছে না।' পুলিশ অবশ্য উপযুক্ত ব্যবস্থার আশ্বাস দিয়েছে।

প্রাণকে ত্রুকে টেক্সা দিচ্ছে ইস্টার্ন বাইপাস

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : ব্যবসা-বাণিজ্যের নতুন ডেস্টিনেশন এখন ইস্টার্ন বাইপাস। কী পাওয়া যায় না এখানে? বাড়ি তৈরির যাবতীয় সামগ্রী থেকে ঘরসজ্জার নানা উপকরণ। টাকা ফেললে নাকি এখানে 'বাঘের চোখ' পাওয়া যায়, বলেন অনেকেই। আর এখানে সব পাওয়া যায় বলেই এখন অনেকেই আর সেবক রোড বা হিলকোর্ট রোডের দিকে পা বাড়ান না, ভিড় জমান ইস্টার্ন বাইপাসে। তাই এখানেও অনেকে দোকান তৈরিতে আগ্রহ দেখাচ্ছেন। যেমনটা দেখা যাচ্ছে বর্ধমান রোডকে কেন্দ্র করে।

শহরকে যানজটমুক্ত করতে বাম জমানায় তৈরি করা হয়েছিল ইস্টার্ন বাইপাস। সে সময় রাস্তাটি শুষ্ক ছিল পাড়াগামী গাড়ির চলাচলের পথ। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে যেমন শহরের পরিধি বৃদ্ধি পেয়েছে, তেমনি কদর বেড়েছে ইস্টার্ন বাইপাসের। এখন তো রাস্তার ধারে একটিলতে জমি পাওয়াও দুষ্কর। রাস্তার দু'ধারের



৪৬ নম্বর ওয়ার্ডের প্রথমখনগর শিশু উদ্যান এখন বেহাল হয়ে পড়েছে। শুক্রবার তোলা সংবাদচিত্র।

খেলার সব সামগ্রী ভাঙা

রঞ্জিত ঘোষ

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : এলাকার কচিকাঁচাদের বিনোদনের জন্য ৪৬ নম্বর ওয়ার্ডের প্রথমখনগরে একটি শিশু উদ্যান তৈরি করেছিল পুরনিকাম। কিন্তু দীর্ঘদিন রক্ষণাবেক্ষণের অভাবে সেখানকার সমস্ত খেলাধুলোর সামগ্রী ভেঙে পাকটির অবস্থা বেহাল। স্থানীয়দের অভিযোগ, বর্তমান বোর্ডের আমলে একাধিকবার এই পার্ক সংস্কারের আশ্বাস দেওয়া হলেও, কাজের কাজ কিছুই হয়নি। ফলে এখানকার শিশুরা খেলাধুলোর সুযোগ থেকে বঞ্চিত। এমন ঘটনায় ক্ষুব্ধ ওয়ার্ড কাউন্সিলার দিলীপ বর্মনাও। তিনি নিজেও পুরনিকামের মেয়র পারিষদ। দিলীপের দাবি, 'বছর মেয়র থেকে শুরু করে উদ্যান ও কানন বিভাগের মেয়র পারিষদের এই শিশু উদ্যান সংস্কারের জন্য বলেছি। কেউ আমার কথা শুনছে না। শুধু হচ্ছে হবেই শুনে আসছি। এখন আর কিছু বলতে ইচ্ছে করে না।' পুরনিকামের উদ্যান ও কানন বিভাগের মেয়র পারিষদ সিজ্ঞা দে বসুরায় বলছেন, 'প্রথমখনগর শিশু উদ্যান সংস্কারের সিদ্ধান্ত বোর্ড সভায় পাশ হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে।'

পার্ক বেহাল

■ ৪৬ নম্বর ওয়ার্ডের প্রথমখনগর, উৎপলনগর, নর্মা বাগানের শিশুরা এই পার্কে আসে

■ পার্কে শুরুতে খেলার জন্য স্লিপার, দোলনা, ক্রাইস্কার বসানো হয়েছিল

■ একসময় প্রতিদিন বিকেলে কচিকাঁচাদের ভিড় হত এই পার্কে

■ এখন সমস্ত খেলাধুলোর সামগ্রী ভেঙে পাকটির অবস্থা বেহাল



৪৬ নম্বর ওয়ার্ডের প্রথমখনগর, উৎপলনগর, নর্মা বাগান, কাননিকাটা এলাকার ছোট ছোট ছেলেমেয়েদের শরীরচর্চা এবং বিনোদনের জন্য একটি শিশু উদ্যান রয়েছে। ২০০৫ সালে ওয়ার্ডের প্রথমখনগরে চম্পাসারি-মিলন মোড় প্রধান রাস্তার পাশে এই শিশু উদ্যানটি তৈরি করা হয়েছিল। সেখানে একাধিক স্লিপার, দোলনা, ক্রাইস্কার সহ অন্যান্য খেলার সামগ্রী বসানো হয়েছিল। একসময় প্রতিদিন বিকেলে কচিকাঁচাদের ভিড় জমাট বাঁধত। ফলে শুধু যে শিশুরা আনন্দ পেত তা নয়, শিশুর শারীরিক বিকাশের জন্যও এগুলি সহায়ক ছিল। এলাকার অনেক সাধারণ মানুষও এখানে প্রাতঃভঙ্গি করতে আসতেন। পার্কে পথাপু

আলোর ব্যবস্থাও করা হয়েছিল। কিন্তু বর্তমানে তেমন অস্তিত্ব পাওয়া যায় না অনেক কিছু। ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিলার সিপিএমের মুকুল সেনগুপ্ত বলেন, 'ওয়ার্ডের শিশু-কিশোরদের কথা ভেবেই আমাদের বোর্ডের আলো এই শিশু উদ্যান তৈরি করা হয়েছিল। আমরা বেশকিছু গাছও লাগিয়েছিলাম। প্রচুর সাধারণ মানুষও এখানে নিয়মিত বসতেন। কিন্তু বর্তমান বোর্ডের আমলে রক্ষণাবেক্ষণ করা হয়নি। যার ফলে পার্কটি কোনও কাজে লাগছে না। এলাকার মানুষের কথা ভেবে পার্কটি পুনরায় সংস্কার করা উচিত।'

প্রথমখনগরের প্রবীণ বাসিন্দা সুবীর দাস, প্রতীমা বাল্য বলেন, বাড়ির ছেলেমেয়েরা এই পার্কে খেলাধুলা করত। স্কুল থেকে বাড়ি ফিরেই ছোটরা পার্কে চলে যেত। বড়রাও গাছতলায় বসতেন। কিন্তু গত চার-পাঁচ বছর ধরে এই পার্কটি বেহাল হয়ে পড়ে রয়েছে। ওয়ার্ড কাউন্সিলারও বলেন, 'বছর মেয়র টেন্ডার হয়েছে, কাজ হচ্ছে, হবে বলে শুনেছি। কিন্তু কাজ হয়নি। আদৌ এই উদ্যানের সংস্কার হবে কি না, সেটা বিভাগীয় মেয়র পারিষদই বলতে পারবেন।'

নিকাশিনালায় দুর্ভোগ

প্রিয়দর্শিনী বিশ্বাস

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : অল্প বৃষ্টিতেই রাস্তায় জল জমে যাওয়ার ডাবগ্রাম-২ গ্রাম পঞ্চায়েতের পূর্ব চয়নপাড়ার বাসিন্দাদের ভোগান্তি বাড়ছে। নিকাশি ব্যবস্থার হাল এতটাই খারাপ যে, আকাশে মেঘ দেখলেই তারা সমস্যায় পড়েন। ফাঁকা জায়গায় আবর্জনা জমে তা পাহাড়ের রূপ নিয়েছে। তবে তা পরিষ্কারের কোনও উদ্যোগ নেই। ব্যাপক দুর্ভোগের পাশাপাশি পান্না দিয়ে মশার উৎপাতও বাড়ছে। এলাকার বাসিন্দা মদন দাসের অভিযোগ, 'বছ বছর ধরেই এই সমস্যা চলছে। বর্ষায় প্রতি বছর আমাদের ভোগান্তির কোনও সীমা থাকে না।'

পঞ্চায়েত সদস্য প্রতিভা রায় বলেন, 'এই এলাকায় জলনিকাশির ঠিকঠাক বন্দোবস্ত নেই। কালভার্টগুলো এতটাই উঁচু যে, এলাকার জল সেখানে গিয়ে আটকে যায়। পঞ্চায়েত দপ্তর আবর্জনা



পূর্ব চয়নপাড়ায় আবর্জনা বন্ধ নালা। -সংবাদচিত্র

পরিষ্কার করে না।' ডাবগ্রাম-২ পঞ্চায়েতের প্রধান মিতালি মালিকের বক্তব্য, 'এলাকায় আবর্জনা সাফাইয়ে আগেও শ্রমিক দেওয়া হয়েছিল। আবারও দেওয়া হবে। আবর্জনা ফেলার যেহেতু

নির্দিষ্ট জায়গা নেই, তাই মানুষকে একটু সচেতন হবে। যেখানে-সেখানে আবর্জনা ফেলা যাবে না। এলাকায় কালভার্টগুলো অনেকটা উঁচুতে রয়েছে। সমস্যা মেটাতে পূর্বে দপ্তরকে চিঠি দেওয়া হয়েছে।'

বামেদের প্রতিবাদ

শিলিগুড়ি ও ইসলামপুর, ২৫ এপ্রিল : পহলগামে জঙ্গি হামলার প্রতিবাদে রাস্তায় নামল সিপিএম ও সিপিআই। শুক্রবার সিপিএমের ১ নম্বর এরিয়া কমিটির ডাকে প্রধাননগরের নেতাভি মোড় থেকে চম্পাসারি মোড় পর্যন্ত মিছিল হয়। ছিলেন মুকুল সেনগুপ্ত, সিন্ধা হাজরা, সৌরভ সরকার প্রমুখ। অন্যদিকে, বিকেলে হাসমি চকে সিপিআইয়ের দার্জিলিং জেলা কাউন্সিলের উদ্যোগে প্রতিবাদ সভা আয়োজন করা হয়। পথচলতি মানুষকে কালো ব্যাজ পরান দলের কর্মীরা। সভায় ছিলেন দলের জেলা সম্পাদক অনিমেষ বন্দ্যোপাধ্যায়, পার্থ মৈত্র, প্রশান্ত বসু প্রমুখ। ইসলামপুর শহরেও সিপিএমের পথসভা হয়। অন্যদিকে, ইসলামপুর প্রেস ক্লাবের পক্ষ থেকেও একটি মিছিলের আয়োজন করা হয়। মিছিলটি পুরাতন বাসস্ট্যান্ড হয়ে পুর টার্মিনাসে এসে শেষ হয়।

রাজনৈতিক মদত নিয়ে প্রশ্ন উঠছে পুলিশকে পাত্তা দিচ্ছে না পাব

শমিদীপ দত্ত

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : নিরীক্ষিত সময়ের পরেও শহরের বিভিন্ন পাব দেহারে চলার অভিযোগ দীর্ঘদিনের। এবার পাবগুলিকে চিহ্নিত করে অভিযান চালাতে গিয়ে হেনস্তার শিকার হতে হল পুলিশ প্রশাসনকে। নিধারিত সময়ের পরেও পাব চালিয়ে ধরা পড়ার পরেও পুলিশের সঙ্গে পাব ম্যানেজাররা অসহযোগিতা করছেন বলে অভিযোগ উঠেছে। কোথাও আবার নোটিশ দিতে গেলে পালটা হেনস্তা করা হয়েছে পুলিশকেই। পাব মালিক, ম্যানেজারদের এত ক্ষমতা আসছে কোথা থেকে, তা নিয়ে উঠেছে প্রশ্ন। এই ক্ষমতার পেছনে রাজনৈতিক মদতও রয়েছে বলে মনে করছে বিভিন্ন মহল। শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ইস্ট) রাকেশ সিং বলছেন, 'অতিরিক্ত সময় ধরে চলা পাবগুলোকে চিহ্নিত করে আমরা আইনানুগ ব্যবস্থা নিচ্ছি। অসহযোগিতা করলে আইনত অভিযুক্তদের গ্রেপ্তারও করা হয়েছে।'

গত বুধবার গভীর রাতে উত্তরনগর থানার তরফে সেবক রোডের একটি পাবে অতিরিক্ত সময় ধরে চলার অভিযোগে অভিযান করা হয়। রাত দুটো পর্যন্ত খোলা রাখার সময়সীমা থাকলেও পুলিশের টিমের নজরে আসে, রাত আড়াইটে বেজে গেলেও ওই পাবে দেহার গান-নাচ চলছে। এরপর আবগারি দপ্তরের সরকারি নির্দেশ অমান্য করার অভিযোগে পাবের ম্যানেজারকে

বিএনএস অনুযায়ী নোটিশ ধরাতে যান পুলিশকর্মীরা। অভিযোগ, ম্যানেজার ওই নোটিশ নিতে



পেছনে কারা

■ শিলিগুড়ির পাবগুলিতে অনিয়মের জন্য অভিযান চালাতে গেলে পুলিশকে হেনস্তা

■ নিধারিত সময়ের পরেও পাব চালিয়ে ধরা পড়ার পরেও পুলিশের সঙ্গে অসহযোগিতা

■ পাব মালিকদের এত ক্ষমতা আসছে কোথা থেকে, তা নিয়ে উঠেছে প্রশ্ন

■ এর পেছনে রাজনৈতিক মদতও রয়েছে বলে জল্পনা

অস্বীকার করেন, পুলিশকর্মীদের জানিয়ে দেন পাব বন্ধ করা যাবে না। এরপরই পুলিশ সিরাজুল শেখ নামের ওই ম্যানেজারকে গ্রেপ্তার

করে। পুলিশকে একইরকম ঘটনার সন্মুখীন হতে হয়েছে সেবক রোডের আরেকটি পাবে। আবগারি দপ্তরের নির্দেশ অনুযায়ী, রাত দুটো পর্যন্তই পাব খোলার অনুমতি ছিল। যদিও পুলিশের নজরে আসে, নিধারিত সময়ের পরেও ওই পাব দিব্যি চলছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, এরপর ওই পাবের ম্যানেজার কিয়ান পাঞ্জার সঙ্গে কথা বলতে গেলে শুরু হয় ঝামেলা। পুলিশ কিয়ানকে গ্রেপ্তার করে। তাঁর পাশাপাশি পাবের মালিক কিশোর বিশ্বকর্মা বিরুদ্ধেও মামলা রুজু করেছে পুলিশ।

মাসতিনেক আগে একটি পাবের ম্যানেজারকে অতিরিক্ত সময়ের পরেও পাব চালানোর অভিযোগে গ্রেপ্তার করেছিল পুলিশ। জামিন পাওয়ার পর ওই পাব ম্যানেজার ও মালিকের তরফে সোশ্যাল মিডিয়ায় বঙ্গাঙ্গক ভিডিও পোস্ট করা হয়। যা নিয়ে সরণরম হয় শহর।

শিলিগুড়ি বিধানসভার বিধায়ক শংকর ঘোষ বলেছিলেন, 'আসলে পাবগুলোতে শাসকদের কিছু নেতার নিয়মিত যাওয়া-আসা রয়েছে, যার কারণেই পাব মালিক, ম্যানেজাররা এত সাহস পাচ্ছেন। তাঁরা পুলিশ, আবগারি দপ্তর কিছুই মানছেন না। প্রশাসনের উচিত, অবিলম্বে অতিরিক্ত সময় ধরে পাব চালানোর বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া। নইলে সমস্টিই হাতের বাইরে চলে যাবে।' পুরনিকামের ডেপুটি মেয়র রঞ্জন সরকার বলেন, 'প্রশাসন রয়েছে। আইন ভঙ্গ হলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। সবকিছুতে রাজনীতি টেনে আনা ঠিক নয়।'

আবর্জনা ফেলার সমস্যা

পারমিতা রায়

শিলিগুড়ি, ২৫ এপ্রিল : পুরনিকামের ১ নম্বর ওয়ার্ডের ঠাকুর এলাকার মহানন্দার চরে আবর্জনা ফেলার সমস্যা দীর্ঘদিনের। জায়গাটি কার্যত অঘোষিত ডাম্পিং গ্রাউন্ডে পরিণত হয়েছে। কখনও আবর্জনা এলাকা, খোঁয়ার জেরে টেকা দায় খোঁয়ার ঢেকে যাচ্ছে এলাকা। এই এলাকা সাফাইয়ের দাবি তুলছেন

এলাকার মানুষ। স্থানীয় বাসিন্দা সুজয় পালের কথায়, 'এই জায়গাটি ধীরে ধীরে আবর্জনার স্থূপে ভরছে। কারও কোনও নজর নেই।'

এলাকার বাসিন্দা সবিতা রায়ের কথায়, 'একেই আবর্জনার দুর্গন্ধে টেকা দায়, তার উপরে আশুন খরিয়ে দেওয়া হচ্ছে। খোঁয়ার ঢেকে যাচ্ছে এলাকা, খোঁয়ার জেরে টেকা দায় হচ্ছে।' শুক্রবার আবর্জনার স্থূপে এক বালতি ময়লা ফেলতে দেখা

গেল এক মহিলাকে। কেন ফেলছেন? প্রশ্ন করতেই তিনি বলেন, 'আমরা শুরু থেকেই এখানে ফেলে আসছি। আবর্জনা নিয়মিত নিতে আসে না। তাই এখানেই ফেলতে হয়।' ওয়ার্ড কাউন্সিলার সঞ্জয় পাঠক বলেছিলেন, 'বাইরে থেকে কিছু মানুষ এসে এখানে অনেক সময় আবর্জনা ফেলে যাচ্ছেন। যে স্থানীয়রা আবর্জনা ফেলছেন তাদেরও সতর্ক হতে হবে।'

রেংদার

চাল-তেল পরে...

রোটী কপড়া অগর মকান-সেই ধারণা এখন অতীত। আগে চাই ইস্টার্ননোট। উত্তরবঙ্গের অনেক পরিবারেই এক দৃশ্য। বাবা-মায়ের ভীষণ সমস্যা। ছেলেমেয়েরা মোবাইল রিচার্জের জন্য বারবার দ্বারস্থ হচ্ছে বাবা-মায়ের। টাকা চাই, টাকা দাও মোবাইলে আসক্তি এমনিতেই সামাজিক ব্যাধি। তার পিছু পিছু আসছে রিচার্জের দাবি। চাল-তেল ফুরালেও এত মাথাব্যথা নেই নতুন প্রজন্মের। প্রচ্ছদে সেই কাহিনী।

প্রচ্ছদ কাহিনী মণিদীপা বিশ্বাস কীর্তিনিয়া, শৌভিক রায়, ইন্দ্রনীল দত্ত ও সুমন মল্লিক কাশ্মীর নিয়ে দীর্ঘ কবিতা লিখেছেন সুবোধ সরকার গল্প রমাণী গোস্বামী ও রিমি মুহুসুন্দি ট্রাডেল রূপ অরবিন্দ ভট্টাচার্য

ধারাবাহিক দেবান্দনে দেবার্চনা : পূর্বা সেনগুপ্ত

প্রতিদিন নতুন নতুন দোকানপাটে সমৃদ্ধ হচ্ছে ইস্টার্ন বাইপাস।

সারি সারি দোকান মনে করিয়ে দেয় সেবক রোডকে। একটা সময় সেবক রোডে যেমন সমস্ত ধরনের নিমণিসামগ্রী পাওয়া যেত, এখন তেমনি সব জিনিস মেলে ইস্টার্ন বাইপাসে। সেবক রোড বা হিলকোর্ট

রোডে যাওয়ার ক্ষেত্রে যানজটের ভোগান্তি অনিবার্য। তাই শহরের বড় একটা অংশের মানুষ বেছে নিচ্ছে আশিধর মোড় হয়ে চলে যাওয়া রাস্তাটির ধারে থাকা দোকানগুলিকে। যে কারণে বা সময়ের দাবিতে এখানে

ফলে এখন ব্যবসা যথেষ্ট ভালো হচ্ছে।' ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে জানা গিয়েছে শুধু হায়দরপাড়া, রবীন্দ্রনগর বা নোপালিবস্তির মতো জায়গাগুলি থেকে মানুষ কেনাকাটা করতে আসছেন না, ভিড় জমাচ্ছেন আমবাড়ি, ফুলবাড়ি এলাকার বাসিন্দারাও। নিমণিসামগ্রীর ব্যবসায়ী বাসুদেব রায় বলছিলেন, 'বাইপাস এলাকা এবং সংলগ্ন জায়গাগুলোতে নতুন নতুন কত ক্যান্টিন, দোকান, বাড়ির তৈরি হচ্ছে। ফলে প্রয়োজনীয় সামগ্রী নিতে তারা এখানেই আসছেন।' তাঁদের ব্যবসার সূত্র ধরে এলাকার আর্থসামাজিক অবস্থার পরিবর্তন ঘটছে বলে বক্তব্য আসবাবপত্রের ব্যবসায়ী মাধব দাসের। ফকদইবাড়ি থেকে বাড়ির দরজা কিনতে এসেছিলেন বন্দিত রায়। তাঁর বক্তব্য, 'হাতের কাছেই যখন সব রয়েছে, তখন অন্যত্র কেন যাব?' সাবেক সরকার, মদন সরকার মনে করেন, এখানে কিছুটা কমে পাওয়া যায় জিনিস।

ভোল বদল

■ একটা সময় সেবক রোডে সব ধরনের নিমণিসামগ্রী পাওয়া যেত

■ এখন নিমণিসামগ্রী সহ মার্বেল পাথরের সব জিনিস মেলে ইস্টার্ন বাইপাসে

শপিং মল থেকে মার্গিহোম গড়ে উঠেছে। রাত ১২টাতেও হোটেল এবং কিছু দোকানের ঝাঁপ বন্ধ হয় না। কে বলছে, একটা সময় এলাকাটি ছিল বনজঙ্গলে ঘেরা।

ক্রোতার ভিড় যত বাড়ছে, ততই লক্ষ্মীলাভ হচ্ছে ব্যবসায়ীদের। যা অস্বীকার করছেন না ব্যবসায়ীরা। ছয় বছর আগে দোকান খোলার সময় এমন পরিস্থিতি ছিল না, তা জানিয়ে সুরত অধিকারী বলছেন, 'এই রাস্তায় যানজট কম। পাশাপাশি, আশপাশে প্রচুর জনবহুল এলাকা গড়ে উঠেছে।'

শরবতে জুড়োক প্রাণ

চাঁদফাটা রোদুর। বেয়াড়া গরম। আইচাই প্রাণ। একগ্লাস প্রাণ জুড়ানো শরবত পেলে প্রাণ জুড়োতে পারে। গরমে আমাদের শরীরে জলের ঘাটতি দেখা যায় ব্যাপকভাবে। তাই জলশূন্যতা দূর করার পাশাপাশি শরীর ঠান্ডা রাখার জন্য খেতে হবে কিছু ভিন্ন ধরনের শরবত। যা খেলে শরীর ঠান্ডা হবে, থাকবেন সুস্থও। চিনি-লেবুর শরবত তো খেয়েই থাকেন। এবার সেই শরবতই পরিবেশন করুন একটু ভিন্ন স্বাদে।



পুদিনার শরবত

পুদিনা পাতা, পাতিলেবুর রস, কাঁচা লংকা, আধচামচ চাট মশলা, আধচামচ ভাজা জিরেগুঁড়া, চিনি, স্বাদমতো লবণ, জল। একটি ব্লেণ্ডার জগে সব উপকরণ দিয়ে ব্লেণ্ড করে নিন। গরমের দিনে এই শরবত খুবই ভালো, পেট ও ঠান্ডা রাখে। মিশ্রণটি ব্লেণ্ড করে বড় ছাঁকনি দিয়ে ছেঁকে নিন। এবার গ্লাসে ঢেলে বরফ দিয়ে পরিবেশন করুন মজাদার পুদিনার ঠান্ডা শরবত।



তালশাঁসের শরবত

তালশাঁস খেতে যেমন সুস্বাদু, তেমনি পুষ্টিকর। এই ফল দিয়ে তৈরি শরবতও খেতে দারুণ হয়। শরবত তৈরির জন্য তালশাঁস, চিনির সিরাপ, চিনি, ঠান্ডা জল, বরফের টুকরো ও লেবুর রস নিন। তালশাঁসের খোসা ছাড়িয়ে টুকরো করে নিন। সব উপকরণ একসঙ্গে মিশিয়ে ব্লেণ্ডারে ব্লেণ্ড করে নিন। ভালো করে সব মিশে গেলে গ্লাসে ঢেলে নিন। এবার গ্লাসে ঢেলে বরফের টুকরো দিয়ে পরিবেশন করুন।



ডাবের শরবত

এই শরবত তৈরি করতে প্রয়োজন পড়বে একটি ডাবের। তবে খেয়াল রাখবেন ডাবে যেন শাঁস থাকে। ডাব কেটে তার জল একটি গ্লাসে ঢেলে নিন। ডাবের শাঁস আলাদা করে ছাড়িয়ে রেখে দিন। ডাবের জল ফ্রিজে রেখে ঠান্ডা করুন। পরিবেশনের আগে ডাবের ঠান্ডা জলে শাঁস মিশিয়ে হালকা ব্লেণ্ড করে নিন। তবে, জল ও শাঁস আগে থেকে ব্লেণ্ড করে রাখবেন না। তাতে স্বাদ নষ্ট হয়ে যাবে।



আয়রান শরবত

একটু ভিন্ন স্বাদ আনতে বানাতে পারেন তুরস্কের জনপ্রিয় শরবত আয়রান। এই শরবত তৈরি করতে প্রয়োজন টক দুইয়ের। আয়রান শরবত তৈরি করতে টক দুই, ২ কাপ, ঠান্ডা জল ২ কাপ, গোলমরিচের গুঁড়া আধ চা-চামচ, ভাজা জিরের গুঁড়া সামান্য, বিট লবণ আধ চা-চামচ, লবণ স্বাদমতো, চিনি ১ টেবিল চামচ, লেবুর ছোট টুকরো ৫-৬টি, পুদিনাপাতা ৪-৫টি।

লেবুর টুকরো ও পুদিনাপাতা ছাড়া বাকি সব উপকরণ একসঙ্গে ব্লেণ্ডারে ব্লেণ্ড করে নিন। বড় গ্লাসে টুকরো করা লেবু খেতে করে নিন। তারপর শরবতের মিশ্রণটি ঢেলে পুদিনাপাতা দিয়ে ঠান্ডা-ঠান্ডা পরিবেশন করুন।

তরমুজের শরবত

গরমের দিনে অন্যতম সুস্বাদু ফল তরমুজ। এটি ভীষণ পুষ্টিকর। সেইসঙ্গে গরমে জলশূন্যতা দূর করতেও কাজ করে এই ফল। তরমুজের শরবত তৈরির জন্য ৩ কাপ তরমুজের টুকরা, ১টি লেবু, আধ চা চামচ বিট লবণ, আধ চা চামচ গোলমরিচ গুঁড়া ও স্বাদমতো চিনি নিন। এবার সব উপকরণ একসঙ্গে ভালো করে ব্লেণ্ড করে নিন। ছাঁকনি দিয়ে ছেঁকে ফ্রিজে রেখে দিন। এরপর পরিবেশন করুন ঠান্ডা ঠান্ডা তরমুজের শরবত।

গরমে যেসব পানীয় এড়িয়ে চলবেন

গ্রীষ্মদিনে প্রাণে চাই তুফানি চুমুক। তাই বলে কোল্ড কফি থেকে অ্যালকোহলে ভরসা রাখবেন না। তেস্তা মেটাতে সবার পছন্দ আলাদা আলাদা হলেও, কেউ কেউ আবার কোল্ড কফির উপর নির্ভর করেন। কেউ আবার আইসড টি পছন্দ করেন। কিন্তু জানেন কি কিছু গ্রীষ্মকালীন পানীয় আসলে ডিহাইড্রেটেড করে! চলুন জেনে নেওয়া যাক, কোন পানীয়গুলো গরমে আপনাকে আরও বেশি ডিহাইড্রেটেড করতে পারে, সে বিষয়ে।

১. কোল্ড কফি/ আইসড কফি

গরমে ঠান্ডা কফি অনেকের কাছেই প্রিয়। যদিও এটি তাৎক্ষণিক শক্তি বৃদ্ধি করতে পারে। মনে রাখবেন, কফিতে ক্যাফেইন থাকে, যা একটি প্রাকৃতিক মূত্রবর্ধক। এই পানীয় নিয়মিত পান করলে তা আপনাকে ডিহাইড্রেটেড করতে পারে, যার ফলে প্রত্যাঘের মাধ্যমে জলের ক্ষয় হয়।



ডিহাইড্রেটেড করতে পারে। কোমল পানীয়ে চিনি এবং ক্যাফেইন বেশি থাকে, যা উভয়ই ডিহাইড্রেটেশনের কারণ হতে পারে। তাই মাঝে মাঝে এটি উপভোগ করলেও, পরে পর্যাপ্ত জল পান করতে ভুলবেন না।

৪. এনার্জি ড্রিংক

খেলাধুলা এবং ব্যায়ামের সময় ক্ষয় হওয়া ইলেক্ট্রোলাইট পূরণ করার জন্য মূলত এনার্জি ড্রিংক তৈরি করা হয়। যদিও এনার্জি ড্রিংক তাৎক্ষণিক শক্তি দেয়, তবে ভুলে যাবেন না যে এতে চিনি থাকে, যার ফলে ডিহাইড্রেটেশনের কারণ হয়।

২. আইসড টি

কফির মতো চায়েও ক্যাফেইন থাকে। আপনি হয়তো ভাবছেন এতে শক্তি পুষিয়ে নিচ্ছেন, কিন্তু আইসড টি পান করলে আসলে তা আপনাকে ডিহাইড্রেটেড করতে পারে। গ্রীষ্মকালে ডিহাইড্রেটেড বোধ এড়াতে আইসড টি পানের পরিমাণ কমিয়ে দিন।

৩. কোমল পানীয়

এই পানীয় আপনাকে দ্রুত

৫. অ্যালকোহল

আমরা জানি, অ্যালকোহল একটি মূত্রবর্ধক, যা প্রত্যাঘের পরিমাণ বৃদ্ধি করে এবং জলের ক্ষয় ঘটায়। গ্রীষ্মকালে এই ধরনের পানীয় পান করলে তা আপনাকে আরও বেশি ডিহাইড্রেটেড করে দিতে পারে। তাই এই সময় এ ধরনের পানীয় এড়িয়ে চলতে হবে। বরং নিজেই শীতল রাখার বিষয়গুলি মেনে চলুন।



গুড় নাকি চিনি?

মিষ্টি। অনেকেই আমরা চেটেপুটে খাই। এই জাতীয় খাবার আমাদের কমবেশি সবারই প্রিয়। মিষ্টি ছাড়া যেন আমাদের উৎসব আয়োজন অর্পণ থাকে। আর এই মিষ্টি জাতীয় খাদ্যের প্রধান ও মূল উপকরণ হচ্ছে চিনি। তবে এই চিনি খেতে মিষ্টি হলেও এর ফল কিন্তু মোটেই মিষ্টি নয়। অতিরিক্ত চিনি আমাদের স্বাস্থ্যকে বিপদে ফেলে। চিনি একটি নীরব হত্যাকাণ্ড। চিনি শরীরে বিধের মতো কাজ করে অনেকটা। স্নো পয়জনিংয়ের মাধ্যমে শরীরকে মৃত্যুর দিকে ঠেলে দেয়। চিনি খাওয়া অনেকটা নেশার মতো বলা যায়। বারবার খেতে হচ্ছে করে। বাজার থেকে যে চিনি কিনে এনে চা কিংবা মিষ্টি জাতীয় খাবার তৈরিতে ব্যবহার করা হয়, সেটি শরীরের জন্য বিশেষজ্ঞদের মতে, খুবই ক্ষতিকর। আসুন জেনে নিই, চিনি আমাদের শরীরে যে ধরনের ক্ষতি করে, সেইসব বিষয়ে।



ফলে স্থূলতার ঝুঁকি বেড়ে যায়। ফলে শরীর খুব দ্রুত মোটা হয়ে যায়। অতিরিক্ত ফ্যাট জমে গেলে রোগে আক্রান্ত হওয়ার আশঙ্কাও বেড়ে যায়।

১. ডায়াবিটিসের ঝুঁকি বাড়ায়
২. ডায়াবিটিসের ঝুঁকি বাড়ায়
৩. লিভারের ক্ষতি
৪. রক্ত চলাচলে বাধা
৫. স্মৃতিশক্তি কমিয়ে দেয়

চিনির কারণে অ্যালকোহল মার্সের মতো রোগ হতে পারে। ফলে মস্তিষ্কের কার্যক্ষমতা কমিয়ে



চিনির বিকল্প হিসেবে গুড় বেছে নিতে পারেন। চিনির তুলনায় গুড়ের ক্ষতিকর দিক কিছুটা হলেও কম। তবে মনে রাখবেন, অতিরিক্ত গুড়ও শরীরের জন্য ক্ষতিকর। বিশেষ করে ডায়াবিটিস রোগীদের জন্য।

দেয় চিনি।

৩. প্রদাহ ও রোগপ্রতিরোধ ক্ষমতা হ্রাস করে
৪. চিনি প্রদাহজনিত প্রতিক্রিয়া বাড়ায় এবং দীর্ঘমেয়াদে শরীরের রোগপ্রতিরোধ ক্ষমতা দুর্বল করে দেয়। অতিরিক্ত চিনি খেলে বিষমতা তৈরি হয়। শরীর সবসময় ক্লান্ত লাগে।
৫. হার্ট অ্যাটাকের ঝুঁকি বাড়ায়

বেশি মাত্রায় চিনি খেলে রক্তের প্রবাহ

বদলে যায়। ফলে হার্ট অ্যাটাক, হার্টফেল করার আশঙ্কাও বেড়ে যায়।

৮. ক্যানসারের ঝুঁকি বাড়ায়
৯. দাঁতের ক্ষতি করে
১০. স্মৃতিশক্তি কমিয়ে দেয়
১১. স্মৃতিশক্তি কমিয়ে দেয়

চিনি কোলাজনের গুণমান কমিয়ে দ্বকে বয়সের ছাপ পড়তে দেয়। এটা ব্রসের সমস্যাও বাড়াতে পারে। পাশাপাশি কোলাজেন ও ইলাস্টিনের ক্ষতি করে। চিনি সোরিয়াসিস খারাপ করে এবং দ্বকের প্রদাহ বাড়ায়।

গরমে বিদ্যুৎ বিল কমাবেন কীভাবে

অসম্ভব গরম। শুধু ফ্যান নয়, এসি চালিয়েও শীতল হওয়া সম্ভব হচ্ছে না অনেক সময়। সামনে আরও গরম পড়বে। বিদ্যুৎ বিল তাই বাড়তি দৃশ্যস্ত। অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম কম ব্যবহারের সুযোগ থাকলেও ফ্যান ও এসি তো চালাতেই হয়। গরম সামালানোর কিছু কৌশল প্রয়োগ করলে অবশ্য বাড়তি ফ্যান বা এসির প্রয়োজন অনেকটাই কমবে।

আলো আটকাতে ভারী পর্দা

কড়া রোদের সময় ঘরের দরজা-জানালায় ভারী পর্দা দিয়ে রাখুন। চাঁপাসাদা, ধূসর বা বিস্কুট রঙের মতো হালকা একটি রঙের পুরু পর্দা বেছে নিন, যা আলো আটকে দেয়। বিশেষ করে পশ্চিম দিকের জন্য।

ঘরে আসুক বাতাস

ভোরবেলা এবং শেষ বিকেলের বাতাস ঘরে আসতে দিন। দিনের অন্য সময়ও দক্ষিণের বাতাস আসার সুযোগ রাখুন।

ঘর শীতল রাখবে গাছ

বারান্দায় মাঝারি গাছ রাখুন। ছায়া

দেবে। খিলে লাতানো গাছ ছড়িয়ে দিতে পারেন। জানালার বাইরের অংশে বাড়তি খিল থাকলে সেখানেও লাতানো গাছ রাখুন। ঘরেও মানিপ্ল্যান্ট, মেক্সিক্যান্ট, অ্যালোভেরা, ড্রাসিনা প্রভৃতি রাখতে পারেন। ঠান্ডা থাকবেন অনেকটাই।

দিনের আলোয় কাজ সেরে রাখুন

ভোরে ঘুম থেকে উঠুন। দিনের আলোয় অধিকাংশ কাজ করুন। রাতে কম আলো জ্বালালে ঘর ঠান্ডা থাকবে, বিদ্যুৎ খরচও স্বাভাবিক ভাবে কমবে।

বড় পাত্র জল রাখুন

ঘরে এবং বারান্দায় কয়েকটা চওড়া খোলা পাত্রে জল রাখতে পারেন। জল বাষ্পীভূত হওয়ার সময় পরিবেশ থেকে তাপ গ্রহণ করবে। ফলে আপনার তুলনামূলক কম গরম লাগবে।

বারান্দার জলে পাখিদেরও তৃষ্ণ মিটবে। সব পাত্র মাটির তৈরি হলেই ভালো হয়। তবে যে কোনও পাত্রে রাখা জল ৭২ ঘণ্টা পেরোনোর আগেই বদলে ফেলবেন।

জঙ্গিদের আশ্রয়দাতা পাকিস্তান

বলে দিলেন প্রাক্তন পাক ক্রিকেটার কানেরিয়া

লাহোর, ২৫ এপ্রিল : পাকিস্তান জঙ্গিদের আশ্রয় দিচ্ছে। ভারতীয় নেতা-মন্ত্রী থেকে সেলিব্রিটিরা বিভিন্ন সময়ে অভিযোগ করেছেন। এবার একই মন্তব্য করলেন পাকিস্তানের দ্বিতীয় হিন্দু টেস্ট ক্রিকেটার দানিশ কানেরিয়া। পহলগামে সম্মানস্বাপীদের হামলার জন্য তিনি পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফকে দুষ্টেছেন। তাঁর দাবি শরিফের জন্যই পাকিস্তানে জঙ্গিদের এত রমরমা। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি লিখেছেন, ‘পহলগামে পর্যটকদের হত্যায় পাকিস্তান জড়িত না থাকলে প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ এর নিন্দা করলেন না কেন? আপনার সেনাবাহিনীর হঠাৎ সক্রিয় হয়ে ওঠার কারণই বা কী? আসলে সত্যিটা আপনিও জানেন। আপনারাই জঙ্গিদের আশ্রয় দিচ্ছেন, তাদের লালনপালন করছেন। লজ্জিত হোন এবার একটু।’



সেটা কাশ্মিরী পণ্ডিত হোক বা দেশের যে কোনও প্রান্তে থাকা হিন্দু, জঙ্গিরা যে ছদ্মবেশই নিক না কেন, তাদের একটাই দর্শন। যার খেদারত এখন গোটা বিশ্বকেই দিতে হচ্ছে।

পহলগামে পর্যটকদের হত্যায় পাকিস্তান জড়িত না থাকলে প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ এর নিন্দা করলেন না কেন? আপনার সেনাবাহিনীর হঠাৎ সক্রিয় হয়ে ওঠার কারণই বা কী? আসলে সত্যিটা আপনিও জানেন। আপনারাই জঙ্গিদের আশ্রয় দিচ্ছেন, তাদের লালনপালন করছেন। লজ্জিত হোন এবার একটু।

দানিশ কানেরিয়া

পর্যটক হত্যাকারীদের পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী তথা বিদেশমন্ত্রী মহম্মদ ইশাক দার স্বাধীনতা সংগ্রামী বলেছিলেন। যাকে কটাক্ষ করে কানেরিয়ার মন্তব্য, ‘জঙ্গিদের উপপ্রধানমন্ত্রীর স্বাধীনতা সংগ্রামী তকমা দেওয়া শুধু অসভ্যতা নয়, বুঝিয়ে দিচ্ছে দেশ সম্মানস্বাপীদের প্রশ্রয় দিচ্ছে।’

কন্যাশ্রী কাপের সূচনায় ৮ গোল ইস্টবেঙ্গলের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৫ এপ্রিল : কন্যাশ্রী কাপ প্রিমিয়ার ‘এ’ ডিভিশনের সূচনা। গুজরার কিশোরভারতী স্টেডিয়ামে টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে মুম্বাইয়েই ইস্টবেঙ্গল ও মেট্রী সংসদ। ৮-১ গোলে সেই ম্যাচ জিতল লাল-হলুদের প্রতীকালবাহিনী।



কলকাতা নাইট রাইডার্স ম্যাচের প্রস্তুতিতে শ্রেয়স আইয়ার, যুবব্রজ চাহাল। গুজরার ডি মণ্ডলের তোলা ছবি।

বরুণদের সামলাতে শ্রেয়সদের নেটে তনুষ

অরিন্দম বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ২৫ এপ্রিল : সবার প্রথমে টিম বাস থেকে নামলেন। মুখে চণ্ডা হাসি নিয়ে জনৈক ক্রিকেটপ্রেমীকে অটোগ্রাফ দিলেন। আর তারপরই গটগট করে ঢুকে গেলেন ক্রিকেটের নন্দনকাননের সাজঘরে। কিছু সময় পর মাঠে ঢুকলেন। কোচ রিকি পটিকে সঙ্গে নিয়ে হাজির হলেন বাইশ গজের সামনে। সামান্য সময় তাঁদের মধ্যে পিচ নিয়ে আলোচনা চলল। তারপরই ব্যাট হাতে নেটের অন্দরে সৈথিয়ে গেলেন শ্রেয়স আইয়ার।

কথায় বলে, মেজাজটাই আসল রাজ। পাঞ্জাব কিংস অধিনায়ক শ্রেয়স যার সেরা উদাহরণ। ব্যাট হাতে নিজে দরুণ ছন্দে রয়েছেন। দলকে দৃঢ়তা দিয়ে নেতৃত্ব দিচ্ছেন। জুন মাসে টিম ইন্ডিয়ায় ইংল্যান্ড সফরে যাওয়ার সজ্জাবা ক্রমশ উজ্জ্বল হচ্ছে শ্রেয়সের। এমন পরিস্থিতির মধ্যে ‘জ্বলার’ মেজাজ, আগ্রাসনটাও তাঁর মধ্যে জ্বলছে যিকিথিকি করে।

শেষ মরশুমে আইপিএল চ্যাম্পিয়ন হয়েছিল কেকেআর। দলকে নেতৃত্ব দেওয়ার পাশে ব্যাট হাতে ধারাবাহিকভাবে রান করে সাফল্যের দিশা দেখিয়েছিলেন শ্রেয়স। ইন্ডেনের মাঠ থেকে শুরু করে পিচ, সেই নিজের হাতের তালুর মতো এমন বর্তমান পাঞ্জাব কিংস অধিনায়ক। আর কেনা ইন্ডেনে কাল কলকাতা নাইট রাইডার্সের

বিরুদ্ধে খেলতে নামার আগে দুর্দান্ত একটা সিদ্ধান্ত নিয়েছেন তিনি। মুম্বই রনজি দলের সতীর্থ অফস্পিনার তনুষ কোটিয়ানকে কলকাতায় নিয়ে এসেছেন তিনি। আজ পাঞ্জাবের নেটে দীর্ঘসময় বোলিংও করেছেন তনুষ। কেনে স্কোয়াডে না থাকা মুম্বই অফস্পিনারকে ব্যক্তিগত উদ্যোগে দলের সঙ্গে নিয়ে এসেছেন অধিনায়ক শ্রেয়স?

সন্ধ্যার ইন্ডেনে তনুষকে বল হাতে দেখার পর উত্তরবঙ্গ সংবাদ-এর লড়াইয়ে প্রবলভাবে রয়েছে পাঞ্জাব। শ্রেয়সদের এগিয়ে চলার জন্য কাল ইন্ডেন জয় খুব প্রয়োজন। এমন অবস্থায় আজ সন্ধ্যায় সাংবাদিক সম্মেলনে হাজির হয়ে পাঞ্জাবের পিন্ডন বোলিং কোচ সুনীল যোশি বলেছিলেন, ‘কেকেআর বনাম গুজরাট ম্যাচটা আমরা দেখেছি। ইন্ডেনের পিচে বড় রান হয়েছিল। আশা করি, কালও তেমন কিছুই হবে। ব্যাটটা সময়ের উপর ছেড়ে দেওয়াই ভালো।’

সুনীল যোশি

পাঞ্জাবের স্পিন বোলিং কোচ

তরফে পাঞ্জাব কিংসের অন্দরমহলে খোঁজ নিয়ে জানা গিয়েছে চমকপ্রদ তথ্য। নাইটদের বোলিং বরাবরই শক্তিশালী। আর সেই বোলিংয়ের বড় ভরসা দুই রহস্য স্পিনার বরুণ চক্রবর্তী ও সুনীল নারায়ণ। দিন কয়েক আগে মুম্বাইপুর্বে নিজেদের ঘরের মাঠে বরুণ-নারায়ণের বিরুদ্ধে ১১১ রানে থমক গিয়েছিল পাঞ্জাব ইনিস। শেষ পর্যন্ত কেকেআরের ব্যাটিং বিপর্যয়ে পাঞ্জাব ম্যাচ জিতলেও

অধিনায়ক শ্রেয়স তাঁর সতীর্থদের জন্য তনুষের মাধ্যমে রহস্য স্পিন সামলানোর মন্ত্র দিতে চেয়েছেন বলে খবর। আজই পাঞ্জাবের নেটে বোলার হিসেবে দলে যোগ দিয়েছেন তিনি। শেষ পর্যন্ত তনুষের অফস্পিনে অনুশীলন প্রিয়াকে আর্থারের কতটা সাহায্য করল, কালই স্পস্ট হয়ে যাবে। তার আগে নয়া নেতাকে নিয়ে ফুরফুরে মেজাজে পাঞ্জাব।

১৩ বছর পর লেস্টার ছাড়ছেন ভার্ডি

লন্ডন, ২৫ এপ্রিল : লেস্টার সিটির সঙ্গে দীর্ঘ ১৩ বছরের সম্পর্কে ইতি টানছেন জেমি ভার্ডি। যা পরিস্থিতি তাতে এবার হয়তো অনবনমন এড়াতে পারবে না লেস্টার। এরই মাঝে ক্লাবের তরফে সরকারিভাবে ভার্ডির বিদায়ের ঘোষণায় মন খারাপ লেস্টার সমর্থকদের।

এই পর্যন্ত ইংল্যান্ডের ক্লাবটির হয়ে ৪৯৫টি ম্যাচ খেলেছেন জেমি। প্রায় দশের কাছাকাছি গোল রয়েছে। ফরমের প্রিমিয়ার লিগজয়ী দলের সদস্য তিনি। ক্লাবের ইতিহাসে সর্বকালের সেরাদের একজন বললেও ভুল বলা হলে না। ২০১২ সালে মাত্র ২৫ বছর বয়সে লেস্টারে যোগ দেন এই ইংলিশ স্ট্রাইকার। কেবিরায়ের সায়াহে এসে সেই যোগ ছিল হতে চলেছে। বিদায়বরণায় আবেগমন বাতায় ভার্ডি বলেছেন, ‘লেস্টার সিটি আমার দ্বিতীয় ঘর, পরিবার। তাই এই সিদ্ধান্তটা নেওয়া আমার জন্য যথেষ্ট কঠিন ছিল।’

সানির প্রশ্নের মুখে দ্রাবিড়ের রণনীতি

বেঙ্গালুরু, ২৫ এপ্রিল : একটানা পাঁচ ম্যাচে হার। সব মিলিয়ে ৯টি ম্যাচের ৭টিতেই পরাজয়। চলতি আইপিএলে প্লে-অফ খেলা কার্যত অনিশ্চিত রাজস্থান রয়্যালসের।

প্লে-অফে উঠতে গেলে শেষ পাঁচটি ম্যাচের প্রতিটি জিততে হবে রাজস্থানকে। সেইসঙ্গে তাকিয়ে থাকতে হবে অন্য দলগুলির দিকে। রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিরুদ্ধে পরাজয়ের পর ৯ ম্যাচে মাত্র ৪ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের অষ্টম স্থানে রয়েছে রাহুল দ্রাবিড়ের দল। দলের ‘স্টপ গ্যাপ’ ক্যাপ্টেন রিয়ান পরাগ ইতিমধ্যে স্বীকার করে নিয়েছেন, প্লে-অফ খেলার আশা শেষ হয়ে গিয়েছে তাদের।

সুনীল গাভাসকার

রয়্যালসের আগের ম্যাচগুলিতে আমি মাঠে ছিলাম না। ফলে সেই ম্যাচগুলি নিয়ে কোনও কথা বলতে পারি না। কিন্তু বেঙ্গালুরু ম্যাচটা মাঠে বসেই দেখেছি। রাহুল দ্রাবিড়ের

দলকে একজন কোচ থাকার পরেও বিদ্যাত্তিক পারফরমেন্স করেছে রাজস্থান। দলের খেলায় কোনও পরিকল্পনার ছাপ ছিল না। সবসময় অনভিজ্ঞ ক্রিকেটারদের দিয়ে ম্যাচ জেতা যায় না, এটা রাজস্থানকে বুঝতে হবে।

এদিকে দলের তারকা পেসার সন্দীপ শর্মা অবশ্য মনে করছেন, অধিনায়ক সঞ্জু স্যামসনের চোটই



আরসিবি ম্যাচে যশস্বী জয়সওয়াল মঞ্চ গড়ে দিলেও কাজে লাগাতে পারেনি রাজস্থান।



অনুশীলনের মাঝে জিরিয়ে নিচ্ছেন আশ্রে রাসেল। ছবি : ডি মণ্ডল

সঞ্জীবকুমার দত্ত
কলকাতা, ২৫ এপ্রিল : বৈশাখে চোখ রাখাচ্ছে উর্ধ্বমুখী পারদ। তাপমাত্রার সঙ্গে পাল্লা দিয়ে বাড়তে থাকা অস্বস্তিসূচক। জোড়া চাপে হাঁসফাঁস হাল। কলকাতা নাইট রাইডার্সের সাজঘরের উত্তাপ বোধই আরও বেশি। টানা হারের ঝঞ্ঝার ঠেকার খেতে খেতে প্রায় খাদের কিনারে। এবার পালাটা ধাক্কা না দিলে প্লে-অফের দৌড়ে টিকে থাকা দায়। শনিবারের ইন্ডেন গার্ডেঙ্গে দেওয়ালে পিঠ ঠেকে যাওয়া যে পরিস্থিতিতে ফের নামছে কেকেআর।

আইপিএলে আজ

কলকাতা নাইট রাইডার্স বনাম পাঞ্জাব কিংস

সময় : সন্ধ্যা ৭.৩০ মিনিট, স্থান : কলকাতা

সম্প্রচার : স্টার স্পোর্টস নেটওয়ার্ক, ডিওইস্টার

প্রতিপক্ষ প্রাক্তন নাইট শ্রেয়স আইয়ারের পাঞ্জাব কিংস। শাহরুখ খান বনাম প্রীতি জিন্টা-বীরজারা শো। অতীত রেকর্ডে কেকেআর অনেকটা এগিয়ে থাকলেও চলতি হিসেবনিকমে পাল্লা ভারী প্রীতির দলে। পাঞ্জাব যতটা চনমনে, ঠিক ততটাই চাপে নাইট শিবির। তার ওপর গত ম্যাচে পাঞ্জাবের হাতে ৯৫ রানে গুটিয়ে যাওয়ার ক্ষত।

পাওয়েলদের দিকে টিম থিংকটারদের বাড়তি মনোযোগে দুয়ে দুয়ে চার করছেন অনেকেই। রাসেলও যুরেফিরে একাধিকবার নেট করলেন। অবশ্য হোটেলের চার দেওয়ালের মধ্যে টিম মিটিংয়ে শেষপর্যন্ত কী ঘটবে টপের আগে ভবিষ্যদ্বাণী করা কঠিন। লক্ষ্যটা হবে না, দরকার সঠিক ক্যাম্পেনেই অবশ্য পরিষ্কার ঘুরে দাঁড়ানো। পথ দেখাচ্ছে মুম্বই ইন্ডিয়ান।

চলতি লিগে ইন্ডেনের কেকেআরের ১-৩ স্কোরলাইন যন্ত্রণা বাড়ছে। পিচ নিয়ে চিলচিৎকার করলেও মূল সমস্যা আরও গভীরে। যদিও তা বুঝতে চাইছে না। কিন্তু সাত নম্বরের (৮ ম্যাচে ৩টি জয়) কঠিন পরিস্থিতি থেকে ঘুরে দাঁড়াতে অবশ্য চেনা অঙ্কের বাইরে বেরোনো ছাড়া রাস্তা নেই। প্রয়োজন

সম্মেলনে বলেও দিলেন, মুম্বই ইন্ডিয়ান যদি পারে (শেষ চার ম্যাচে জয়), কেকেআর নয় কেন। কিন্তু নাইট শিবিরের রোহিত শর্মা, জসপ্রীত বুমরাহ, সূর্যকুমার যাদবের মতো ‘মশালা’ কোথায়? মইন যদিও সেই যুক্তি মানতে নারাজ। দাবি, মশালার অভাব নেই।

বদলের ভাবনায় আজ মরিয়া নাইটরা

পরিকল্পনার সঠিক বাস্তবায়নে আগামীকাল প্রাক্তন আইপিএলজয়ী অধিনায়ক শ্রেয়সের দলের বিরুদ্ধে কী চাকা ঘুরবে? উত্তরটা হাতড়ে বেড়াচ্ছে নাইটরাও।

৮ ম্যাচে ১০ পয়েন্টের সুবিধানয়ক অবস্থায় থাকা পাঞ্জাব জমি ছাড়তে নারাজ। নাইটরা যখন বদলের ভাবনায় মশগুল, তখন শ্রেয়সের চোখ বদলায়। পুরোনো দলের বিরুদ্ধে গত ম্যাচে শুভমান গিল তাঁর হিসেবনিকমে মিটিয়েছেন। ইন্ডেনের কঠিন পিচে ৯০ রানের দুরন্ত ইনিংসে ব্যবধান গড়ে দিয়েছিলেন। আগামীকাল কি শ্রেয়সের পালা? বোলিং কোচ সুনীল যোশি অবশ্য গুরুত্ব দিচ্ছেন, ইন্ডেন, কেকেআর নিয়ে শ্রেয়সের ‘ইনপুটস’ গুরুত্ব দিচ্ছেন। বরুণ চক্রবর্তী, সুনীল নারায়ণের স্পিন ভেঁতা করতেও পটভিগ্নের মূল অস্ত্র শ্রেয়স।

বরুণ বনাম চাহাল, দুই লেগির ‘ব্যক্তিগত’ যুদ্ধটাও আকর্ষণ হতে চলেছে। বরুণের উত্থানে ভারতীয় দলে ফেরার রাস্তা ক্রমশ দুর্গম হচ্ছে চাহালের। মুম্বাইপুর্বে দ্বৈধখে ৪ উইকেট নিয়ে বরুণকে টেকা দিয়েছেন চাহাল। আগামীকাল? উত্তরের মধ্যে লুকিয়ে ম্যাচের ভাগ্য।

পহলগাম কাণ্ডের জের নাইট শিবিরেও। আগামীকাল ম্যাচের আগে বিশেষ অনুষ্ঠান আয়োজনের কথা ছিল। কিন্তু কাশ্মীরের মমান্তিক ঘটনার জেরে তা স্থগিত করা হয়েছে। বদলে নিহতদের প্রতি শ্রদ্ধা জানাতে কালো আর্মব্যান্ড পরার সিদ্ধান্ত নিয়েছে কেকেআর।




ফুটবল খেলে গা ঘামিয়ে নিচ্ছেন রোহমান পাওয়েল। সঙ্গী আনরিচ নর্ভজে।

ব্যাটিং অর্ডার নিয়ে ঘেঁটে ঘ কেকেআর

অরিন্দম বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ২৫ এপ্রিল : কথা ছিল বিকেল সাড়ে চারটে নাগাদ ইন্ডেন গার্ডেঙ্গে অনুশীলনের জন্য হাজির হবে কলকাতা নাইট রাইডার্স। সেই মতো পুলিশ থেকে শুরু করে সংশ্লিষ্ট সব পক্ষই তৈরি ছিল।



ঘটনা ঘটল উলটে। বিকেল চারটে বাজার সামান্য আগে আচমকাই ইন্ডেনের মূল প্রবেশদ্বারের সামনে হাজির হয়ে গেল কেকেআরের স্টিকার লাগানো পেলাম্বা এক গাড়ি। সাইকে অবাধ করে দিয়ে সেই গাড়ি থেকে নামলেন আশ্রে রাসেল। ঢুকে গেলেন ইন্ডেনের সাজঘরে। সামান্য সময় পর ব্যাট নিয়ে ধ্রু রাস হাজির ক্রিকেটের নন্দনকাননের বাইশ গজের ঠিক পাশের পিচে। শুরু দীর্ঘ ব্যাটিং অনুশীলনের।

অভিষেক হতে পারে সিসোদিয়ার

ব্যাটিং করে গেলেন তিনি। সেই ব্যাটিংয়ের মাঝে একবার আচমকাই ব্যাট পাশে রেখে পিচের মধ্যেই শুয়ে পড়লেন তিনি। নাইটের ধার থেকে দৌড়ে গেলেন নাইটদের ফিল্ড। কেকেআর টিম ম্যানেজমেন্টকে স্তম্ভিত করে ব্যাট হাতে দ্রুত উঠে দাঁড়ালেন ধ্রু রাস। ফের শুরু করলেন ব্যাটিং সাধনা। আশ্রে রাসেলের ব্যাটিং চর্চা দেখার পর একটা বিষয় স্পস্ট, তিনি রানে ফিরতে মরিয়া। ফিনিশার রাসেল রাসেলের ব্যাটিং চর্চা দেখার পর একটা বিষয় স্পস্ট, তিনি রানে ফিরতে মরিয়া। ফিনিশার রাসেল বিরুদ্ধে রানে ফিরতে উদ্বর্তী।

বৈভবকে মাটিতে পা রেখে চলার পরামর্শ শেহবাগের

বেঙ্গালুরু, ২৫ এপ্রিল : বয়স মাত্র ১৪ বছর। এর মধ্যেই ব্যাট হাতে তামাম ক্রিকেট দুনিয়ার নজর কেড়েছে রাজস্থানের ব্যাটার বৈভব সূর্যবংশী।

সম্প্রতি বৈভবকে নিয়ে শেহবাগ বলেছেন, ‘বৈভব যদি ভাবে ভালো খেললে প্রশংসা পাবে এবং খারাপ খেললে সমালোচিত হবে, তাহলে ওর পা মাটিতেই থাকবে। আমি এমন অনেক ক্রিকেটারকে দেখেছি যারা একটা-দুটা ম্যাচ খেলে বিখ্যাত হয়েছে। পরের বছর বৈভবকে হয়তো আর এই প্রতিযোগিতায় দেখতেই পাওয়া যাবে না।’

শেহবাগ মনে করেন, বিরাট কোহলিকে দেখে শেখা উচিত বৈভবের। ভারতের রানমেশিনের মতো ২০ বছর আইপিএল খেলার লক্ষ্য রাখা উচিত রাজস্থান রয়্যালসের এই প্রতিভাবান ক্রিকেটারের। বলেছেন, ‘বৈভবের উচিত ২০ বছর আইপিএল খেলার লক্ষ্য নিয়ে মাঠে নামা। বিরাটকে দেখলেও অনেক কিছু শিখতে পারবে। বিরাট মাত্র ১৯ বছর বয়সে আইপিএল খেলা শুরু করে এখন ১৮টি মরশুম পার করে ফেলেছে। এই রেকর্ড ভাঙাটাই বৈভবের লক্ষ্য হওয়া উচিত। আর যদি ও স্টো না ভেবে আইপিএলে কোটি টাকা পেয়েছে তবে খুশি হয়, তাহলে পরের বছর বৈভবকে হয়তো আর এই প্রতিযোগিতায় দেখতেই পাওয়া যাবে না।’

প্রস্তুতির মাঝে চক্রবর্তী পণ্ডিতের পরামর্শ নিচ্ছেন মইন আলি। - ডি মণ্ডল

কিংসের বিরুদ্ধে হলেও আদতে খেলাটা হবে শ্রেয়স আইয়ারের বিরুদ্ধে। নাইটদের চ্যাম্পিয়ন করার পর শ্রেয়স কেকেআরেই থাকতে চেয়েছিলেন। কিন্তু বাড়তি কিছু অর্থ দাবি করেছিলেন তিনি। নাইটদের তরফে সেটা না দেওয়ার কারণেই কেকেআর ছেড়েছিলেন শ্রেয়স। হয়তো তাঁর মনের অন্দরে কোথাও নাইট নিয়ে ক্ষোভও রয়েছে। আগামীকাল সন্ধ্যার ইন্ডেনে শ্রেয়সের সেই ক্ষোভের বিস্ফোরণ কি ঘটবে?

সময় তার জবাব দেবে। কিন্তু তার আগে পাঞ্জাবের বিরুদ্ধে ম্যাচের ব্যাটিং অর্ডার নিয়ে রীতিমতো ঘেঁটে রয়েছে নাইটরা। আজ সন্ধ্যার কেকেআর অনুশীলনে রোহমান পাওয়েলকে নিয়ে বিস্তার সময় কাটিয়েছেন দলের মেট্রি ডোনেই। উইকেটকিপার ব্যাটার লুভনীথ সিসোদিয়ার লুভনীথকে হতে পারে। যদি লুভনীথ সুনীল নারায়ণের সঙ্গে ওপেন করেন, তাহলে

রহমানুজাহ গুরবাজকে বসতে হবে। নাইটদের অন্দরের ভাবনা, গুরবাজের বদলে সন্দনকানকে খেলানোর। এমন পরিবর্তনের পরও কি নাইটদের খাপস সময় কাটবে? শেষ বিকেলে সাংবাদিক সম্মেলনে হাজির হয়ে নাইটদের ইংরেজ অলরাউন্ডার মইন আলি বলে গেলেন, ‘বাকি থাকা কয়েকটি ম্যাচে সফল হলে আমাদের এখনও প্লে-অফের টিকিট পাওয়া সম্ভব। মুম্বই ইন্ডিয়ানকেই দেখুন না, শেষ কয়েকটি ম্যাচে টানা জয়ের পর ওদের ছবিটাই বদলে গিয়েছে।’



চমকে দেওয়া বৈভব সূর্যবংশীকে সতর্কবার্তা বীরেন্দ্র শেহবাগের।

সেরাটা দিতে মুখিয়ে নুনো-সাহালরা

কেরালার বিপক্ষে বোঝাপড়া গড়ে তোলাই চ্যালেঞ্জ বাগানের



সুপার কাপ খেলতে ভুবনেশ্বরের পথে সুহেল আহমদ বাট (বামে) ও দীপেন্দু বিশ্বাস।

কলকাতা, ২৫ এপ্রিল : ইস্টবেঙ্গল ও মহম্মেদান স্পোর্টিং ক্লাবের বিদায়ের পর সুপার কাপে এবার বাংলার ফুটবলের সম্মান রক্ষা করার দায়িত্ব মোহনবাগান সুপার জায়েন্টের।
নর্থইস্ট ইউনাইটেড এফসি-র বিপক্ষে বিজ্ঞাভাবে হার মহম্মেদানের। তারও আগে প্রথম ম্যাচেই কেরালা রান্সটার্সের কাছে হেরে বিদায় নিয়েছে ইস্টবেঙ্গল। সেই ডেভিড কাটালার দলের বিপক্ষেই কোয়ার্টার ফাইনালে শনিবার খেলতে নামবে মোহনবাগান। এখন বাঙালি ফুটবলের গৌরব বজায় রাখতে গেলে এই ম্যাচ জিততেই হবে বাস্তব রায়ের দলকে। কিন্তু প্রমুখ হলে, মোহনবাগান এই টফি জিততে আদৌ কি আশ্রয়? সম্ভবত তাদের অগ্রহ কম বলেই প্রথম সারির দল না নামিয়ে কিছু আইএসএল কমে খেলা ফুটবলারের সঙ্গে মূলত রিজার্ভ ফুটবলারদের নামাতে চলেছে মোহনবাগান। এমনকি দলের দায়িত্ব নেই কোচ হোসে হ্রাফিসকে মেলানোও দল নিয়ে ভুবনেশ্বরে গিয়েছিল বাস্তব ও দেগি কারভোজে। যদিও বাস্তব বললেন, 'আমার সঙ্গে সবসময়ই মেলিনার কথা হচ্ছে।' অর্থাৎ তাঁর নির্দেশ মতোই সম্ভবত পরিকল্পনা সাজাবেন বাস্তব। এদিনই দুপুরের বিমানে দল কলকাতা থেকে পৌঁছায় ভুবনেশ্বরে। প্রচণ্ড গরম আর হাতে সময় কম থাকায় আর অনুশীলন না করিয়ে ফুটবলারদের হোটেলের সাঁতার ও গিমে করানো হয়। বিকেল সাড়ে চারটে থেকে ম্যাচ। ফলে গরম নিয়ে চিন্তা থাকছেই। সঙ্গে চিন্তার কারণ কেরালার আগের ম্যাচের

পারফরমেন্স। ইস্টবেঙ্গলের বিরুদ্ধে যে দাপট দেখান নোয়া সাদাউ-জেসুস জেমিনেজেরা তাতে খুব নিশ্চিন্ত হতে পারবেন না সাহাল আবদুল সামাদ-আশিক কুরুনিয়ানরা।
প্রথম একদশে ধীরাজ সিং মেরাংথমে, দীপেন্দু বিশ্বাস, সৌরভ ভানওয়াল, দীপক টাণ্ডি, অভিষেক সুরবংশী, সাহাল, আশিকদের থাকার সম্ভাবনা। সঙ্গে বিদেশি হিসাবে হয়তো থাকবেন নুনো রিজ।
সুপার কাপে আজ
কেরালা রান্সটার্স বনাম
মোহনবাগান সুপার জায়েন্ট
স্থান : ভুবনেশ্বর, সময় : বিকাল ৪.৩০ মিনিটে
এফসি গোয়া বনাম
পাঞ্জাব এফসি
স্থান : ভুবনেশ্বর, সময় : রাত ৮টা
সম্প্রচার : স্টার স্পোর্টস ৩ ও গিওইস্টার

ওদের ফিজিক্যাল কন্ডিশন ঠিকঠাকই আছে। একটাই সমস্যা, নতুন করে টিম কন্ডিশনিনগ গড়ে তোলা। তবে তিনি মনে করছেন, 'জুনিয়রদের কাছে এই মঞ্চটা এক্সপোজার। আশা করছি নিজেদের প্রমাণ করতে ওরা উজাড় করে দেবে।' একই বক্তব্য সাহালেরও, 'জুনিয়রদের কাছে এই একটা বড় মঞ্চ। আর আমার মতো সিনিয়রদের মধ্যে যাদের মতো-আঘাত ছিল, তারাও চাইছি, নিজেদের সেরাটা দিতে। সবমিলিয়ে আশা করছি, ভালো কিছু করতে পারব।' নুনো রিজ এই প্রথম মাঠে নামার সুযোগ পাচ্ছেন সবুজ-মেরুন জার্সি গায়ে। হোটেলের পৌঁছে তিনি বলে দেন, 'লম্বা সময় অপেক্ষার পর মাঠে নামতে পারছি। আইএসএলে খেলার সুযোগ পাইনি সেটা আমার দুর্ভাগ্য। আশা করছি এখানে সেটা পূরিয়ে দিতে পারব। আর এই যে দলের সঙ্গে অনুশীলন করা সম্ভব ও খেলার সুযোগ পেতাম না, সেই সময় দিমিত্রিস (পেত্রাতোস) জেসনার (কামিস) সবসময় পাশে থেকেছে। ওদের ধন্যবাদ। সুপার কাপে ভালো কিছু করতে চাই।'
বাস্তব অবশ্য বলে দেন, তাঁরা চ্যাম্পিয়ন হলেও গরম লক্ষ্য নিয়ে আসেননি। আইএসএলের দুই দফায় হারের বদলা নেওয়ার লক্ষ্যেই নিশ্চিতভাবে শনিবার মাঠে নামবে কেরালা। নোয়াও জানিয়ে দিয়েছেন ভুল থেকে শিক্ষা নিয়েই তাঁরা মাঠে নামবেন। তবে আইএসএলের লিগ-শিশু ও কাপ চ্যাম্পিয়ন মোহনবাগানকে খাটো করে দেখার কোনও প্রসঙ্গই নেই তাঁদের।



৪ উইকেট নেওয়া হর্ষল প্যাটেলকে অভিনন্দন জানাচ্ছেন অধিনায়ক প্যাট কামিলা। চেম্বাইয়ে শুক্রবার।

হর্ষলের চারে হাসি উধাও চেম্বাইয়ের

চেম্বাই সুপার কিংস - ১৫৪ (১৯.৫ ওভারে)
সানরাইজার্স হায়দরাবাদ - ১৫৫/৫ (১৮.৪ ওভারে)

২৮/৪)। ইনিংসের এক বল বাকি থাকতে চেম্বাই ১৫৪ রানে অল আউট হয়ে যায়।
আরও একবার ঝোড়ো ব্যাটিং উপহার দিলেন ১৭ বছরের মারে। তাঁর ১৯ বলে ৩০ রানের ইনিংসে ছোট্ট হলেও কার্যকরী ছিল। শুরু দিকে একমাত্র সাকবীল ব্যাটিং পাওয়া গেল তাঁর থেকেই। প্যাট কামিলের (২১/২) বল মিদ অফের উপর

টিপকে প্রথম জয় হায়দরাবাদের

দিয়ে চালাতে গিয়ে তিনি ক্যাচ দিয়ে ফিরলেন ঈশান কিষানের হাতে। কাজে লাগেনি স্যাম কুরানকে তিন নম্বরে নামানোর স্ট্র্যাটেজিও। কুরান ১০ বলে করলেন মাত্র ৯। প্রথম ৬ ওভারেই ৩ উইকেট হারায় হর্ষল রিজওয়াল। লঙ্কে ভরসা দিতে পারেননি রবীন্দ্র জাদেজাও (১৭ বলে ২১)। একবার জীবনদান পেয়েও তিনি ইনিংস লম্বা করতে ব্যর্থ।
টপ অর্ডরের ব্যর্থতার মতো চেম্বাইয়ের হয়ে অভিষেক ঘটানো ডেওয়ান্ড ব্রেভিস নজর কাড়লেন।

দেশপ্রেম নিয়ে প্রশ্ন ওঠায় অভিমानी নীরজ

নয়াদিল্লি, ২৫ এপ্রিল : 'নীরজ চোপড়া ক্লাসিক', শুরু হচ্ছে ২৪ মে। টুর্নামেন্টে অংশ নেওয়ার জন্য পাকিস্তানের আশাদি নাদিমকে আমন্ত্রণ জানিয়েছিলেন নীরজ। এরপরই পহলগামের ঘটনা। তাতেই নীরজের দেশপ্রেম নিয়ে প্রশ্ন তুলছেন অনেকে। পড়তে হচ্ছে কটাক্ষের মুখেও।
রেহাই পায়নি তাঁর পরিবারও। গোটা ঘটনার বেশ হতাশ টেকিও অলিম্পিকে সোনাজয়ী জ্যাডলার নীরজ।

শুক্রবার সকালে দীর্ঘ এক বিবৃতিতে নীরজ লেখেন, 'আশাদি নাদিমকে এনসি ক্লাসিকে আমন্ত্রণ জানানো নিয়ে অনেক কথা হচ্ছে। বেশিরভাগই ঘৃণা আর কটুক্তি। আমার পরিবারকেও রেহাই দেওয়া হচ্ছে না। আমি চেয়েছিলাম সব সেরা অ্যাথলিটিকে ভারতে নিয়ে আসতে। পহলগাম ঘটনার আগেই সকলের কাছে আমন্ত্রণ পৌঁছে গিয়েছিল। তবে এই পরিস্থিতিতে আশাদের ভারতে আসার কোনও প্রশ্নই নেই।' পাক জ্যাডলার যদিও দুদিন আগেই জানিয়েছেন, এশিয়ান অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপের প্রস্তুতির জন্য ওই সময় দক্ষিণ কোরিয়ায় থাকবেন তিনি। ফলে ভারতে আসা হচ্ছে না।
অলিম্পিকে জোড়া পদক এনে দিয়েছেন দেশকে। সোনা জিতেছেন কমনওয়েলথ গেমসেও। এরপর ছোট-বড় একাধিক শিরোপা তাে রয়েছেই। এতকিছুর পরও দেশের প্রতি ভালোবাসা নিয়ে প্রশ্ন ওঠায় অভিমानी নীরজ। বললেন, 'আমি খুব কম কথাই মনুষ্য। তবে আমার দেশপ্রেম, পরিবারের সম্মান নিয়ে যখন কথা, তখন তাে আমি মুখ খুলবই। আমার কাছেও দেশ সবার আগে। পহলগামের ঘটনা আমিও শোকাহত, ক্ষুব্ধ।' তাঁর সংযোজন, 'এত বছর দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। তারপরও আমার দেশপ্রেম নিয়ে প্রশ্ন ওঠায় খারাপ লাগা স্বাভাবিক। ভেবে কষ্ট হচ্ছে মানুষকে এটা বোঝাতে হচ্ছে।'



আশাদি নাদিমকে এনসি ক্লাসিকে আমন্ত্রণ জানানো নিয়ে অনেক কথা হচ্ছে। বেশিরভাগই ঘৃণা আর কটুক্তি। আমার পরিবারকেও রেহাই দেওয়া হচ্ছে না। আমি চেয়েছিলাম সব সেরা অ্যাথলিটিকে ভারতে নিয়ে আসতে। পহলগাম ঘটনার আগেই সকলের কাছে আমন্ত্রণ পৌঁছে গিয়েছিল। তবে এই পরিস্থিতিতে আশাদের ভারতে আসার কোনও প্রশ্নই নেই।

নীরজ চোপড়া

ফাইনাল আজ শুরু সভাপতি কাপ কাবাডি, ভলিবল

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৫ এপ্রিল : মহকুমা পরিষদের সহযোগিতায় শিলিগুড়ি জেলা বিদ্যালয় ক্রীড়া পর্বে আয়োজিত সভাপতি কাপ কাবাডি এবং ভলিবল শুক্রবার নকশালবাড়ির বীর বিরসা মুন্ডা আদিবাসী গ্রাউন্ডে শুরু হয়েছে। ১৭ দলীয় ভলিবলে সেমিফাইনালে উঠেছে নরসিংহ বিদ্যালয়, বুড়াগঞ্জ কালকুট সিং হাইস্কুল, হাত্টিখা হাইস্কুল ও সেন্ট পিটার্স হাইস্কুল। ১৮ দলের কাবাডিতে হাত্টিখা হাইস্কুল, নরসিংহ খড়িবাই তারকনাথ সিন্দুরবালা হাইস্কুল এবং শ্যামধন জ্যোতি হাইস্কুল শেষ চার নিশ্চিত করেছে। শনিবার সেমিফাইনাল ও ফাইনাল হবে। প্রতিযোগিতার উদ্বোধন করেন অ্যাডিন্সাল এলেক্সিউজিউ অফিসার নিখিলা ঘরামি।



আইএসএল ডাবল করে নিয়ে সেরা ফেলোনে মোহনবাগান সুপার জায়েন্টের লিস্টন কোলোসো। পাত্রী দীর্ঘদিনের বান্ধবী ব্রায়ান ডি সূজা। তিনি একজন বিমানসেবিকা। স্ট্রীর সঙ্গে ছবি পোস্ট করে লিস্টন কিংছেন, 'ওতামাকে মনে ধরছে...।'

বিরাট-বাবরদের এক গ্রুপে চান না সৌরভ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৫ এপ্রিল : পহলগামের জঙ্গি হামলার রেশ এখনও কাটিয়ে উঠতে পারেনি ভারত। ঘটনার আঁচ পড়েছে দুই দেশের কূটনৈতিক সম্পর্কেও। ব্যতিক্রম নয় জাঁড়াঙ্গাও। ইতিমধ্যেই ক্রিকেটে ভারত-পাকিস্তান দ্বৈরথের বিরুদ্ধে মত রেখেছেন অনেকেই। এবার সেই দাবিতে গলা মেলালেন সৌরভ গঙ্গোপাধ্যায়।
শুক্রবার রাতে ইডেন গার্ডেন থেকে বেরোনোর সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বললেন, 'পহলগামে যে ঘটনা



ঘটেছে সেটা মমান্তিক। মৃতদের পরিবারের প্রতি আমার সমবেদনা রয়েছে। আর হ্যাঁ, ব্যক্তিগতভাবে আমি চাইব ভবিষ্যতে ভারত-পাকিস্তান যেন কোনও প্রতিযোগিতাতেই এক গ্রুপে না থাকে।' ক্রিকেটের ময়দানে ভারত-পাকিস্তান দ্বৈরথ বরাবরই বন্ধঅফিস হিট। কিন্তু দুই দেশের মধ্যে চলা জমবর্ধনকে স্বস্তির কারণে ২০১২-১৩ সালের পর থেকে বন্ধ রয়েছে দ্বিপাক্ষিক সিরিজ। অগত্যা ক্রিকেটপ্রেমীদের একমাত্র ভরসা হয় ক্যানও আইসিসি টুর্নামেন্ট কিংবা এশিয়া কাপ। যেখানে শেষ কয়েক বছরে বরাবর

পথগাশে গেইলকে টেক্সা কোহলির

সেঙ্গালুরু, ২৫ এপ্রিল : নজিরের অপর নাম বিরাট কোহলি।
নির্ভানতুন রেকর্ড গড়াটা যেন অভ্যাসে পরিণত করেন ভারতের এই রানমেশিন। বৃহস্পতিবার এম চিন্মাম্বা স্টেডিয়ামে রাজস্থানের বিরুদ্ধে ৪২ বলে ৭০ রানের ইনিংস খেললেন। সেইসঙ্গে গড়েছেন একাধিক রেকর্ড।
প্রথমে ব্যাট করে টি২০-তে সবচেয়ে বেশি অর্ধশতরান করার নজির গড়েছেন বিরাট। বৃহস্পতিবারের ম্যাচের পর প্রথমে ব্যাট করে মোট ৬২টি অর্ধশতরান রয়েছে বিরাটের তুলিতে। এই ক্ষেত্রে তিনি পিছনে ফেলেছেন পাক তারকা বাবর আজমকে। এছাড়াও এদিন ৫০-

এর বেশি রানের ইনিংস খেলার নিরিখে বিরাট টপকে গেলেন 'ইউনিভার্সাল বম' ক্রিস গেইলকে। ক্যারিবিয়ান তারকা তাঁর টি২০ কেরিয়ারের মোট ১১০ বার পঞ্চাশের বেশি রান করেছেন। আপাতত ১০২টি হাফ সেন্টুরি ও ৯টি শতরানের সুবাদে ১১১টি পঞ্চাশের বেশি রানের ইনিংস রয়েছে 'কিং কোহলি'-এর।
চলতি আইপিএলে কমলা টুপি লড়াইয়ে দ্বিতীয় স্থানে উঠে এসেছেন বিরাট। আপাতত ৩৯২ রান করেছেন তিনি। সামনে রয়েছেন কেবলমাত্র বি সাই সুদর্শন। শুক্রবারের এই ব্যাটারের সংগ্রহ ৪১৭ রান। গতবছর আইপিএলে কমলা টুপি পেয়েছিলেন বিরাট। এবারও সেই লক্ষ্যে

এগিয়েছেন তিনি।
বৃহস্পতিবার ঘরের মাঠে প্রথম জয় পাওয়ার পর বিরাট বলেছেন, 'এর আগে ঘরের মাঠে তিনটি ম্যাচে আমরা গড়পড়তা ব্যাটিং করেছিলাম।

ফাইনালে কলেজ মাঠ
গাজেল, ২৫ এপ্রিল : দেশবন্ধু ক্লাব ও লাইব্রেরির টি২০ ক্রিকেটের ফাইনালে উইল গাজেল কলেজ মাঠ ক্রিকেট কোর্চিং ক্যাম্পে সেমিফাইনালে তারা ২ উইকেটে হারিয়েছে অগ্রগামী সংঘের। টসে জিতে অগ্রগামী ১২৮ রান করে। ফিরোজ হোসেনের অবদান ২৪ রান। ম্যাচের সেরা সৌম্যদীপ গুপ্ত ও সাগর সিং তিনটি করে উইকেট নিয়েছেন। জবাবে কলেজ মাঠ ৮ উইকেটে ১২৯ রান তুলে নেয়। ভূদেব রায় ৩৩ করেন। রাজু যোষ এবং তুষার মণ্ডল ২ উইকেট পেয়েছেন। রবিবার ফাইনালে কলেজ মাঠের প্রতিপক্ষ চাচল ক্রিকেট কোর্চিং ক্যাম্প।

বিশ্ববিদ্যালয়ের ক্রিকেট শুরু

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৫ এপ্রিল : উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর স্তরের আন্তঃ বিভাগীয় ক্রিকেট শুক্রবার শুরু হয়েছে। ফর্মা ৬ উইকেটে হারিয়েছে বোটানিক। প্রথমে বোটানি ১০ ওভারে ৪ উইকেটে ৮৯ রান করে। মীর ইসলামের অবদান ৩৩ রান। জবাবে ফর্মা ৯.২ ওভারে ৪ উইকেটে ৯০ রান তুলে নেয়। সুদীপ্ত ৩৫ রান রেখে এসেছেন। মীর ইসলাম ২৪ রানে নিয়েছেন ৩ উইকেট।
নেপালি ৬ উইকেটে জিতেছে ডিএলআইএস-এর বিরুদ্ধে জয় পায়। প্রথমে ডিএলআইএস ১০ ওভারে ২ উইকেটে ৭৮ রান করে। শুভম দাস করেছেন ৫১ রান। জবাবে নেপালি ৮.৫ ওভারে ৪ উইকেটে ৭৯ রান তুলে নেয়। রাজেশ লালু ২৮ রান করেন। রোনাশ গোল্ডি ২৯ রানে নিয়েছেন ৩ উইকেট।

রাজ্য যোগাসনে শিলিগুড়ি দল

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৫ এপ্রিল : বীরভূমের বোলপুরে শুক্রবার থেকে শুরু হল স্বামী বিবেকানন্দ রাজ্য গুপ্তেন যোগাসন চ্যাম্পিয়নশিপ। প্রতিযোগিতায় অংশ নিতে বোলপুরে পৌঁছে গিয়েছে শিলিগুড়ি যোগাসন ক্রীড়া সংস্থার ১৬ জনের দল। সংস্থার সচিব দীপায়ন রায় জানিয়েছেন দলে রয়েছেন- দীপশিখা বর্মন, মাহি রায়, তাপস গঙ্গোপাধ্যায় ও দেবানী বিশ্বাস (অনুর্ধ্ব-৭ বিভাগ)। ৭-১০ বছর বয়স বিভাগে নামবে- রাজন্য দাস, সুমিত্রা দাস, রাজেশ দাস, প্রিয়ম মজুমদার। ১০-১৪ বছর বিভাগে অংশ নেবে-সুনীল দাস, সায়ন সরকার, পল্লবী সরকার, অঙ্কিতা দাস। গোপাল ঘোষ ও প্রণীতা ধাপা নামবেন ১৫-১৮ বছর বিভাগে। ১৯-২৫ বছর বিভাগে নামবেন মোহিতা গঙ্গোপাধ্যায় ও ধরনী টোগো। দলের সঙ্গে রয়েছে কোচ পাণ্ডিয়া রায় ও ম্যানেজার বিশ্বজিত রায়।

রোড রেসে সেরা সূতপা

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৫ এপ্রিল : উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর বিভাগের বার্ষিক ক্রীড়ায় পুরুষদের রোড রেসে প্রথম হয়েছেন আরোনস্টেরিং লেপাচ। দ্বিতীয় ও তৃতীয় যথাক্রমে আকাশ সঁতরা ও প্রভাকর চিকবড়াইক। অন্যদিকে মহিলাদের রোড রেসে সূতপা দাস প্রথম হয়েছেন। সুনয়না রাই দ্বিতীয় ও স্মৃতি রাই তৃতীয় স্থানে থাকেন।

জিতল ডেস্ট্রয়ার

পারভুবি, ২৫ এপ্রিল : পশ্চিম পারভুবি প্রিমিয়ার লিগে শুক্রবার টিম ডেস্ট্রয়ার ৬ রানে হারিয়েছে রয়্যাল কিংসকে। প্রথমে ডেস্ট্রয়ার ১২ ওভারে ৬ উইকেটে ১২৪ রান তোলে। স্বপ্ন সরকারের অবদান ৩২ রান। জবাবে রয়্যাল ১২ ওভারে ৮ উইকেটে ১১৮ রানে খামে। অক্ষয় বর্মন ২৫ রান করেন। অমিত দাসের শিকার ৩ উইকেট। শনিবার পরেই প্যাছারের প্রতিপক্ষ রয়্যাল কিংস।

ডিয়ার সাপ্তাহিক লটারির

১ কোটির বিজয়ী হলেন
কালিম্পং-এর এক বাসিন্দা

সাপ্তাহিক লটারির 97B 51149 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি সিক্কিম রাজ্য লটারিতে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন 'জীবনে বড়ো হয়ে ওঠার জন্য যে কোন ব্যক্তির সচেষ্টে গুরুত্বপূর্ণ বিষয় হল অর্থ। ডিয়ার লটারি সমস্ত সাধারণ মানুষকে এক কোটি টাকার প্রথম পুরস্কার জয়লাভের জন্য অনেক বড়ো একটি সুযোগ প্রদান করছে, তাই আমি আমার জাতীয় পরীক্ষা করার চেষ্টা করছি। বর্তমানে আমি একজন কোটিপতি হয়েছি ডিয়ার লটারি মাধ্যমে, তাই আমি ডিয়ার লটারি এবং সিক্কিম রাজ্য লটারিকে আন্তরিক ধন্যবাদ জানাই এমন একটি পাসওয়ার্ডের প্রতিপক্ষ রয়্যাল কিংস।